গ্রন্থাবলী-সিরিজ

বৈষ্ণব মহাজন-পদাবলী

(চতুর্থ খণ্ড)

গোবিন্দদাসের পদাবলী

গ্রন্থাবলী-সিরিজ

বৈষ্ণব মহাজন-পদাবলী

(চতুর্থ খণ্ড)

গোবিন্দদাসের পদাবলী

জীবনীসহ সমগ্র—সটীক—পরিবর্দ্ধিত সংস্করণ

সতীশচন্দ্র মুখোপাধ্যায় সম্পাদিত

MAHARAJA BIR BIKRAM COLLEGE
LIBRARY.
Agartala

কলিকাতা, ১৬৬ নং বহুবাজার ষ্ট্রীট, বসুমতী-সাহিত্য-মন্দির হইতে "বৈদ্যুতিক-রোটারী-মেসিনে" শ্রীশশিভূষণ দত্ত কর্ত্তৃক মুদ্রিত ও প্রকাশিত

মূল্য—১৲ এক টাকা

গোবিন্দদাসের জীবনী

বৈষ্ণবচূড়ামণি গোবিন্দদাস শ্রীশ্রীমহাপ্রভু চৈতন্য-দেবের পরিকর চিরঞ্জীব সেনের কনিষ্ঠ পুত্র, ইনি জাতিতে বৈদ্য ছিলেন। ইনি কাটোয়ার অন্তর্গত শ্রীখণ্ড গ্রামে জন্মগ্রহণ করেন। 'ভক্তমাল', 'ভক্তিরত্নাকর' ও 'নরোত্তম-বিলাস' নামক প্রাচীন গ্রন্থে গোবিন্দদাসের পরিচয় পাওয়া যায়। 'ভক্তমাল' গ্রন্থে গোবিন্দদাসের কনিষ্ঠ সহোদরের নাম রামচন্দ্র কবিরাজ বলিয়া পাওয়া যায়। কিন্তু 'ভক্তি-রত্নাকরে' রামচন্দ্র জ্যেষ্ঠ বলিয়া বর্ণিত হইয়াছেন। গোবিন্দদাসের মাতামহ দামোদর সেনও একজন প্রকৃত ভক্ত কবি ছিলেন। ইঁহারই কন্যা সুনন্দাকে বিবাহ করিয়া স্বগ্রাম কুমারনগর ত্যাগ করিয়া চিরঞ্জীব শ্রীখণ্ডবাসী হয়েন। এই সুনন্দা দেবীর গর্ভে রামচন্দ্র ও গোবিন্দদাস জন্মগ্রহণ করেন। জ্যেষ্ঠ রামচন্দ্র নৈয়ায়িক ছিলেন এবং গোবিন্দদাসের পূর্ব্বে বৈষ্ণবমন্ত্রে দীক্ষিত হয়েন।

গোবিন্দদাস প্রথম বয়সে শাক্ত ছিলেন, বৈষ্ণব ধর্ম্মের প্রতি তাঁহার কিছুমাত্র আস্থা ছিল না। কোন সময়ে তিনি গ্রহণীরোগে আক্রান্ত হইয়া অতিশয় কষ্ট পাইতে থাকেন, এই অবস্থায় তাঁহার মনে কৃষ্ণভক্তির উদয় হয়, সেই সময়ে তিনি জ্যেষ্ঠ রামচন্দ্রকে লিখিলেন যে, "দাদা, আমি অতিশয় কাতর হইয়াছি। আপনি আচার্য্যপ্রভুকে লইয়া আসিয়া আমাকে উদ্ধার করিবেন।" এই সময় তিনি বুধরী গ্রামে ছিলেন। পরমবৈষ্ণব রামচন্দ্র কনিষ্ঠের কথা আচার্য্য প্রভুকে নিবেদন করিলে আচার্য্যপ্রভু জাজিগ্রাম হইতে বুধরী গমন করিয়া গোবিন্দদাসকে বৈষ্ণবমন্ত্রে দীক্ষিত করিলেন। সেই সময় হইতে গোবিন্দদাস বৈষ্ণব বলিয়া পরিগণিত হইলেন।

গদাধর প্রভৃতি পরিকরগণের তিরোধান সংবাদ পাইয়া শ্রীনিবাসাচার্য্য বৈরাগ্যভরে শ্রীবৃন্দাবনে গমন করিলেন। শ্রীখণ্ডের রঘুনাথ ঠাকুরের আদেশে রামচন্দ্র আচার্য্যপ্রভুকে স্বদেশে আনয়ন করিবার জন্য বৃন্দাবনে গমন করিবার সময় গোবিন্দদাসকে কুমারনগর ত্যাগ করিয়া তেলিয়া বুধরী গ্রামে যাইতে আদেশ করিয়া যায়েন।

প্রভু শ্রীনিবাসাচার্য্য ফিরিয়া আসিয়া গোবিন্দদাসের গৃহে কিছুকাল অবস্থিতি করিয়াছিলেন। সেই সময় তিনি ভক্তিসমাহিতচিত্তে গোবিন্দদাসের মুখে পদাবলী শ্রবণ করিতেন। আচার্য্য প্রভু শ্রোতা---আর গোবিন্দদাস স্বয়ং গায়ক। সুতরাং সে ভাবাবেশ বর্ণনার ভাষা আমরা কোথায় পাইব। পাঠক, তাহা অনুমান করিয়া লইবেন। এই সময় তাঁহারই অনুরোধে গোবিন্দদাস 'গীতামৃত' রচনা করেন, এই 'গীতামৃতের' সুমধুর রচনায় পরিতুষ্ট হইয়া শ্রীনিবাসা-চার্য্য তাঁহাকে কবিরাজ উপাধিতে বিভূষিত করেন। 'ভক্তিরত্নাকর' গ্রন্থে দেখিতে পাওয়া যায়, শ্রীজীবগোস্বামী প্রভৃতি পণ্ডিতবর্গ ঐ 'গীতামৃত' শ্রবণ করিবার নিমিত্ত অত্যন্ত আগ্রহ প্রকাশ করিতেন।

রামচন্দ্র ও শ্রীনিবাসাচার্য্যপ্রভুর বৃন্দাবন হইতে প্রত্যাবর্ত্তনের পর গোবিন্দদাসের মনেও একবার শ্রীবৃন্দাবনধাম দর্শনের বাসনা বলবতী হয়। তিনি শ্রীমন্নিত্যানন্দপত্নী জাহ্নবী দেবীর সহিত বৃন্দাবনধামে গমন করেন। সেই সময় জীবগোস্বামী, গোপাল ভট্ট প্রভৃতি পণ্ডিতগণ শ্রীবৃন্দাবনে অবস্থান করিতে-ছিলেন; তাঁহারা গোবিন্দদাসকে যথেষ্ট আদর ও যত্ন করিলেন এবং তাঁহার পদাবলী শ্রবণ করিয়া হৃষ্টচিত্তে কবিরাজ উপাধি প্রদান করেন। শ্রীবৃন্দাবন দর্শনান্তে ফিরিয়া আসিলে ভক্তগণ তাঁহাকে লইয়া মহোৎসব করিয়াছিলেন এবং নরোত্তম ঠাকুরের পিতৃব্যপুত্র রাজা সন্তোষ দত্তের অনুরোধে ভক্তিমূলক নাটক 'সঙ্গীতমাধব' গ্রন্থ রচনা করেন।

'নরোত্তমবিলাস' গ্রন্থে দেখা যায় যে, গোবিন্দদাসের দিব্যসিংহ নামক এক পুত্র জন্মগ্রহণ করিয়াছিলেন এবং

তিনিও পিতার ন্যায় ভক্ত হইয়াছিলেন। তবে তিনি পিতার ন্যায় কবিত্বশক্তি পাইয়াছিলেন কি না, তাহার প্রমাণ পাওয়া যায় না।

শ্রীচৈতন্য মহাপ্রভুর গোবিন্দানন্দ চক্রবর্ত্তী নামধেয় একজন পার্ষদ ছিলেন। তিনিও গোবিন্দদাস ভণিতা দিয়া কতকগুলি পদ রচনা করিয়াছিলেন, সুতরাং তাঁহার রচিত কতক পদ যে গোবিন্দদাসের পদাবলীতে প্রবিষ্ট হইবে, ইহাতে কিছু আশ্চর্য্য নাই। গোবিন্দদাস ভণিতাযুক্ত আরও কতকগুলি পদ দেখিতে পাওয়া যায়, কিন্তু রচনার হীনতায় সেগুলি কোনও মতে গোবিন্দদাসের রচনা বলিয়া বিশ্বাস করিতে পারা যায় না। পদব্যঞ্জনার গূঢ়তা ও অলঙ্কার-প্রয়োগের জটিলতার জন্য পাঠ ও ভাবার্থ লইয়া বিদ্যাপতির পদে যেরূপ গোলযোগ, এক গোবিন্দদাস ব্যতীত আর কোনও বৈষ্ণব মহাজনদিগের পদাবলীর মধ্যে সেরূপ গোলযোগ নাই। স্থানে স্থানে অত্যন্ত অসঙ্গতি ও পুনরুক্তি দেখা যায় বটে, কিন্তু তাহা হইলেও কি ছন্দের ঝঙ্কারে, কি ভাষার লালিত্যে, কি অনুপ্রাস-শ্লেষাদিচ্ছটায়, কি বিবিধ অলঙ্কার প্রয়োগনৈপুণ্যে গোবিন্দদাস বৈষ্ণব কবিগণের শীর্ষস্থান অধিকার করিয়া আছেন বলিলেও, বোধ হয়, অত্যুক্তি হয় না। আবার এক শ্রেণীর পাঠক গোবিন্দদাসকে তুলনায় কিছু অনাদর করিয়া থাকেন, কিন্তু তাঁহারাও গোবিন্দদাসের ভাব-বৈচিত্র্যে মুগ্ধ না হইয়া থাকিতে পারেন না। সুতরাং ভাববৈচিত্র্যে যে গোবিন্দদাস অতুলনীয়, তাহা সর্ব্ববাদিসম্মত।

গোবিন্দদাসের ভক্তি যে অনন্যসাধারণ ছিল, তাহা নিম্নোদ্ধৃত পদ দেখিলেই বুঝিতে পারা যায়।

শ্রীকৃষ্ণ-চৈতন্য বলরাম নিত্যানন্দ
পারিষদ সঙ্গে অবতার।
গোলোকের প্রেম-ধন সবারে যাচিয়া দিল
না লইনু মুই দুরাচার॥
আরে পামর মন বড় শেল রহিল মরমে।
হেন সঙ্কীর্ত্তন-রসে ত্রিভুবন মাতাল
বঞ্চিত মো হেন অধমে॥ধ্রু॥

শ্রীগুরু-বৈষ্ণব-পদ কল্পতরু-ছায়া পাঞা
সব জীব তাপ পাসরিল।
মুঞি অভাগিয়া বিষ- বিষয়ে মাতিয়া রৈনু
হেন যুগে নিস্তার না হৈল॥
আগুনে পুড়িয়া মরোঁ জলে প্রবেশ করোঁ
বিষ খাঞা মর গো পাপীয়া।
এই মত কবি যদি মরণ না করে বিধি
প্রাণ রহে কি সুখ লাগিয়া॥
এ হেন গৌরাঙ্গগুণ না করিলাম শ্রবণ
হায় হায় করিয়ে হুতাশ।
হরে কৃষ্ণ মহামন্ত্র মুখ ভরি না লইলাম
জীবন্মৃত গোবিন্দদাস॥

গোবিন্দদাস যে শ্রীশ্রীচৈতন্য মহাপ্রভুকে সাক্ষাৎ ভগবান বলিয়া বিশ্বাস করিতেন, তাহার প্রমাণ উপরি-উক্ত পদেও বেশ বুঝা যায় এবং নিম্নোদ্ধৃত পদে আরও পরিস্ফুট।

হরি হরি বড় দুঃখ রহল মরমে।
গৌরাঙ্গ-কীর্ত্তন-রসে জগজন মাতল
বঞ্চিত মো হেন অধমে॥ধ্রু॥
ব্রজেন্দ্র-নন্দন যেই শচীসুত হৈল সেই
বলরাম হইল নিতাই।
দীন হীন যত ছিল হরিনামে উদ্ধারিল
তার সাক্ষী জগাই মাধাই॥
হেন প্রভুর শ্রীচরণে রতি না জন্মিল কেনে
না ভজিলাম হেন অবতার।
দারুণ বিষয়-বিষে সতত মজিয়া রৈনু
মুখে দিনু জলন্ত অঙ্গার॥
এমন দয়াল দাতা আর না পাইব কোথা
পাইয়া হেলায় হারাইনু।
গোবিন্দদাসিয়া কয় অনলে পড়িনু নয়
সহজেই আত্মঘাত হৈনু॥

সতীশচন্দ্র মুখোপাধ্যায়

গোবিন্দদাস

বন্দনা

চম্পক শোণ, কুসুম কনকাচল,
জিতব গৌরতনুলাবণী রে।
উন্নত গীম, সীম নাহি অনুভব,
জগমনোমোহন ভাঙনী রে ।।ধ্রু।।
জয় শচী-নন্দন, ত্রিভুবন-বন্দন,
কলিযুগ-কাল-ভুজগ-ভয়-খণ্ডন রে ।।ধ্রু।।
বিপুল পুলক কুল, আকুল কলেবর,
গর গর অন্তর প্রেম-ভরে।
লহু লহু হাসনী, গদ গদ ভাষণী,
কত মন্দাকিনী নয়নে ঝরে।
নিজ-রসে নাচত, নয়ন ঢুলায়ত,
গায়ত কত কত ভকতহিঁ মেলি।
যো রসে ভাসি অবশ মহীমণ্ডল।
গোবিন্দদাস তহিঁ পরশ না ভেলি ।।

বেলোয়ার।

জয় জগতারণকারণ ধাম।
আনন্দকন্দ নিত্যানন্দ নাম ।।ধ্রু।।
ডগমগ লোচন- কমল ঢুলায়ত,
সহজে অথির গতি জিতি মাতোয়ার।
ভাইয়া অভিরাম বলি ঘন ঘন ডাকই
গৌর প্রেমভরে চলই না পার ।।
গদ গদ আধ, মধুর বচনামৃত,
লহু লহু হাস-বিকশিত গণ্ড।
পাষণ্ডখণ্ডন, শ্রীভুজমণ্ডন,
কনকখচিত অবলম্বন দণ্ড ।।
কলিযুগ-কাল, ভুজঙ্গম দংশল,
দগধল স্থাবর জঙ্গম দেখি।
প্রেম-সুধারস, জগ ভরি বরিখল,
গোবিন্দদাসকে কাঁহে উপেখি ।।

গৌরী।

নন্দনন্দন, গোপীজনবল্লভ,
রাধানায়ক নাগর শ্যাম।
সো শচীনন্দন, নদীয়া-পুরন্দর,
সুরমুনিগণ-মনোমোহন ধাম ।।
জয় নিজকান্তা, কান্তি কলেবর,
জয় জয় প্রেয়সী ভাববিনোদ।
জয় ব্রজসহচরী, লোচনমঙ্গল,
নদীয়া-বধূজন-নয়ন-আমোদ ।।
জয় জয় শ্রীদাম, সুদাম সুবলার্জুন,
প্রেমপ্রবর্দ্ধন নবঘনরূপ।
জয় রামাদি সুন্দর, প্রিয় সহচর,
জয় জয় মোহন গৌর অনুপ ।।
জয় অতিবল, বলরাম প্রিয়ানুজ,
জয় জয় নিত্যানন্দ আনন্দ।
জয় জয় সজ্জন- গণ ভয়-ভঞ্জন,
গোবিন্দদাস আশ অনুবন্ধ ।।

জয় জয় শ্রীশ্রীনিবাস গুণধাম।
দীনহীন-তারণ, প্রেম-রসায়ন,
ঐছন মধুরিম নাম ।।ধ্রু।।
কাঞ্চনবরণ, হরণ তনু সুললিত,
কৌষিক বসন বিরাজে।
প্রেম নাম কহি, কহত ভাগবতে,
ঐছে বরণ তনু সাজে ।।
নিজ নিজ ভকত, পারিষদ সঙ্গতি,
প্রকটহি চরণারবিন্দ।
নিরবধি বদনে, নাম বিরাজিত,
রাধে কৃষ্ণ গোবিন্দ ।।
যুগল-ভজন গুণ- লীলা আস্বাদন,
প্রভু কল্পতরু হাতে।
তুয়া বিনে অধমে, শরণ কো দেয়ব,
গোবিন্দদাস অনাথে ।।

ভাটিয়ারি।

জয় রে জয় রে জয়, ঠাকুর নরোত্তম,
প্রেম-ভকতি-মহারাজ।
যাঁকে মন্ত্রী, অভিন্ন কলেবর,
রামচন্দ্র কবিরাজ ॥ধ্রু॥
প্রেম-মুকুট-মণি, ভূষণ ভাবাবলি,
অঙ্গহি অঙ্গ বিরাজ।
নৃপ আসন, খেতুর যাহা বৈঠত,
সঙ্গহি ভকত-সমাজ ॥
সনাতন-রূপ-কৃত, গ্রন্থ ভাগবত,
অনুদিন করত বিচার।
রাধামাধব, যুগল উজ্জ্বল রস,
পরমানন্দ সুখ সার ॥
শ্রীসংকীর্ত্তন, বিষম-রসে উনমত,
ধর্ম্মাধর্ম্ম নাহি মান।
যোগদান ব্রত, আদি ভয়ে ভাগত,
রোয়ত করম গেয়ান ॥
ভাগবত শাস্ত্রগণ, যো দেই ভকতি ধন
তাক গৌরব আপ।
সাংখ্য মীমাংসক, তর্কাদিক যত,
মলিন দেখি পরতাপ ॥
অভকত চৌর, দূরহি ভাগি রহু,
নিয়ড়ে নাহি পরকাশ।
দীন হীন জনে, দেয়ল ভকতি-ধনে,
বঞ্চিত গোবিন্দদাস ॥

সুহই।

জয় জয় যদুকুলজলনিধি চন্দ্র।
ব্রজকুল গোকুল আনন্দকন্দ ॥
জয় জয় জলধর শ্যামর অঙ্গ।
হেলন কল্পতরু ললিত ত্রিভঙ্গ ॥
সুধই সুধাময় মুরলী-বিলাস।
জগজনমোহন মধুরিম হাস ॥
অবনী বিলম্বিত বনি বনমাল।
মধুকর ঝঙ্কৃত তত্তহি রসাল ॥
তরুণ অরুণ রুচি পদ অরবিন্দ।
মধরণি নিছনি দাস গোবিন্দ ॥

শ্রীরাগ।

জয় জয় জগজনলোচন-ফান্দ।
রাধারমণ বৃন্দাবন-চাঁন্দ ॥ ধ্রু ॥
অভিনব নীল, জলদ তনু ঢল ঢল,
পিঞ্ছ মুকুট শিরে সাজনী রে।
কাঞ্চন বসন, রতনময় আভরণ,
নূপুর রণরণি বাজনী রে ॥
ইন্দীবরযুগ, সুভগ বিলোচন,
অঞ্চল চঞ্চল কুসুমশরে।
অবিচল কুল, রমণীগণ মানস,
জরজর অন্তরে মদন-ভরে ॥
বনি বনমাল, আজানুলম্বিত,
পরিমলে অলিকুল মাতি-রহু।
বিম্বাধর পর, মোহন মুরলী,
গাওত গোবিন্দদাস পহু ॥

ভূপালী।

শ্রীপদকমল-সুধারস পানে।
শ্রীবিগ্রহ গুণগণ করি গানে ॥
শ্রীমুখ বচন সুধারস সঙ্গী।
অনুভবি কত ভেল প্রেম-তরঙ্গী ॥
রে মন কাঁহে করসি অনুতাপে।
পহুক প্রতাপমন্ত্র করু জাপে ॥ ধ্রু ॥
যে কিছু বিচারি মনোরথে চড়িব।
পহুক চরণযুগ সারথি করিব ॥
রথ-বাহন করু প্রাণ-তুরঙ্গ।
আশপাশ পড়ি মোহ ভঙ্গ ॥
লীলাজলধি-তীরে চল ধাই।
প্রেমতরঙ্গে অঙ্গ অবগাই ॥
রঙ্গ তরঙ্গী সঙ্গী হরিদাসে।
রতিমণি দেই পূরব অভিলাষে ॥
সো রসজলধিমাঝে মণিগেহ।
তহি রহু গোবিন্দ সুশ্যাম দেহ ॥
সারথি লেই মিলায়ব তায়।
গোবিন্দদাস গৌরগুণ গায় ॥

শ্রীরাগ।

ধ্বজবজ্রাঙ্কুশপঙ্কজকলিতং
ব্রজবনিতা-কুচকুঙ্কুমললিতম্।

বন্দে গিরিবরধরপদকমলং
কমলাকমলাঙ্কিতমমলম্ ॥ ধ্রু ॥
মঞ্জুলমণিনূপুররমণীয়ং
অচপলকুলরমণীকমনীয়ম্।
অতিলোহিতমতিরোহিতভাষং
মধুমধুপীকৃত—গোবিন্দদাসম্ ॥

পূর্ব্বরাগ।

আজু যো পেখলু গোরী কিশোর।
ত্রিভুবন থির বিজুরি কিয়ে জোর ॥ ধ্রু ॥
ভোগী ভোগপর, কনয়া সরোরুহ,
তথি পর খঞ্জন-খেলা।
বিধুন্তুদ-ভানুক, কবলে মদন-ধনু,
দরশনে মনমথ গেলা ॥
শুক নব হেরি, বিম্বপর ধাবত,
মোতিম দেখি মন-ভঙ্গে।
শ্রবণে না শোহত, দোই রজনীকর
তারক বেঢ়ল অঙ্গে ॥
কনয় ধরাধর, কুচযুগ মন্থর,
কেশরি-পতি-গতি থোর।
রণিত মনোহর, পদযুগ-নূপুর,
গোবিন্দদাস তহি ভোর ॥

বসন্ত।

কত্ত জল-কেলি অলি সঙ্গে বালা।
হেরলু পথে যনু চান্দকি মালা ॥
অপরূপ রূপ নয়নে মঝু লাগি।
অনুখণ মাধুরী মরমহি জাগি ॥
এ সখি এ সখি মোহে হেরি রাই।
বিহসি রহলি ধনী গীম মোড়াই ॥ ধ্রু ॥
সো মুখ ঝলমল নিরমল জ্যোতি।
লোলিত নাসিক বেশর-মোতি ॥
রঙ্গিম জাদ (১) বিথারল পীঠ।
চকিতহি মঝু মন লাগল দীঠ ॥
ঐছে সুকেশিনী হাম নাহি পেখি।
চিত মূরতি হিয়ে রহলহি লেখি ॥

পদ-নখ-অঙ্গুলি যাবক-শোভা।
দশ ভাই চান্দ অরুণ বহু লোভা ॥
সো পদকমল হৃদয় করি লেব।
গোবিন্দদাস যব অনুমতি দেব ॥

বরাড়ী।

(শ্রীকৃষ্ণের প্রতি)

শুনইতে চমকই গৃহপতি রাব।
তুয়া মঞ্জরী রবে উনমতি ধাব ॥
নাহ না চিহ্নই কাল কি গোর।
জলদ নেহারি নয়নে ঝরু লোর ॥
কাহাঁ তুহু গোরী আরাধলি কান।
জানলু রাই তোহে মন মান ॥
স্বামীক শয়নমন্দিরে নাহি উঠই।
একলি গহন কুঞ্জ মাহা লুঠই ॥
পতিকর-পরশে মানয়ে জঞ্জাল।
বিজনে আলিঙ্গই তরুণ তমাল ॥
মুরলী নিশান শ্রবণ ভরি পিবই।
গুরুজন বচন নাহি শুনই ॥
ঐছন মরম যতহু অভিলাষ।
কতহু নিবেদিব গোবিন্দদাস ॥

তুড়ি।

সজল জলদ, অঙ্গ মনোহর,
ছটায়ে চাহিল নহে।
ঈষত হাসিয়া, মনের আকুতি,
অরুণ নয়ানে কহে ॥
আজু কি পেখলু, বিনোদ নাগর,
কেলি-কদম্বের তলে।
রূপ নিরখিতে, আঁখির লাজ,
ভাসিল আনন্দ-জলে ॥
বৌল-মাল দিয়া, কুন্তল টানিয়া,
ময়ূর-পুচ্ছের ছান্দে।
রঙ্গিণী-লোচন, খঞ্জন বান্ধিতে,
পাতিল বিষম ফান্দে ॥
মকর-কুণ্ডল, সঙ্গে দোলয়,
গণ্ড দরপণ-ভানে।
ভালে সে মদন, তাহে বিম্বিত,
গোবিন্দদাস অনুমানে ॥

---

(১) বেণীর অগ্রভাগে ঝুলাইবার থোপা।

সিন্ধুড়া।

মত্ত-ময়ূর-শিখণ্ডক-মণ্ডিত,
চূড়ায়ে মালতী-মাল।
পরিমলে মাতি পাঁতি মত মধুকর,
গুঞ্জরে তাহি রসাল॥
সজনি পেখলুঁ বরঙ্গ-কিশোর।
পিবইতে বদন-সুধাকর-মাধুরী,
মাতল নয়ন-চকোর॥ ধ্রু॥
নীল জলদ তনু ভাঙু মদন ধনু,
নয়ন-কমল পাঁচ বাণে।
জরজর অন্তর কুলবতী-গৌরব
সংশয় রহল পরাণে॥
মদন-মকর মনু মণিময় কুণ্ডল,
টলমল দোলত কানে।
হেরইতে জগ-মন-মীন গরাসয়ে,
গোবিন্দদাস পরমাণে॥

বরাড়ী।

মধুর মধুর তুয়া রূপ।
জগজনলোচন অমিয়া স্বরূপ॥ ধ্রু॥
রূপ চাহি গুণ নহে ঊন।
সো তনু তেজবি কাহে মহী করি শুন॥
সুন্দরি মোহে না কর আন ছন্দ।
হামি বলি যাঙ তুয়া মুখচন্দ॥
তবহুঁ সফল দিন মোর।
রাই লিউ অব যব কানুক কোর॥
হাম পৈঠব কালিন্দী-বারি।
তবহু পূরব মনোরথ তোরি॥
যতন করব হাম সোই।
কানু যৈছে তুয়া বশ হোই॥
গোবিন্দদাস ভালে জান।
কানুক জ্বলত পরাণ॥

নবোঢ়া।

পহিলহি রাধামাধব মেলি।
পরিচয় দুলহ দূরে রহু কেলি॥
অনুনয় করইতে অবনতবয়নী।
চকিত বিলোকনে নখে লিখু ধরণী॥
অঞ্চল পরশিতে চঞ্চল কান।
রাই করল পদ আধ পয়াণ॥
বিদগধ মাধব অনুভব জানি।
রাইক চরণে পসারল পাণি॥
করে কর বারইতে উপজল প্রেম।
দারিদ ঘট ভরি পাওল হেম॥
হাসি দরশি মুখ অগোরলি গোরী।
দেই রতন পুন লেয়ল চোরি॥
ঐছন নিরুপম পহিল বিলাস।
আনন্দে হেরত গোবিন্দদাস॥

ভূপালী।

সুরত-পিয়াসে ধরল পহু পাণি।
করে কর বারই তরল-নয়ানী॥
হঠপরিরম্ভণে পরশিত গাত।
নহি নহি বলি ঢুলায়ত মাথ॥
অভিনব মদন তরঙ্গিণী রাই।
শ্যাম মতঙ্গ রঙ্গ অবগাই॥ ধ্রু॥
চুম্বনে সঙ্কোচ লোচন তার।
পিবইতে অধর রচই শীৎকার॥
নখর পরশে ধনী চমকই বোরি।
দংশইতে চমকি উঠয়ে তনু মোরি॥
কহইতে কহ গদগদ পদ আধ।
আন মনে মনসিজ উনমাদ॥
তৈখনে বোখত রহি পরসাদ।
গোবিন্দদাস কহ রস-মরিযাদ॥

গান্ধার।

কালিয়দমন দীননাহ।
কালিন্দী-কূল কদম্বক ছাহ॥ ধ্রু॥
কত কত ব্রজ নব বালা।
পেখলুঁ জনু থির বিজুরীক মালা॥
তোহে কহো সুবল সাঙ্গাতি।
তবধরি হাম না জানি দিবা রাতি॥
তহিঁ ধনি মণি দুই চারি।
তহি মনোমোহিনী এক নারী॥
সো রহু মঝু মনে পৈঠি।
মনসিজ ধূমে ঘুম নাহিঁ দিঠি॥

অনুখণ তহিত সমাধি।
কো জানে কৈছন বিরহ বিয়াধি॥
দিনে দিনে ক্ষীণ ভেল দেহা।
গোবিন্দদাস কহ ঐছে নবলেহা॥

সুহই।

রতন-মন্দির মাহা, বৈঠল সুন্দরী,
সখী লয়ে পরচায়।
হসইতে খসয়ে, কত যে মণি মোতির।
দশন কিরণ অবছায়॥
শুন সজনি কহইতে না রহে লাজ।
সো বরনারী, হামারি মন বারণ,
বান্ধল কুচগিরিমাঝ॥ ধ্রু॥
মঝু মুখ হেরি, ভরম-ভনে সুন্দরী,
ঝাঁপই ঝাঁপল দেহা।
কুটিল কটাক্ষ- বিশিখে তনু জরজর,
জীবনে না বান্ধই থেহা॥
করে কর জোরি, মোরি তনু সুন্দরী,
মোহে হেরি সখী করু কোর।
গোবিন্দদাস ভণ, তেঁই নন্দনন্দন,
দোলত মদন-হিলোর॥

বরাড়ী।

কতয়ে কলাবতী যুবতী সুমূরতি
নিবসতি গোকুল-মাহ।
হরি উপহাসি রভসবসে কাহুক
কুটিল নয়নে নাহি চাহ॥
সুন্দরী অতয়ে করিয়ে অনুমান।
শুভক্ষণে স্বামী, ধরত তুহুঁ ছোড়লি
নারী-বরত নিজ কান॥ ধ্রু॥
তুয়া নিজ নাম গান ঘন গাবই
সো এক আখর রঙ্গ।
শুনইতে বাতি রতন রতি রাতুল
চমকই তোহারি আতঙ্ক॥
তুয়া গুণ-গান- ঘন কত গাবই
আর কত মুরলী নিশান।
সহচরী-কোরে, ভোরি তোহেঁ ডাকই
গোবিন্দদাস পরমাণ॥

শ্রীরাগ।

নীরদ নয়ানে নব ঘন সিঞ্চনে
পূরল মুকুল অবলম্ব।
স্বেদ মকরন্দ বিন্দু-বিন্দু চুয়ত
বিকসিত ভাব-কদম্ব॥
কি পেখলু নটবর গৌরকিশোর।
অভিনব হেম কলপতরু সঞ্চরু
সুরধুনী-তীরে উজোর॥ ধ্রু॥
চঞ্চল-চরণ কমলতলে ঝঙ্করু
ভকত ভ্রমরগণ ভোর।
পরিমল লুবধ সুরাসুর ধাবই
অহনিশি রহত অগোর॥
অবিরত প্রেম রতন-ফলবিতরণে
অখিল মনোরথ পূর।
তাকর চরণে দীন হীন বঞ্চিত
গোবিন্দদাস রহু দূর॥

বরাড়ী।

নিশসি নিহারসি ফুটল কদম্ব।
করতলে বদন সঘন অবলম্ব॥
ক্ষণে তনু মোড়সি করি কত ভঙ্গ।
অবিরল পুলক মুকুল ভরু অঙ্গ॥
এ ধনি মোহে না করু অরু ছন্দ।
জানল ভেটলি শ্যামর চন্দ॥ ধ্রু॥
ভাব কি গোপসি গোপত না রহই।
মরমক বেদন বদনে সব কহই॥
যতনে নিবারসি নয়নক লোর।
গদগদ শবদে কহসি আধ বোল॥
আন ছলে অঙ্গ নয়ান ছলে পন্থ।
সঘনে গতাগতি করসি একান্ত॥
দূরে রহু গুরুজন-গৌরব লাজ।
গোবিন্দদাস কহ পড়ল অকাজ॥

গান্ধার।

চল চল সজল জলদ তনু শোভন
মোহন চরণ-সাজ।
অরুণ নয়ন গতি বিজুরী চমক জিতি
দগধল কুলবতী-লাজ॥

সজনি যাইতে পেখলু কান।
তবধরি জগভরি ভরল কুসুম-শর
নয়নে না হেরিয়ে আন॥ ।ধ্রু॥
মঝু মুখ দরশি বিহসি তনু মোড়ই
বিগলিত মোহন বংশ।
না জানিয়ে কোন মনোরথ আকুল
কিশলয়-দলে করু দংশ॥
অতয়ে সে মঝু মন জলতহি অনুখণ
দোলত চপল পরাণ।
গোবিন্দদাস মিছাই আশোয়াস
তবহু না মিলল কান॥

ধানশী।

চূড়ক-চূড় ময়ূর শিখণ্ডক
মণ্ডিত মালতীমালে।
সৌরভে উনমত ভ্রমরা-ভ্রমরী কত
চৌদিকে করত ঝঙ্কারে॥
সজনি কো কহে কাম অনঙ্গ।
কেলি কদম্বতলে সো রতি-নায়ক
পেখলু নটবরভঙ্গ॥ ধ্রু॥
কতহু বিষম শর নয়ন তূণ ভর
সঞ্চরু ভাঙ কামানে।
নাগরী নারী মরম-মাহা হানই
লেখই না পারই আনে॥
শ্রুতিমূলে চঞ্চল মণিময় কুণ্ডল
দোলত মকর আকার।
গোবিন্দদাস অতয়ে অনুমানল
মদনমোহন অবতার॥

শ্রীরাগ।

মরকত দরপণ বরণ উজোর।
হেরইতে প্রতি অঙ্গ অনঙ্গ আগোর॥
না বুঝল কি কহল অরুণ নয়ানে।
হানত অতয়ে কুসুম-শর বাণে॥
এ সখি কাহে ভেটল নন্দনন্দন।
মলয় গহন দহন ভেল চন্দন॥
তৈখনে দক্ষিণ পবন ভেল বাম।
সহই না পারিয়ে হিমকর নাম॥
সাজহ শেজ কমলদল পাতি।
কুলবতী যুবতী লেউ নিজ শাতি॥
তাহি রহল মন লোচন লাগি।
ধৈরয লাজ গেল দুহু ভাগি॥
কি ফল একল বিকল পরাণ।
গোবিন্দদাস কহ মিলব কান॥

বালা-ধানশী।

হেরইতে হেরি না হেরি।
পুছইতে কহই না কহ পুন বেরি॥
চতুর সখী সঞে বসই।
রস পরিহাস হসই না হসই॥
পেখলু ব্রজ-নবনারী।
তরুণিব শৈশব লখই না পারি॥
হৃদয় নয়ন গতি রীতে।
সোঁপিয়ে আন নহত পরতীতে॥
ঐছন হেরইতে গোরী।
হঠ সঞে পৈঠল মন মাহা মোরি॥
তবহিঁ কুসুমশর জোরি।
ছুটল বাণ ফুটল হিয়ে মোরি॥
গোবিন্দদাস চিতে জাগ।
চাঁদকি লাগি সুরয উপরাগ॥

বালা-ধানশী।

যাঁহা যাঁহা নিকসয়ে তনু-তনু-জ্যোতি।
তাঁহা তাঁহা বিজুরী চমকময় হোতি॥
যাঁহা যাঁহা অরুণ চরণ-যুগ চলই।
তাঁহা তাঁহা থলকমলদল খলই॥
দেখ সখি কো ধনী সহচরী মেলি।
হামারি জীবন সঞে করতহি খেলি॥
যাঁহা যাঁহা ভঙ্গুর ভাঙ বিলোল।
তাঁহা তাঁহা উছলই কালিন্দী-হিলোল॥
যাঁহা যাঁহা তরল বিলোচন পড়ই।
তাঁহা তাঁহা নীল উৎপলবন ভরই॥
যাঁহা যাঁহা হেরিয়ে মধুরিম হাস।
তাঁহা তাঁহা কুন্দ কুমুদ পরকাশ॥
গোবিন্দদাস কহে মুগধল কান।
চিহ্নই রাই চিহ্নই নাহি জান॥

কেদার।

অভিনব গোরী বসতি পতিগেহ।
ঘন সঞে করষয়ে নবীন স্নেহ॥
নিবসয়ে নবপতি পতিভয় লাজ।
দোতিক পৈঠয়ে এহেন অকাজ॥
কি কহব রে সখি কহই না জান।
পহিল সমাগম বাধা কান॥ ধ্রু॥
যব ধনী যতনে কান্ত সঞে ভেট।
অবনত নয়ানে বয়ান করু হেঁট॥
যব দুহু সোঁপল করে কর আপি।
সাধসে ধবল দুহুক তনু কাঁপি॥
যব দুহু পায়ল মদন-শয়ান।
না জানিয়ে কৈছে করল পাঁচবাণ॥
গোবিন্দদাস কহ তুহু সে সেয়ানী।
হরি-করে সোঁপিল হরিণী-নয়ানী॥

ধানশী।

সুন্দরি তুহু বড়ি হৃদয় পাষাণ।
তুয়া লাগি মদন- শরানলে পীড়িত
জীবইতে সংশয় কান॥ ধ্রু॥
বৈঠলি তরুতলে পন্থ নেহারই
নয়ানে গলয়ে ঘন লোর।
"রাই" "রাই" করি সঘনে জপয়ে হরি
তুয়া ভাবে তরু দেয় কোর॥
শীতল নলিনীদল তাহে মলয়ানিল
আগোরে লেপই অঙ্গ।
চমকি চমকি হরি উঠত কত বেরি
হানত মদন-তরঙ্গ॥
চলহ বিপিনে ধনি রমণী-শিরোমণি
ঝাট করি ভেটহ কান।
গোবিন্দদাসের বাণী তুরিতে চলহ ধনি
কানু ভেল বহুত নিদান॥

কামোদ।

গৌরবরণ তনু শোহন মোহন
সুন্দর মধুর সুঠাম।
অনুপম অরুণ কিরণ জিনি অম্বর
সুন্দর চারু বয়ান॥

পেখনু গৌরাঙ্গচন্দ্র বিভোর।
কলি-যুগ-কলুষ- তিমির-নাশক
নবদ্বীপ-চাঁদ উজোর॥ ধ্রু॥
ভাবহি ভোর ঘোর দুহু লোচন
মোচন ভব-নদবন্ধ।
নব নব প্রেমভর বর তনু সুন্দর
উয়ল ভকত-জন সঙ্গ॥
লহু লহু হাস ভাব মৃদু বোলত
শোহত গতি অতি মন্দ।
দীনজনে নিজ বীজ দেই সব তারব
বঞ্চিত দাস গোবিন্দ॥

শ্রীরাগ।

শচীর কোঙর গৌরাঙ্গ সুন্দর
দেখিনু আঁখির কোণে।
অলখিতে চিত হরিয়া লইল
অরুণ নয়ানবাণে॥
সই মরম কহিনু তোরে।
এতেক দিবসে নদীয়া নগরে,
নাগরী না রবে ঘরে॥ ধ্রু॥
রমণী দেখিয়া হাঁসিয়া হাসিয়া
রসময় কথা কয়।
ভাবিয়া চিন্তিয়া মনে দঢ়াইনু
পরাণ রহিবার নয়॥
কোন্ পুণ্যবতী যুবতী ইহার
বুঝয়ে রসবিলাস।
তাহার চরণে হৃদয় ধরিয়া
কহয়ে গোবিন্দদাস॥

শ্রীরাগ।

চিকণ কালা গলায় মালা
বাজয়ে নূপুর পায়।
চূড়ার ফুলে ভ্রমর বুলে
তেরছ নয়নে চায়॥
কালিন্দীকূলে কি পেখনু সই
ছলিয়া নাগর কান।
ঘর মু যাইতে নারিনু সই
আকুল করিল প্রাণ॥

চাঁদ ঝলমলি ময়ূরের পাখা
চূড়ায় উড়য়ে বায়।
ঈষৎ হাসিয়া মধুর বাঁশরী
মধুর মধুর গায়॥
রসের ভরে অঙ্গ না ধরে
কেলি-কদম্বের হেলা।
কুলবতী সতী যুবতী জনার
পরাণ লইয়া খেলা॥
শ্রবণে চঞ্চল মকর কুণ্ডল
পিন্ধন পিঙল বাস।
রাঙ্গা উৎপল চরণযুগল
নিছনি গোবিন্দদাস॥

শ্রীরাগ।

ঢল ঢল কাঁচা অঙ্গের লাবণী
অবনী বহিয়া যায়।
ঈষৎ হাসির তরঙ্গ-হিলোলে
মদন মূরছা পায়॥
কিবা সে নাগর কি খেনে দেখিনু
ধৈরয রহল দূরে।
নিরবধি মোর চিত বেয়াকুল
কেন বা সদাই ঝুরে॥
হাসিয়া হাসিয়া অঙ্গ দোলাইয়া
নাচিয়া নাচিয়া যায়।
নয়ান কটাক্ষে বিষম বিশিখে
পরাণ বিন্ধিতে ধায়॥
মালতী ফুলের মালাটি গলে
হিয়ার মাঝারে দোলে।
উড়িয়া পড়িয়া মাতল ভ্রমর
ঘুরিয়া ঘুরিয়া বুলে॥
কপালে চন্দন ফোঁটার ছটা
লাগিল হিয়ার মাঝে।
না জানি কি ব্যাধি মরমে বাধল
না কহি লোকের লাজে॥
এমন কঠিন নারীর পরাণ
বাহির নাহিক হয়।
না জানি কি জানি হয়ে পরিণাম
দাস গোবিন্দে কয়॥

শ্রীকৃষ্ণের দশ দশা

সুহই।

চম্পকদাম হেরি, চিত অতি কম্পিত
লোচনে বহে অনুরাগ।
তুয়া রূপ অন্তর জাগয়ে নিরন্তর
ধনি ধনি তোহারি সোহাগ॥
বৃষভানুনন্দিনী, জাগয়ে রাতি দিনি
ভরমে না বোলয়ে আন।
লাখ লাখ ধনী বোলয়ে মধুর বাণী
স্বপনে না পাতয়ে কান॥
"রা" কহি "ধা" পহু কহই না পারই
ধারা ধরি বহে লোর।
সোই পুরুখমণি, লোটায় ধরণী পুনি
কো কহ আরতি ওর॥
গোবিন্দদাস তুয়া চরণে নিবেদল
কানুক ঐছে সম্বাদ।
নিচয়ে জানহ, তছু দুঃখ খণ্ডক,
কেবল তুয়া পরসাদ॥

আড়ানা।

কাঞ্চন যূথী কুসুম লই গোরি।
নিরমই মূরতি যতন করি তোরি॥
তুয়া অনুভাবে আলিঙ্গই তায়।
সো তনু তাপে ভসম ভই যায়॥
শুন শুন ও বৃষভানু-কুমারি।
তুয়া বিরহানলে জলত মুরারি॥
ঝামর নীল-উৎপল-দল অঙ্গ।
লোরে না হেরয়ে নয়ন-তরঙ্গ॥
বিগতি মুরলী ফুরলি বহু দূর।
অনুখণ মদন দহন পরিপূর॥
বিছুরল পিঞ্ছ মুকুট পরিপাটি।
সহচরে মেলি মরত জীউ কাটি॥
জীউ রহত অব তুয়া রস আশে।
তোহারি চরণে কহে গোবিন্দদাসে॥

সুহই।

গহন বিরহক লাগি।
রজনী পোহায়ই জাগি॥

করতহি তোহারি ধেয়ান।
তো বিনে আকুল কান॥
শীতল পীত নিচোল।
তোহারি ভরমে করু কোল॥
সো রস পরশ না পাই।
মুরছিত ধরণী লোটাই॥
মদমহা মদন-তরঙ্গ।
ঘন ঘন মোড়ই অঙ্গ॥
কহতহি গদ গদ ভাষ।
না বুঝল গোবিন্দদাস॥

আড়ানা।

মুদিত নয়নে হিয়া ভুজযুগ চাপি।
শুতি রহল হরি কছু না আলাপি॥
পরসঙ্গে কহলহি নামহি তোরি।
তবহি মেলিয়া আঁখি চাহে মুখ মোরি॥
সুন্দরী ইথে নাহি কহ আন ছন্দ।
তাহে অনুরত ভেল শ্যামর চন্দ॥
যোই নয়ান-ভঙ্গী না সহে অনঙ্গ।
সোই নয়নে সুরে লোর-তরঙ্গ॥
যোই অধরে সদা মধুরিম হাস।
সোই নীরস ভেল দীর্ঘ নিশ্বাস॥
বিদ্যাপতি কহ মিছু নহ ভাতি।
গোবিন্দদাস বহু তহি কৃত সাখি॥

ধানশী।

না করি শিরে দেও হাত।
অন্তর জরজর, দ্বিগুণ উতাপই,
শুনইতে কানুক বাত॥ধ্রু॥
থহিলে নয়ন মন, দুহুক গমন ধনী,
তেসর চিত পরাণ।

* * * *

পিরীতি পরম, দারুণ অব জানলু,
পরশিতে বিঘটিল অঙ্গ।
ও তিন আখর, মনে যদি রাখসি,
স্বপনে করসি যদি সঙ্গ॥
বিরহ-বিথানলে, জলত কলেবর,
সঘনে লুঠই মহী-পঙ্ক।
তুহু রমণী-মণি, তোহে চড়য়ে ধনি,
কানু-বধ বিপুল কলঙ্ক॥
সব সখী মেলি, কতহু আশোয়াসলি,
বেদন কোই না জান।
গোবিন্দদাস কহ, তুহারি পরশ পণ,
নহে কৈছে রহত পরাণ॥

ধানশী।

নন্দ-নন্দন, রাজ-ভূষণ,
নয়ন সুখময় শেজ।
কি খনে তুয় সনে, লেহ কয়ল হে,
সে সব দূরহি তেজ॥
শুন বৃখভানু-নন্দিনী রাই।
অবলা-মণ্ডলে, কিরীতি রাখলি,
ভাল মতি সে বিথাই॥ ধ্রু॥
যে তুহু তাকর, বিরস আনত,
হেরি মুরছিত ভেল।
কৈছে পাসরি, বচন ঐছন,
নিদয় অন্তর-শেল॥
তুহারি নাগর, ধূলি-ধূসর,
সে নাহি লাগয়ে তোয়।
বাম করতলে, বদন লম্বিত,
ধরণী লিখি লিখি রোয়॥
যে জন দুহু জন- বেদন নাহি জানে,
তাকর অন্তর জান।
রায় রামচন্দ্র, বচন মানহ,
দাস গোবিন্দ ভাণ॥

কেদার।

ধরি সখি আঁচর তই উপচঙ্ক।
বৈঠি না বৈঠয়ে হরি পরিযঙ্ক॥
চলইতে আলি চলই পুন চাহ।
রস অভিলাষে আগোরল নাহ॥
লুবধ মাধব মুগধিনী নারী।
ও অতি বিদগধ এ অতি কোঙারী॥
পরশিতে তরসি করহি কর ঠেলই।
হেরইতে বদন নয়নজল খলই॥
হঠ পরিরম্ভণে থরহরি কাঁপি।
চুম্বনে বদন পটাঞ্চলে ঝাঁপি॥

শুতলি ভীত পুতলী সম গোরী।
চিত নলিনী অলি রহই আগোরি॥
গোবিন্দদাস কহই পরিণাম।
রূপকে কূপে মগন ভেল কান॥

তথা।

সৌরভে আগরি, রাই সুনাগরী,
কনকলতা সম সাজ।
হরি চন্দন বলি, কোরে আগোরল,
কুঞ্জে ভুজঙ্গরাজ॥
অব কিয়ে করব উপায়।
কাল-ভুজঙ্গ কোরে, ছোড়ি মুগধ সখী,
যুগমন যুকতি না যায়॥ ধ্রু॥
চন্দ্রক চারু, কণাগণ মণ্ডিত,
বিষমারুণ দীঠ।
রাইক অধর, লুবধ অনুমানিয়ে,
দশনক দংশন মীঠ॥
এক সন্দেহ, শাতকে ভীতহি,
পুলকিনী কাঁপই রাই।
গোবিন্দদাস কহ, মেলি সবহু সখী,
বঝাই সব অবগাই॥

সুহই।

সহজে অনঙ্গ, ভুজঙ্গমে দংশল,
মঝু মন মলয় সমীরে।
তুয়া শীতল দিঠি, কমলে জুড়ায়ত,
কাজর গরল সখি রে॥
হরি হরি তোহে কি দেখিব বাধে।
যাঁহা যাঁহা জীবইতে, ধায়ে তপত-জন,
তাঁহা তাঁহা বিহি করু বাজে॥ ধ্রু॥
ভাগে পড়ল কুচ, তুহিন ধরাধরে,
মুরুছত তেঁ পুন জীব।
তাহা পয়ে উজোর, হার-ভুজঙ্গবর,
বেণী-ভুজঙ্গিনী পিব॥
অধর-সুধা-কণ, শ্বাস সমীরণ,
দশন-কিরণ মণিরাজ।
জীবন রাখইতে, মণি-মন্ত্র মহৌষধি,
গোবিন্দদাস কহ কাজ॥

ধানশী।

তুয়া মুখ-চন্দ কোটি জিনি শোভির,
শোভিত কানু-চকোর।
ও মুখ-কমলে চপল মন বুড়ল,
তাহে কি ভ্রমর অলি ভোর॥
সুন্দরী উপেখবি দারুণ লাজ।
মনমথ-মন্ত্র পঢ়াযবি নিরজনে,
ইথে বিহি মিলাযল কাজ॥ ধ্রু॥
গিরিবর-তুঙ্গ-রঙ্গে তুহু অভিসর,
মদন-গেহ দরশাব।
যাঁহা মনময়-ধর রহত নিরন্তর,
মলয়ানিল-গণ ধাব॥
বদনক চীর থির কর সুন্দরি,
হৃদি উদ্‌ঘাটহ বাণ।
দুহুক হৃদয় অব এক করি জোড়,
গোবিন্দদাস পরমাণ॥

শ্রীমতীর দশ দশা

কড়খা।

তুয়া অপরূপ, রূপ দেখি দূরসঞে
লোচন মন দুহু ধাব।
পরশক লাগি, জাগি তনু অন্তর,
জীবন রহ কিয়ে যাব॥
মাধব তোহে কি কহব করি ভঙ্গী।
প্রেম আগেয়ান, দহনে ধনি-পৈঠলি,
জনু তনু দহত পতঙ্গী॥ ধ্রু॥
কহত সম্বাদ, কহই না পারই,
কৈছে বিশোয়াসব বালা।
অনুখণ ধরণী, শয়নে কত মেটব,
সুতনু অতনুশর জ্বালা॥
কালিন্দী-কূল, কদম্ব-কানন,
নামে নয়ানে ঝরু বারি।
গোবিন্দদাস, কহই অব মাধব,
কৈছে জীবে বরনারী॥

বরাড়ী।

মাধব ধৈরয না কর গমনে।
তোহারি বিরহে ধনী, অন্তর জরজর,
মানস মিলন শমনে॥ ধ্রু॥
ধূলি-ধূসর ধনী, ধৈরয না ধর,
ধরণী শুতল ভরমে।
মুকত কবরীভার, হার তেয়াগল,
তাপিত ভথিত পরাণে॥
বিগলিত অম্বর, সম্বর নাহে ধনী,
সুরসুতা স্রবে নয়ানে।
কমলজ কমলেই, কমলজ ঝাঁপল,
সোই নয়ন বর বয়ানে॥
মা বোলই ধনী, ধরণীতলে মুরছনি,
প্রাণ প্রবোধ না মানে।
কহই চতুরা ধনী, আর কিয়ে হোয় জানি,
গোবিন্দদাস পরমাণে॥

ধানশী।

কাঞ্চন গোরী, ভেরী বৃন্দাবনে,
খেলই সহচরী মেলি।
তুয়া দিঠি মিঠি, গরলে তনু জারল,
তৈখনে শ্যামরী ভেলি॥
মাধব সো অবিচার কুলরামা।
মরমহি গোই, রোই দিন-যামিনী,
গুণি গুণি তুয়া গুণগামা॥ ধ্রু॥
গুরুজন অবুধ, মুগধমতি পরিজন,
অলখিত বিষম বেয়াধি।
কি করব ধনী মণি, মন্ত্র মহৌষধ,
লোচনে লাগল সমাধি॥
খণে খণে অঙ্গ, ভঙ্গ তনু মোড়ই,
কহত ভরমময় বাণী।
শ্যামর নামে, চমকি তনু ঝাঁপই,
গোবিন্দদাস কিয়ে জানি॥

সুহই।

নয়নক কোণে না হেরি নিজ নাহ।
জলধর হেরি সজল-দিঠি চাহ॥
না উঠই স্বামি-শয়ন-পরিষঙ্ক।
বিলুঠই লোরে নয়ন মহী পঙ্ক॥

মাধব তুয়া প্রেম কহন না যায়।
অবিরল কুলবতী তুয়া গুণ গায়॥ ধ্রু॥
গৃহপতি-নাম শুনি চমকিত গাত।
তুয়া গুণ-গান শুনি শ্রুতি হংগাত॥
গুরুজন-বচন শ্রবণে নহি শুনই।
বংশী-নিশান অমিয় সম মানই॥
তুয়া ভানে শ্যামর সখি বক্ষ কোর।
নিশি দিশি না তেজই নীলনিচোল॥
কত কত ঐছন মন-অভিলাষ।
কত এ নিবেদল গোবিন্দদাস॥

কামোদ।

পাপ চকোর চন্দ বলি ধাবই,
মধুকর কমলিনী-ভানে।
আঁচরে ঝাঁপি বদন তেজি পুছও,
তোহে পর-পুরুখক ঠানে॥
মাধব মঝু মনে এ বড়ি সন্দেহ।
কি ফল জগ-মন, মনমথ বিন্ধয়ে,
কাঁহা পুন তাকর গেহ॥ ধ্রু॥
বিন্ধয়ে যছু মন, কি করয়ে সো পুন,
কৈছে কুসুম-শর জ্বালা।
কৈছে জুড়ায়ত, একহি ন জানিয়ে,
যদি কহ মুগুধিনী বালা॥
সহচরী মেলি, হাসি মুখ মোড়ই,
উত্তর না দেওই কোই।
গোবিন্দদাস, মোহে উপদেশল,
অতয়ে পুছউ তোই॥

বরাড়ী।

কাহা কুমুদিনী কাঁহা, উয়ল হিমকর,
কাঁহা কমলিনী কাঁহা সুর।
বাট ঘটিত কর, পরশন দরশন,
পরিবাদহি জগ পুর॥
মাধব দেখ তুহু শ্যামর মেহ।
দূরসঞে গরজি, গরজি দরশায়ত,
ঐছন মোর সিনেহ॥ ধ্রু॥
জগ মাহ ভ্রমর, পিরীতি বহু মানিয়ে,
যো পদ্মিনী-রসে ভোর।

বন কণ্টকময়, কেতকী-মধু পিবি,
ফিরি ফিরি বহত অগোর ॥
বিদগধ-আগে, মুগুধ কুলকামিনী,
বচন-বচন নহি জান।
গোবিন্দদাস কহ, ধনি বিরমহ যনি,
আন কহত হয়ে আন ॥

ধানশী।

কান-কথা শুনি গদগদ ভাষ।
মিলতি সহচরী রাইক পাশ ॥
কহতহি সহচরী শুন বর গোর।
তুয়া লাগি হাসত নন্দকিশোর ॥
তুয়া রূপ নিরখই তরু দেই কোর।
হেরইতে গরতহি লোচন-লোর ॥
যব নহি সুন্দরি করবি পয়াণ।
তব জীউ তেজব নাগর কান ॥
সহই না পারই মদন-হুতাশ।
চামর ঢুলায়ত গোবিন্দদাস ॥

ধানশী।

সজনি কাহে মিনতি করু মোহে।
হাম নাহি জানিয়ে প্রেম কি নেহে ॥
কৈছন কানু নয়নে নহি হেরি।
শুনইতে অন্তর কাঁপয়ে মোরি ॥
দূরতর পন্থ কৈছে হাম যাব।
হাম গোঙারি নহি জানিয়ে ভাব ॥
সহচরী কহতহি সুন্দরি নারি।
তুয়া লাগি আকুল রসিক মুরারি ॥
কোকিল-কলরব শুন যব কানে।
চমকি উঠত রহু হরল গেয়ানে ॥
এতহু শুনল যব সহচরী বোল।
হরি-অভিসার চলু রঙ্গিণী ভোর ॥
গোবিন্দদাস কহয়ে রসসার।
সহচরী কুঞ্জে কয়ল অভিসার ॥

ধানশী।

নব অনুরাগে চলল বর-নারী।
গুরুজন-গৌরব দূরহু ডারি ॥
সখী সঞে পুছত প্রেমকি বাত।
পুলক কবহু না লাগয়ে গাত ॥
এ ধনি তোহে কহিয়ে উপদেশ।
কানু সঞে না করবি বচন-বিশেষ ॥ ধ্রু ॥
বদনে বদনে যনি করইবি মেলি।
কর পরশিতে কর দেয়বি ঠেলি ॥
পহিল মিলন রহু অবনত মাথ।
গোবিন্দদাস তুহু করি লেহ সাথ ॥

শ্রীগান্ধার।

লেহ দুলহ কুল-নামা।
উর বিল শেজ পরশ নাহি দেয়বি,
তব তুহু বিদগধ-নামা ॥ ধ্রু ॥
গুরুজন-নয়ন চৌকি ঘন দশ দিশ,
অহর্নিশি রহত অগোর।
সো সব বারি আনি তোহে সোঁপনু,
যশ অপযশ অব তোর ॥
সখীগণ-জীবন ধনি সবরস ধন
তনু যনু নব নবনীত।
তুহু গিরিবর-ধর এ অতি কাতর,
ইথে লাগি চমকয়ে চিত ॥
সখীগণ-মাঝে বিদিত তুয়া গুণগান,
পুন জনি কর পরকাশ।
সখী করতালি তরল দেই হাসর;
কহতহি গোবিন্দদাস ॥

সুহই।

আঁচরে মুখশশী গোর।
ঝর ঝর লোচন বোর ॥
কারণ বিনু ক্ষণে হসই।
উতপত দীর্ঘ নিশসই ॥
শুন শুন সুন্দর শ্যাম।
প্রেমক ইহ পরিণাম ॥
তাতল তনু নাহি টুটই।
সতত মহীতলে লুঠই ॥
কাহুক কছু নাহি কহই।
কো অছু বেদন সহই ॥

জগভরি কুলবতী বাদ।
কা দেই করই সম্বাদ॥
গোবিন্দদাস আশোয়াসে।
জীবই তুয়া অভিলাষে॥

মরম-বেদন মরমহি জানত
সদয় হৃদয় তাহে চাই।
গোবিন্দদাস কহ নিতি নব নৌতুন
মনে লাগল রসবতী রাই॥

সম্ভোগ

কেদার।

কানু বদন হেরি উছলিত অন্তর
লাজে বসনে মুখ ঝাঁপ।
ঈষদবলোকনে ছল ছল লোচন
কেলিক সমাগমে কাঁপ॥
দেখ সখি রাইক রঙ্গ।
কানুক দরশিতে ঐছে বেয়াকুল
দরশিলে ইহ চিত রঙ্গ॥ ধ্রু॥
রাই-বদন হেরি লুবধল মাধব
কোরে বৈঠায়লি গোরী।
কুচ কর পরশনে চমকি উঠয়ে ধনী
চুম্বনে বহু মুখ মোড়ি॥
ভুজে ভুজে বন্ধন দৃঢ় পরিরম্ভণ
অধরে অধর-রস মেল।
গোবিন্দ দাস পহুঁ পূরল মনোরথে
নব নব সঙ্গম ভেল॥

ধানশী।

নিরমল বদন কমলবর মাধরী
হেরইতে ভৈ গেনু ভোর।
অলখিতে রঙ্গিণী ভাঙ ভুজঙ্গিনী
মরমহি দংশল মোর॥
সজনি যব ধরি পেখলু রাই।
মদন মহোদধি নিমগন মঝু মন
আকুল কূল নাহি পাই॥ ধ্রু॥
বঙ্কিম হাস বিলোকন অঞ্চলে
মঝু পর যো দিঠি দেল।
কিয়ে অনুরাগিণী কিয়ে বিরাগিণী
বুঝইতে সংশয় ভেল॥

ধানশী।

রতন মঞ্জরী ধনী লাবণী সায়র
অবরহি বান্ধুলী রঙ্গ।
দশন কিরণ কত দামিনী ঝলকত
হসইতে অমিয়া তরঙ্গ॥
সজনি যাইতে পেখনু রাই।
মঝু হেরি সুন্দরী ভরমহি চঞ্চল
চকিত চমকি চলি যাই॥ ধ্রু॥
পদ দুই চারি চলই বরনায়রী
বহল নিমিখ কর জোরি।
কুটিল কটাক্ষ কুসুম-শর বরিখনে
সরবস লেয়ল মোরি॥
মঝু মন যশ গুণ সুধি মতি সাধস
লেই চলল সব বালা।
গোবিন্দদাস কহই অব মাধব
জপতহি তুয়া গুণমালা॥

কামোদ।

কাঞ্চন কমল পবনে উলটায়ল
ঐছন বদন সঞ্চারি।
সরবস লেই পালটি পুন বিছুলি
বঙ্গিণী বঙ্ক নেহারি॥
হরি হরি কো দেই দারুণ বাধা।
নয়নক সাধ আধ না পূরল
পালটি না হেরনু বাধা॥ ধ্রু॥
ঘন ঘন আচর কুচ কনকাচল
ঝাঁপই হাসি হাসি হেরি।
জনু মঝু মন হরি কনয়াকুম্ভ ভরি
মুহরি রাখত কত বেরি॥
যব মন বান্ধল ইন্দ্রিয় ফাফর
তাহি মিলিল আন আন।
কানুক মুরতি ঐছে মূরছায়ত
গোবিন্দদাস পরমাণ॥

বরাড়ী।

সহচরী মেলি চলল বররঙ্গিণী
কালিন্দী করই সিনান।
কাঞ্চন শিরীষ কুসুম জিনি তনুরুচ
দিনকর কিরণে মৈলান॥
সজনি সো ধনী চিতক চোর।
চোরিক পন্থ ভোরি দরশাওলি
চঞ্চল নয়নাক ওর॥ ধ্রু॥
কোমল চরণ চলত অতি মন্থর
উতপত বালুক বেল।
হেরইতে হামারি সজল দিঠি পঙ্কজে
দুহু পাদুক করি নেল॥
চিত নয়ন মঝু এ দুহু চোরায়লি
শূন হৃদয় অব মান।
মনমথ পাপ দহনে তনু জারত
গোবিন্দদাস ভালে জান॥

ধানশী।

শুন শুন সুন্দর নাগররাজ।
সো ধনী বৈঠয়ে গুরুজন-মাঝ॥
মুগধী কোঙারী কবহু নাহি সঙ্গ।
শুনইতে ঐছন রঙ্গ॥
বিপরীতবাণী কহিল তুহু মোয়।
কৈছনে ঐছন সঙ্গি হোয়॥
ইথে এক অনুভব আছয়ে তায়।
বিধি যদি তাহে কিছু করয়ে সহায়॥
মাধবীকুঞ্জ কুসুম অনুপাম।
তাঁহা তুহু যাই করহ বিশ্রাম॥
হাম অব যাইয়ে রাইক ঠাম।
গোবিন্দদাস কহত পরিণাম॥

কেদার।

মঞ্জুল বঞ্জুল নিকুঞ্জ মন্দিরে
সোঙরি সো গুণধাম।
সরম অন্তরে জপয়ে মন্তর
একলি তোমার নাম॥
বামা তেজহ কপট ছন্দ।
মদন হিলোলে তো বিনু দোলত
নন্দনন্দন চন্দ॥

শ্রীরাগ।

চান্দ নেহারি চন্দনে তনু লেপন
তাপ সহই না পার।
ধবল নিচোল বহই না পারই
কৈছে করব অভিসার॥
সুন্দরি তুয়া লাগি সম্বাদল কান।
বিরহক্ষীণ তনু অনুখন জরজর
অব ইথে বিহি ভেল বাম॥ ধ্রু॥
যতনহি মেঘ- মল্লার আলাপই
তিমির পয়াণ গতি আশে।
আওত জলদ ততহি উড়ি যাওত
উতপত দীরঘ নিশাসে॥
তুয়া গুণ নাম গান জপি জীবই
বহু পুনকাগিত দেহা।
গোবিন্দদাস কহ ইহ অপরূপ নহ
যাহা ইহ নব নব লেহা॥

সুহই।

কিয়ে হিমকর কর কিয়ে নীর ঝর ঝর
কিয়ে কুসুমিত পরিষঙ্ক।
কিয়ে কিশলয় কিয়ে মলয় সমীরণ
জ্বলতহি চন্দন পঙ্ক॥
সুন্দরি কানু জীয়ে তুয়া পদসঙ্গে।
নায়রী কোরে সোঙরি তাহে মুরছই
নয়নহি লোর তরঙ্গে॥ ধ্রু॥
জনু নব জলধর ধরণী লোটায়ত
আকুল চিকুর বিথারি।
রাধা নামে নয়ন ঘন বরিখয়ে
আরতি কহই না পারি॥
ধনি ধনি তুহু ধনী রমণী-শিরোমণি
কানু সে তোহারি একান্ত।
তুয়া পদ-পঙ্কজ ভালে নাহি ছোড়ত
গোবিন্দদাস মতিমন্ত॥

কেদার।

আধ আধ অঙ্গ মিলল রাধা কানু।
আধ-কপালে শশী আধ-ভালে ভানু॥
আধ-গলে গজ-মোতি আধ বনমালা।
আধ নব গৌরতনু আধ চিক্কণ কালা॥

আধ অঙ্গে পীতবাস আধ নীল সাড়ি।
আধ ভুজে বলয়া আধ ভুজে নীল চুড়ি॥
আধ-অঙ্গে হিলাহিলি ঘেবাঘেবি বাহু।
গোবিন্দ কহে চান্দ গরাসল রাহু॥

কেদার।

দেখ সখি রাধা-মাধব-সঙ্গ।
দুহু দুহু মিলনে আনন্দ বাঢ়ল
দুহু মনে উদিত অনঙ্গ॥ ধ্রু॥
দুহু কর পরশিতে পুলকিত দুহু তনু
দুহু দুহু আধ-আধ বোল।
রাই কানু আলিঙ্গন নীলমণি কাঞ্চন
হেরইতে লোচন ভোর॥
কিঙ্কিণী নূপুর বলয় মণিভূষণ
মঞ্জীর-ধ্বনি উতরোল।
আবেশে অবশ তনু ভেল ইথে আকুল
জলধরে বিজুরি উজোর॥
ঘন ঘন চুম্বনে দুহু মুখ দরশনে
মন্দ মধুর মৃদু হাস।
শ্যাম-তমাল কনক-লতা বেঢ়ল
নিছনি গোবিন্দদাস॥

শ্রীরাগ।

দুহু মুখ দরশি বিহসি দুহু লোচন
শাঙণ বরিখত নীর।
আকুল হৃদয় হৃদয় দুহু জোরত
দুহু জন এক শরীর॥
সজনি, না বুঝল মরমক ভাব।
দুহু দুহু সবরস রস-ভরে পরবশ
নিবসল কিয়ে পরথাব॥ ধ্রু॥
নিজ কর-কমলে চিবুক দুহু পরশই
কহইত না ফুরই বাণী।
দারিদ রতন যতনে যনু সম্বর
সতত হৃদয়ে ধরু পাণি॥
চরণ-কমল দুহু নিজ কর-পল্লবে
পরশি সতত ধরু আশ।
কবহিঁ দূরে দূর অনুমানই
উনমত চিত অভিলাষ॥

দরশন পরশ সরস দুহু মানই
দুহু রস-সায়র ভান।
কিয়ে দারুণ ফিয়ে দূর অবগাহন
গেলহি সো ভেল আন॥
দুহুক বিলাস কলা-রস হেরইতে
অনঙ্গ তেজই অভিমান।
গোবিন্দদাস ভণ দুহু রস-ধারণ
পাপ রজনী অবসান॥

কেদার।

রতি রস-চরণে শ্যাম হিয়ে শুতলি
শরদ ইন্দুমুখী বালা।
মরকত মদনে কোই জনু পূজল
দেই নব কাঞ্চন-মালা॥
শ্যাম বয়ানপর বয়ান বিরাজই
উন পর কুচযুগ সাজে।
কনককুম্ভ জনু উলটি বৈসায়ল
মদন মহোদধি-মাঝে॥
জোড়ল তনুমন ভুজে ভুজে বন্ধন
অধরহি অধর মিশান।
বেঢ়ল মৃণালে হেম নীলমণি জনু
বান্ধিল যুগ একঠান॥
ঘন সঞে দামিনী সাজে দুকূল জনু
দুহু জন এক পটবাস।
চরণে বেড়িয়া চারু অরুণ সরোরুহ
মধুকর গোবিন্দদাস॥

অথ রসোদ্গার

বিভাষ।

পুলকে বলিত অতি ললিত হেমতনু
অনুখন নটন বিভোর।
কত অনুভাব অবধি নাহি পাইয়ে
প্রেমসিন্ধু বহ নয়নহি লোর॥
জয় জয় ভুবনমঙ্গল অবতার।
কলিযুগ-বারণ মদ-বিনিবারণ
হরিধ্বনি জগতে বিথার॥ ধ্রু॥

নিজ রসে ভাসি হাসি খণে রোয়ই
আকুল গদগদ বোল।
প্রেমভরে গরগর না চিনে আপন পর
পতিত জনেরে দেই কোর॥
ইহ রস-সায়রে মগন সুরাসুর
দিন-রজনী নাহি জান।
গোবিন্দদাস বিন্দু লাগি রোয়ই
শ্রীবল্লভ পরমাণ॥

বিভাষ।

কালি যে পেখলু কালিম-সাজ।
গুরুজন আগে সখীগণ মাঝ॥
এ সখি হেরি রহল মোহে ধন্দ।
সো শামরী কিয়ে শামরচন্দ॥ ধ্রু॥
কোন কলাবতী শামর-কাঁতি।
মিলল রাই সঙে করি কত ভাঁতি॥
অরুণ পটাম্বরে ঝাঁপলি অঙ্গ।
বুঝই না পারিয়ে বচন-বিভঙ্গ॥
কাজর উজর দিঠি অতি বঙ্ক।
শ্রুতি অবতংসয়ে রুচির তাটঙ্ক॥
সুন্দর সিন্দুর সীঁথহি উজোর।
হেরইতে চিত চোরায়লি মোর॥
গোবিন্দদাস কহই সতি গোরি।
চাঁদ-সুধা বিনু ভুলে কি চকোরী॥

বিভাষ।

চৌদিকে চকিত নয়ানে যব হেরসি
ঝাঁপসি ঝাঁপল অঙ্গ।
বচনক ভাতি বুঝই নাহি পারিয়ে
কাঁহা শিখলি ইহ রঙ্গ॥
সুন্দরি কি কেল পরিজনে বাঁচি।
শ্যাম সুনাগর গুপত প্রেমধন
জানলু হিয়া মাহা গাঁচি॥ ধ্রু॥
এ তুয়া হাস নয়ন পরকাশই
পুত্তি অঙ্গ ভঙ্গিম সাখী।
গাঁঠিক হেম বসন মাহা ঝলকই
এত দিনে পেখলু আঁখি॥
পহিল মনোরথে পড় না হেরসি
নিভরলি মনমথরাজ।

গোবিন্দদাস কহই ধনি বিরমহ
মৌনহি বুঝলু কাজ॥

শ্রীগান্ধার।

দরশনে লোর নয়নযুগ ঝাঁপি।
করইতে কোর দুহু ভুজ কাঁপি॥
দূর কর এ সখি তুয়া পরসঙ্গ।
নামহি যাক অবশ কর অঙ্গ॥
চেতন না রহ চুম্বন বেরি।
কো জানে কৈছে রভস রস-কেলি॥
যো ধনী মানি সুরত অধিদেবী।
তাকর চরণ-কমল পাই সেবি॥
কানুক পরশে যতহুঁ অনুভাব।
অনুভবি আপ পরক সমুঝাব॥
অবহু জগত ভবি অকিরীতি এহ।
রাধামাধব অবিচল লেহ॥
এ কিয়ে সুদৃঢ় কিয়ে পবিবাদ।
গোবিন্দ দাস চিতে না ভাঙ্গে বিবাদ॥

সুহই।

আধক আধ আধ দিঠি অঞ্চলে
যব ধরি পেখলু কান।
কত শত কোটি কুসুম-শরে জরজর
রহত কি যাত পরাণ॥
সজনি জানলু বিহি মোরে বাম।
দুহুঁ লোচন ভরি যো হরি হেরই
তছু পায়ে মঝু পরণাম॥ ধ্রু॥
সুনয়নী কহত কানু ঘন শ্যামর
মোহে বিজুরী সম লাগি।
রসবতী তাক পরশ-রসে ভাসত
হামারি হৃদয়ের জনু আগি॥
প্রেমবতী প্রেম লাগি জীউ তেজত
চপল জীবনে মঝু সাধ।
গোবিন্দদাস ভণে শ্রীবল্লভ জানে
রসবতী রস মরিযাদ॥

বরাড়ী।

যাঁহা দরশনে তনু পুলকে ভরাই।
যাঁহা কর পরশনে ঢুলিত বলই॥

যাঁহা পরিরম্ভণে অম্বর খলই।
যাঁহা ঘন চুম্বনে বয়ান টুটই॥
এ সখি মানিয়ে হরি সঞে মেলি।
যব হোয়য়ে হেন মনোভবকেলি॥ ধ্রু॥
যাঁহা কিঙ্কিণী মণি কঙ্কণ বোলই।
যাঁহা নখ বিলিখনে দুহু তনু দলই॥
যাঁহা মণি নূপুর তরলিত কলই।
যাঁহা ঘন চন্দন শ্রমজলে গলই॥
যাঁহা নাহি ঐছন রস নিরবহই।
তাঁহা পরিবাদ গোবিন্দদাস কহই॥

ধানশী।

যব হরি পাণি পরশে ঘন ঝাঁপসি
ঝাঁপসি ঝাঁপল অঙ্গ।
তব কিয়ে ঘন ঘন মণিময় আভরণ
কেশ পরায়লি রঙ্গ॥
এ ধনি অবহুঁ না সমুঝসি কাজ।
যাহে বিনু জাগরে নিঁদহু না জীবসি
তাহে কিয়ে এত ভয় লাজ॥ ধ্রু॥
করইতে কোরে জোরি তনু বল্লরী
নহি নহি বোলসি থোর।
চুম্বন বেরি জানি মুখ মোড়সি
জনু বিধু লুবধ চকোর॥
যব হোয়ে নাহ রত নিয়ত অবিরত
বারত জনি অভিলাষ।
গোবিন্দদাস কহ নাহ বহু-বল্লভ
কৈছে রহত নিজ পাশ॥

শঙ্করাভরণ।

হেরইতে বিনোদিনী ভুলল রে।
গোধন দোহন তেজল রে॥
চান্দ চকোর জনু পাওল রে।
রাইক প্রেমভরে ভাসল রে॥
মুরছি অবনীতলে পড়লহি রে।
অরুণিত লোচনে চল চল রে॥
করে পহুঁ কোরে আগোরল রে।
অঙ্গে পুলক অতি পূরল রে॥
দুহু মুখ সুন্দর শোহন রে।
গোবিন্দদাস মনোমোহন রে॥

ভাটিয়ারী।

তনু তনু মিলনে উপজল প্রেম।
মরকত যৈছন বেঢ়ল হেম॥
কনক-লতায় জনু তরুণ তমাল।
নব-জলধরে জনু বিজুরী রসাল॥
কমলে মধুপ যে পাওল সঙ্গ।
দুহুঁ তনু পুলকিত প্রেমতরঙ্গ॥
মুখ অধরামৃত দুহু করু পান।
গোবিন্দদাস দুহুক গুণ গান॥

তথা রাগ।

বিপিনহি কেলি করল দুহু মেলি।
জলমাহ পৈঠি করল জলকেলি॥
নাহি উঠল দুহু মোছল অঙ্গ।
দুহু রূপ নিরখিতে মুরছে অনঙ্গ॥
অঙ্গে করল দুহু নব নব বেশ।
কবরী বানাওল বান্ধল কেশ॥
নিজ নিজ মন্দিরে করল পয়াণ।
গোবিন্দদাস দুহুক গুণ গান॥

সুহই।

অবলা কি জানি গুণ ধরে।
রসিক-মুকুট-মণি, নাগর হইয়া গো
এত না আদর কেনে করে॥ ধ্রু॥
মোর অঙ্গসঙ্গ আশে, লালসা পাইয়া বৈসে,
বঁধুয়া বলে জিনু জিনু।
নিজ অনুগত জনে, গণিয়া রাখিবে মনে,
এ তনু তোমারে দিনু দিনু॥
আউলাঞা কবরীভার, বেশ করে বারে বার,
বসন পরায় কুতূহলে।
বসাঞা আপন উরে নূপুর পরায় মোরে
চরণ পরশে করতলে॥
বঁধুয়া বলয়ে ধনী, কালিয়া কস্তুরীখানি,
ও রাঙ্গা চরণতলে মাখি।
সখীর সমাজে তোর, ঘোষণা রহুক মোর
নিগূঢ় মরম তার সাখী॥
বিদগধ শ্যামরায়, বসনে কমরে বায়,
আপনে যোগায় গুয়া পান।

গোবিন্দদাসের বাণী, শুন রাধা বিনোদিনী
তেঁই তুমি শ্যামের পরাণ॥

গান্ধার।

কাহারে কহিব কানুর পিরীতি
তুমি সে বেদনী সই।
সে রস ধাধসে ধস ধস হিয়া
তেঞি সে তোমারে কই॥
ও নব নাগর রসের সাগর
আগোর সকল গুণে।
সে সব চরিত আদর পিরীত
ঝুরিয়া মরিয়ে মনে॥
সে মোর কোলেতে করিয়া ভাবিয়া
বদনে বদন দিয়া।
মধুর চুম্বিয়া বিধু বিড়ম্বিয়া
পরাণ লইল পিয়া॥
কাঁচুয়া মাড়িয়া সে রস লুটিয়া
ভুলিনা মধুপ জনু।
কমল কোরক ভরমে কি কৈল
গুণিতে ঘূণিত তনু॥
ও দিঠি চাতুরী মুখের মাধুরী
লহরী কত বা আর।
এ সুখ শুনিতে বুঝিলাম হয়ে
দাস গোবিন্দ ছার॥

পঠমঞ্জরী।

একলি যাইতে যমুনার ঘাটে।
পদচিহ্ন মোর দেখিয়া বাটে॥
প্রতি পদচিহ্ন চুম্বয়ে কান।
তা দেখি আকুল বিকল প্রাণ॥
লোক দেখিলে কি বলিবে মোরে।
নাসা পরশিয়া রহিনু দূরে॥
হাসি হাসি পিয়া মিলল পাশ।
তা দেখি কাঁপয়ে গোবিন্দদাস॥

তথা রাগ।

সিনান দোপর সময়ে জানি।
তপত পথে পিয়া ঢালয়ে পানি॥
কি কহব সখি পিয়ার কথা।
কহিতে হৃদয়ে লাগয়ে ব্যথা॥
তাম্বুল ভখিয়া দাঁড়াই পথে।
হেন বেলে পিয়া পাতয়ে হাতে॥
লাজে হাম যদি মন্দিরে যাই।
পদচিহ্নতলে লুটয়ে তাই॥
আমার অঙ্গের সৌরভ পাইলে।
ঘুরি ঘুরি জনু ভ্রমরা বুলে॥
গোবিন্দদাসের জীবন হেন।
পিরীতি বিষম মানহ কেন॥

বিভাষ।

নবঘনকিরণ বরণ নব নাগর
মন্দিরে আওল মোর।
লোল নয়ানকোণে মদন জাগাওল
মৃদু মৃদু হাসি বিভোর॥
সজনি কি কহব রজনী-আনন্দ।
স্বপনে বিলোকন কিয়ে ভেল দরশন
মঝু মনে লাগল ধন্দ॥ ধ্রু॥
উর পর কমল পাণি অবলম্বনে
দূরে করল আন আন।
নীবিহক বন্ধ বিমোচন নাগর
কি করল কিছুই না জান॥
তৈখনে মদন কুসুম-শর হানল
জরজর জীবন মোর।
গোবিন্দদাস কহ আরাধন কি ফল
বিফল কি যাইবে তোর॥

ধানশী।

ঘন রসময় তনু অন্তর গহীল।
নিমগন কতহু মম মনমীন॥
শ্রবণ মকর গীম কম্বু বিরাজ।
হিয়া মাহা লখিমী মিলিত ফণিরাজ॥
এ সখি শ্যামসিন্ধু করি চোর।
কৈছে ধরবি কুচকনয়াকটোর॥ ধ্রু॥
যছু মুখচাঁদ সুধাময় হাস।
গরলহি ভরল নয়ন পরকাশ॥
অধর পঙার দশন মণিমোতি।
রোচনতিলক মৈনাকক জোতি॥

সুরতরুকুসুম সুগন্ধ নিবাস।
চূড়া জলদ পিঞ্জ ধনুভাস॥
গতি গজরাজ চরণ অরবিন্দ।
নখমতি নিছনি দাস গোবিন্দ॥

তথা রাগ।

কুটিল কটাক্ষ, বিশিখ ঘন বরিখনে,
দূরে করি বিবিধ তরঙ্গ।
নিজ তনু ওষধি, সরস পরশ দধি,
লেপে থকিত করি অঙ্গ॥
সুন্দরী ধনি পীতাম্বরী তুহু ভেল।
এক হিলোলে, শ্যামরসসায়রে,
সবহু সার হরি নেল॥ ধ্রু॥
দূর অবগাহ, অন্তর মাহা মন্থ,
মদন-কমঠ অবগাহ।
উচ কুচ মন্দর, হার ভুজগ বর,
মেলি মথন নিরবাহ॥
অধর-সুধা পিয়, প্রেম লছমী হিয়,
বাযহরে নখ-পদ-চন্দ।
প্রীতি অনুভব, রতন পরিপূরল,
গোবিন্দদাস রহু ধন্দ॥

বিভাষ।

যো গিরি-গোচর, বিপিনহি সঞ্চরু,
কৃশ-কটি করু অবগাহ।
চন্দক চারু, শটা-পরিমণ্ডিত,
অরুণ কুটিল দিঠি চাহ॥
সুন্দরি ভালে তুহু হরিণ-নয়ানী।
সো চঞ্চল হরি, হিযা-পিঞ্জর ভরি,
কৈছনে ধয়লি সেয়ানী॥ ধ্রু॥
কত বর-দন্তীক, করহি কর বারত,
দশনহি গণ্ড বিদারি।
বল করি খরতর, নখর-নিকর সঞে,
মোতিম বনহি বিথারি॥
অধর-সুধা দেই, পুনহি জীয়ায়ই,
পুন নিরমদ করি তেজ।
গোবিন্দদাস ভণ, তাক শয়ন পুন,
অহনিশি কিশলয়-শেজ॥

কৌ-রাগিণী।

বেণুক ফুকে, বুক মদনানল,
ফুল ইন্ধন মাহা জারি।
দরশন পাণি দুহু, পরশে সোহাগল,
শ্রম-জলে ভোরল বারি॥
সজনি কানু সে হৈল সোনার।
মধু মনকাঞ্চন, আপন প্রেম-মণি,
জোরি পিন্ধাবল হার॥ ধ্রু॥
নব অনুরাগ, রঙ্গে পুন রঞ্জল,
মূল না জানই কোই।
গুরুজন নয়ন চৌর পরে ছাপিয়ে,
প্রাণনাথ সম গোই॥
যো রস আগরি, বিদগধ নাগরী,
হের তুহু মন সাধ।
গোবিন্দদাস, কহই আনে হেরিলে,
জানি হোয়ত পরমাদ॥

শ্রীগান্ধার।

কাজর ভরম, তিমির জনু তনুরুচি,
নিবসই কুঞ্জকুটীর।
বাঁশী নিশাসে, মধুর বিষ উগারই,
গতি অতি কুটিল সুধীর॥
সজনি কানু সে বরজ-ভুজঙ্গ।
সো মঝু হৃদয়, চন্দনরুহে লাগল,
ভাগল ধরম-বিহঙ্গ॥ ধ্রু॥
লোচনকোণে, পড়ত যব নাগরী
রহই না পারই থির।
কুঞ্চিত অরুণ, অধরে ধরি পিবই,
কুলবতী বরতসমীর॥
এক অপরূপ, নয়নে বিষ তারব,
মোটয়ে দশনক দংশে।
বিষ ঔষধ, বিষ অবধারল,
গোবিন্দদাস পরশংসে॥

ধানশী।

পহিলহি কুল, তুল সম উরল,
যাকর বেণুক ফুকে।
ধরম করম মতি, ভরম সদৃশ ভেল,
নারী গিরি সম দুখে॥

সজনি কি হাম করব উপায়।
হেরইতে সো কানু, আপনি আপন তনু,
কাঁহে করত অন্তরায়॥ ধ্রু॥
নয়নহি নিন্দউ, নয়ানে না হেরই,
হানল ফুলশর বাণ।
যত পরমাদ, কহই না পারিয়ে,
গোবিন্দদাস পরমাণ॥

সুহই।

হৃদয়-মন্দিরে মোর, কানু ঘুমাওল,
প্রেম-প্রহরী রহু জাগি॥
গুরুজন গৌর, চৌর সদৃশ ভেল,
দূরহি দূরে রহু ভাগি।
সজনি এব দিনে ভাঙ্গল দ্বন্দ্ব।
কানু অনুরাগ, ভুজগে গরাসল,
কুলদাদুরী মরু মন্দ॥ ধ্রু॥
আপনক চরিত, আপে নাহি সমুঝিয়ে,
আন করিতে হয়ে আন।
ভাবে ভরল মন, পরিজন বাঁচিতে,
গৃহপতি সপতিক ঠাম॥
নিন্দউ নিঁদ, নয়নে নাহি হেরিয়ে,
না জানিয়ে কিয়ে ভেল আঁখি।
যব পরমাদ, কহই নাই পারিয়ে,
গোবিন্দদাস এক সাখী॥

অভিসার

সুহই।

লাখবাণ কাঞ্চন জিনি।
রসে চর চর গোরা মু আঙ নিছনি॥
কি কাজ শরদ কোটি শশী।
জগত করিল আলো গোরা মুখের হাসি॥
দেখি রঙ্গী মাধব কাঁতি।
মনু মনু অনুবোধে এ বর যুবতী॥
সুদর্শন শিখর মুরতি।
মরমে ভরম জাগে পিরীতি আরতি॥
ভাঙ গন্ধে মদন ধানুকী।
কুলবতী উনমতি কৈল দুটি আঁখি॥

অলকা তিলকা ভালে শোভে।
রঙ্গিণীর রঙ্গ বাঢ়ে ঐ লোভে॥
চাঁচর চিকুর কবরী।
নানা ফুল সাজে তাহে হেরি হেরি মরি।
চন্দনকেশরমাখা তনু।
রঙ্গিণী ত্রাণ বাটি লেপিয়াছে জনু॥
মদনবিজই দোলে মালা।
ইথে কি পরাণে জীয়ে কামিনী অবলা॥
বাঙ্গাপ্রান্ত পীত পটবাস।
পহিরল নিতম্বিনী রস-অভিলাষ॥
অরুণে চরণে নখচান্দ।
পামরি গোবিন্দদাসে রচিত বান্ধা ফাঁদ।

শ্রীরাগ।

ভালে সে চন্দন চান্দ
কামিনী মোহন ফাঁদ
আন্ধারে করিয়াছে আলা।
মেঘের উপর কিবা, সদাই উদয় করে,
নিশি দিশি শশী ষোলকলা॥
সই কিবা সেই নয়ান চাহনি।
হাসির হিলোলে মোরে,
পরাণ-পুতলী দোলে
দিতে চাই যৌবন নিছনি॥ ধ্রু॥
কিবা সে চূড়ার ঠাট দশ নখ চান্দ নাট
অপরূপ বাঁশী বাজাইতে।
হেরইতে সেই মুখ, মনে হয় যত সুখ
জিতে কি পারিয়ে পাসরিতে।
কুল শীল যত ছিল, মনে লাগে সব গেল,
দেখিয়া রাবেক সেই রূপ।
গোবিন্দদাসের চিতে, ঐছন লাগয়ে গো,
নব অনুরাগের স্বরূপ॥

তুড়ী।

দিনমণি-কিরণ, মলিন মুখমণ্ডল,
ঘামে তিলক বহি গেল।
কোমল চরণ, তপত পথ-বালুক,
আতপ দহন সম ভেল॥
হেরইতে শামরচন্দ।
কোরে আগোরি, গোরী-মুখ মোছত,
বসন চুলায়ত মন্দ॥ ধ্রু॥

কর্পূর তাম্বুল, অধরহি দেয়ল,
চন্দন লেপই অঙ্গ।
শ্যামর অঙ্গ, পরশে নব নাগরী,
বাঢ়ল প্রেম-তরঙ্গ॥
কুঞ্জ-কুটীর ঘর, শেজ মনোহর,
মধুকর শ্রুতিধর ভাবে।
গোরী শ্যাম দুহু, করত কুতূহলি,
কহতহি গোবিন্দদাসে॥

কামোদ।

শ্যাম অভিসারে, চললি সুন্দরী ধনী,
নব নব রঙ্গিণী সাথে।
বাম শ্রবণ-মূলে, শতদল পঙ্কজ,
কামজয় ফুলধনু হাতে॥
ভালহি সিন্দূর, ভানু-কিরণ যনু,
তঁহি চারু চন্দন-বিন্দু।
মুখ হেরি লাজমে, সায়রে লুকায়ল,
দিনে দিনে ক্ষীণ ভেল ইন্দু॥
করি-রদ-বিরচিত, চারু ভূষণ করে,
মদন জিনিয়া ধনী সাজ।
চরণই নূপুর, মুখর মনোহর,
রতি-জয় বাজল বাজ॥
ললিতাদি সখী মিলি, মঙ্গল হুলাহুলি,
শ্যাম-দরশ-রস-আশে।
দোঁহে দোঁহা হেরইতে, দুহু চিত পুলকিত,
বলিহারি গোবিন্দদাসে॥

শ্রীরাধিকার রূপাভিসার

শ্রীরাগ।

কুঞ্চিত-কেশিনী, নিরুপম-বেশিনী,
রস আবেশিনী ভঙ্গিনী রে।
অধর সুরঙ্গিণী, অঙ্গ তরঙ্গিণী,
সঙ্গিনী নব নব রঙ্গিণী রে॥
সুন্দরী রাধে, আওয়ে ধনী,
ব্রজরমণীগণ-মুকুটমণি॥ ধ্রু॥
কুঞ্জরগামিনী, মোতিমদশনী,
দামিনী চমক নেহারিণী রে॥
নব অনুরাগিণী, অখিল সোহাগিনী,
পঞ্চম রাগিণী মোহিনী রে।
রাসবিলাসিনী, হাসবিকাশিনী,
গোবিন্দদাস চিত-শোহিনী রে॥

কেদার।

পহিল সমাগম রাধা কান।
অতি রসে মগন ভেল পাঁচবাণ॥ ধ্রু॥
দুহু মুখ দরশনে, দুহুক বিলোকনে,
আনন্দ-নীরয়ে ঝাঁপা রে।
অবিরত পরশিতে, কুচ কনকাচল,
গিরিবরধর কাঁপই রে॥
গদ গদ ভাষে, আলপই দুহু দুহু,
চুম্বনে নয়ন ঢুলায়ই রে।
দুহু পরিরম্ভণে, দুহু পুলকায়িত,
অঙ্গহি অঙ্গ হেলায়ই রে॥
দুহু রসে ভাসি, দুহু অবলম্বই,
রঙ্গতরঙ্গিত অঙ্গ দুহু।
নব নাগরী সঙ্গে, নাগরশেখর,
ভুলল গোবিন্দদাস পহু॥

ধানশী।

মো মেনে মনু মো মেনে মনু।
কি খেনে গৌরাঙ্গ দেখিয়া আইনু॥
সাত পাঁচ সখী যাইতে ঘাটে।
শচীর দুলাল দেখি আইনু বাটে॥
হাসিয়া রঙ্গিয়া সঙ্গিয়া সঙ্গে।
কৈল ঠারাঠারি কি রসরঙ্গে॥
খির বিজুরী করিয়া একে।
সে নহে গৌরাঙ্গ অঙ্গের রেখে॥
আঁখির নাচনী ভাঙর দোলা।
মোর হিয়ামাঝে করিছে খেলা॥
চান্দ ঝলমলি বদন-ছান্দে।
দেখিয়া যুবতী ঝুরিয়া কান্দে॥
চাঁচর কেশ ফুলের ঝুটা।
যুবতী উমতি কুলের খোঁটা॥
তাহে তনুসুখ বসন পরে।
গোবিন্দদাস ভেজিয়ে সে ঝুরে॥

বিহাগড়া।

দুহু জন নিতি নিতি নব অনুরাগ।
দুহু রূপ নিতি নিতি দুহু হিয়ে জাগ॥
দুহু মুখ চুম্বই দুহু করু কোর।
দুহু পরিরম্ভণে দুহু ভেল ভোর॥
দুহু দুহে যৈছন দারিদ হেম।
নিতি নিতি আব নিতি নিতি নব প্রেম॥
নিতি নিতি ঐছন করত বিলাস।
নিতি নিতি হেরই গোবিন্দদাস॥

বসন্ত।

পদতলে ভকত কল্পতরু সিঞ্চিত
প্রেমরস মকরন্দ।
যাকর ছায়াব সোসর নব নব
পরমানন্দ নিরদন্দ॥
পেখলু গৌরচন্দ্র নটরাজ।
জঙ্গম হেম ধরাধর উয়ল
কিয়ে নবদ্বীপমাঝ॥ ধ্রু॥
নব নীরদ জিনি কত মন্দাকিনী
ত্রিভুবন ভরল তরঙ্গে।
নিত্যানন্দচন্দ্র অভিরাম দিনমণি
ভ্রমই প্রদক্ষিণ রঙ্গে॥
যাকর চরণ সমাধয়ে শঙ্কর
চতুরানন করু আশে।
সে পহু পতিত কোরে ধরি কান্দই
কি কহব গোবিন্দদাসে॥

ধানশী।

কুন্দ কুসুমে ভরু কবরীক ভার।
হৃদয়ে বিরাজিত মোতিমহার॥
চন্দনে চরচি কনু রুচির কপূর।
অঙ্গহি অঙ্গ অনঙ্গ ভরপুর॥
চাঁদনী রজনী উজোরল গোরী।
হরি অভিসার রভসরসে ভোরী॥
ধবল বিভূষণ অম্বর বনই।
ধবলিম কৌমুদী মিলি তনু চলই॥
হেরইতে পরিজন লোচন ভুল।
রঙ্গপুতলী কিয়ে রসমাহা বুল॥

পূরতি মনোরথ গতি অনিবার।
গুরুকুল কণ্টক কি করয়ে পার॥
মুরতি শিঙ্গারকি রীতি সম ভাষ।
মিলনি নিকুঞ্জে কহে গোবিন্দদাস॥

বাসক সজ্জা।

ধানশী।

বাসিত বারি কপূরিত তাম্বুল
কুসুমিত মদন শয়ান।
উজোর দীপ সমীপহি জারহ
বিচরহ চারু বিতান॥
সখি হে কহই না যায় আনন্দ।
ঋতুপতি রাতি অবহু আই নাগর
মিলবহু শ্যামর চন্দ॥ ধ্রু॥
কুসুমিত মৌলি রসালক পরিমলে
ভ্রমরী ভ্রমর রহু ভোর।
মদন মনোরথে সগরহি যামিনী
সুখে বঞ্চিব হরি কোর॥
বিহিপায়ে লাগি মাগি নিব এহি বর
চেতন রহু মঝু দেহ।
গোবিন্দদাস কহই হরি পরশহি
সো পুন হোত সন্দেহ॥

কামোদ

উজোর রাতি শেজ নব-কিশলয়
বাসিত তাম্বুল বারি।
এহি উপচারে আজ হরি ভেটব
ঐছন মরম হামারি॥
সজনি কি ফল বেশ বনান।
কানু পরশমণি পরশক বাধন
আভরণ সৌতিনী মান॥ ধ্রু॥
দুহু কুণ্ডল দুহু কঙ্কণ কিঙ্কিণী
দুহু নূপুর রাখি।
মৃগমদ সিন্দুর লোচনে কাজর
পদ যাবক রতি-সাখী॥
সো তনু পরশে পুলকে তনু বাধত
ইথে লাগি চমকে পরাণ।
গোবিন্দদাস কহই ধনি ধনি ধনি
কানু মরম ভুয়া জান॥

ধানশী।

কনক মুকুরে আপন মুখ হেরি।
সহচরী আগে কহই বেরি বেরি॥
বিথারব নাগর কবি অনুমান।
বিলসব কুঞ্জে আজ কুসুম-শয়ান॥
উচকুচ হেরই নয়ন সুবঙ্ক ।
উরপর লেপব চন্দন-পঙ্ক॥
আয়ব কান্ত পূরব অভিলাষ।
পুনঃ পুনঃ নিবেদয়ে গোবিন্দদাস॥

কামোদ।

রমণী-সমাজে তুহারি গুণ ঘোষই
"তুহু ধনি মোহিনী বালা।
জগজন-মোহন মোহন করলি যে
সাজলি যৌবন-জালা॥
সজনি অপরূপ বাসর-পসার,
বাসর-গেহ আজু লেই বঢ়ায়ই
পূজবি নন্দকুমার॥ ধ্রু॥
যব পুন জঘন আসন নিরমাওল
হিম মাঝে শেজ বিছাই।
সরসহি চন্দনে কমল যে সঙ্কুল
নাগর শ্যাম অবগাই॥
পরিমলে লুবধ ভ্রমর ধনি ধাওত
ঐছন আকুল কান।
অধরক মধুপানে অবহি মাতায়বি
গোবিন্দদাস ভালে জান॥

কেদার।

কুঞ্জে কুসুম হেরি পন্থ নিহারই
সহচরী মেলি আনন্দে।
নিশি দিশি রতন প্রদীপ কত জারত
ঝলমল করতহি ছন্দে॥
সুন্দরি শেজ বিছায়লি রঙ্গে।
আয়ব মদন বিনোদ রসগাহক
বিলসব বিনোদিনী সঙ্গে॥ ধ্রু॥
মৃগমদ চন্দন তনু পরিলেপব
গন্ধ-মহোৎসব কুঞ্জে।
কোকিল ভ্রমর মনোহর গাওই
সুরছিত রতি-পতি-পুঞ্জে॥

কাতর নয়নে সম্ভাষই সহচরী
কাহে বিলমায়ত কান।
গোবিন্দদাস কহই অব না শুনিয়ে
সঙ্কেত মুরলী নিশান॥

গান্ধার।

'সজনি করহ পয়াণ।
পন্থ মিলব তুয়া কান॥
অনুকূল হোয়ে বিধাতা।
তবহি জীয়ব ধনী রাধা॥
শেজ সফল তুহু জান।
যেহিখনে করব শয়ান॥
যৌবন মন-অভিলাষ।
পূরব সুরত-বিলাস॥
আনন্দ-লোরে ভরু আঁখি।
পুলকে পূরব তনু সাখী॥
গোবিন্দদাস অনুতাপে।
ধনী যনি করয়ে বিলাপে॥

সুহই।

মধু ঋতু রজনী উজোরল হিমকর
মলয়-সমীরণ মন্দ।
কানু আশোয়াসে চঞ্চল মনোভবে
মনহি বিথায়ল দ্বন্দ্ব॥
সজনি পুন যাই সম্বাদহ কান।
কালিন্দী-কূলে অবহু বিরহানলে
তেজব দগধ পরাণ॥
কিশলয় দহন- শেজ অব সাজহ
আহুতি চন্দন পঙ্কা।
দ্বিজ-কুল-নাদ- মন্ত্রে তনু জারব
যাই যাই প্রেমকলঙ্কা॥
চিতরতন মঝু কানু পাশে রহল
অবহু না মিলিল সোই।
গোবিন্দদাস কহই ধনি বিরমহ
আপহি মিলব সোই॥

শ্রীগান্ধার।

ঋতুপতি রাতি উজোরল চন্দ।
মলয়-সমীরণ কুসুম সুগন্ধ॥

যামিনী আজ অধিক বহি গেল।
যতহু মনোরথ অনরথ ভেল॥
এ সখি হরি সঞে কি করব দ্বন্দ্ব।
আপন মনহি মনোভাব মন্দ॥
সো মুখ হেরইতে না বহু মান।
তাকর বশে ভেল কঠিন পরাণ॥
যাকর বচনে নাহি বিশোয়াস।
তাহে কি সম্বাদব গোবিন্দদাস॥

তথা রাগ।

মাধব কি কহব ধনীক সন্তাপ।
চিতহিঁ তোহারি দরশ দুরাপ॥
বিরহক বেদনে সো বরনারী।
নিরজনে বিছুরই মুরতি তোহারি॥
দারুণ ধদরত তহি নাহি গেল।
লিখইতে আন আন ভৈ গেল॥
লিখইতে বদন বেকত ভেল চন্দ।
হেরি হেরি সুন্দরী পড়লহি ধন্দ॥
ভাঙ ধনুয়া ভেল লোচন বাণ।
অঙ্গে অনঙ্গ হেরি হরল গেয়ান॥
পুন কিয়ে লিখব যতন করু তোর।
ভীতক চিত পুতলী ভেদ সোয॥
গোবিন্দদাস কহই করি সেবা।
শুনইতে সো ভেল মরকত-দেবা॥

ধানশী।

মাধব মনোরথ ফিরত অহেবা।
একলি নিকুঞ্জে ধনী ফুলশরে জরজর
পন্থ নেহারত তেবা॥ ধ্রু॥
উছোর শশধর দীপ জারল
অলিকুল বাষব বোল।
হনইতে হরিণী- নয়নী দরশায়ই
তাহেঁ তহিঁ পিক বোল॥
তুহু অতি মন্থর গগন দুরন্তর
যামিনী অতি ছোটি।
সো ঘর বাহির করত নিরন্তর
নিমিখে মানয়ে যুগ কোটি॥

আশা-পাশে লেই গলে বৈঠল
প্রেম-কল্পতরু-মূল।
কিয়ে অমিয়া কিয়ে ধরব গরল ফল
গোবিন্দদাস কহ ফুর॥

বিহাগড়া।

হরিণনয়নী তেজি নিজ মন্দির
আওয়ে সঙ্কেতঠামা।
তৈখনে চাঁদ উদয় ভেল দারুণ
পসারল কিরণক দামা॥
মাধব তাহে কি বলব আন।
বিষম কুসুমশরে পাঁজর জরজর
ধনি যদি তেজই পরাণ॥ ধ্রু॥
মোতিম হার ভার হিয়ে জারই
করকঙ্কণ ভেল ঝঙ্ক।
সহচরী কোরে ভোরে তনু মোড়ই
লোরে ধরণী করু পঙ্ক॥
কিশলয়-শয়নে থির নহি বান্ধই
চন্দনে পবনে মুরছাই।
গোবিন্দদাস কহই হরি অভিসর
যদি খনে জীবই রাই॥

গুর্জ্জরী।

ঋতুপতি রাতি বিরহ-জরে জাগরি
দোতী উপেখলি রামা।
প্রিয় সহচরী বলি মোরে পাঠাওলি
অতয়ে আইনু তুয়া ঠামা॥
শুন মাধব কর জোড়ি কহল মো তোয়।
মনমথ রঙ্গ তরঙ্গি লোচনত
তুহু না হেরবি মোয়॥ ধ্রু॥
দূরে কর লালস আনহি লালসী
চাতুরী বচন বিভঙ্গ।
বরু জীবন হারা তোহে নিরমঞ্জর
তবহু না সোঁপব অঙ্গ॥
যাহে শির সোঁপি কোর পর শুতিয়ে
সো যদি করু বিপরীতে।
পিরীতি রীত ঐছে তব রীতব
গোবিন্দদাস চিত-ভীতে॥

ভূপালী।

পৌখিনী রজনী পবন বহে মন্দ।
চৌদিকে হিমকর হিম কক বন্ধ॥
মন্দিরে রহত সবহু তনু কাঁপ।
জগজন শয়নে শয়ন কৰু ঝাঁপ॥
এ সখি হেরি চমক মোহে লাই।
ঐছে সময়ে অভিসারল রাই॥ ধ্রু
পরিহরি তৈছন সুখময় শেজ।
উচকুচকঞ্চুক ভরমহি তেজ॥
ধবলিম এক বসনে তনু গোই।
চললহি কুঞ্জে লখই নাহি কোই॥
কোমল চরণ তুহিনে নাহি দলই।
কণ্টক বাটে কতহিঁ নাহি টলই॥
গোবিন্দদাস কহ ইথে কি সন্দেহ।
বিহে বিঘন যাহা নবীন সুলেহ॥

কেদার।

হিম ঋতু যামিনী যামুন তীর।
তরল লতাকুল-কুঞ্জ-কুটীর॥
তহিঁ তনু থির নহে তুহিন সমীর।
ইথে কৈছে বঞ্চসি শ্যাম শরীর॥
ধনি তুহু মাধব ধনি তুয়া লেহ।
ধনি ধনি সো ধনি পরিহরি গেহ॥
কুলবতী গৌরব কঠিন কপাট।
গুরুজনে নয়ন সকণ্টক বাট॥
যো জনে এতহু বিঘিনি অবগাই।
ঐছন সময়ে মিলল ধনী রাই॥

ভূপালী।

হিমঋতু নিশি দিশি দিশি বাত।
হিমকরশীকরনিকর নিপাত॥
মদন-জলধি-তলে তহি দেহ ঝাঁপ।
মিলল শ্যামতনু থরহরি কাঁপ॥
সুন্দরী দূরে কর কপট শযান।
নীল নিচোলে নিচল ভেল কান॥
ঝলমল মন্দিরু মণিময় বাতি।
সুখময় শেজ নিদাঘল রাতি॥
তুহু হেন নাগরী হরি হেন নাহ।
ধনি ধনি মনসিজরস নিরবাহ॥
শুনইতে ঐছন সহচরী বোল।
মধুরিম হাসি গোরী তনু মোড়॥
হরি পরিপূরল মানস কান।
গোবিন্দদাস গাওয়ে গুণগান॥

কামোদ।

অম্বরে ডম্বরু ভরু নব মেহ।
বাহিরে তিমির না হেরি নিজ দেহ॥
অন্তরে উয়ল শ্যামর ইন্দু।
উছলল মনহি মনোভবসিন্ধু॥
অব জানি সজনি করহ বিচার।
শুভক্ষণ ভেল বাদল অভিসার॥
মৃগমদে তনু অনুলেপহ মোর।
তহিঁ পহিরায়হ নীল নীচোল॥
কি ফল উচকুচকঞ্চুক ভার।
দূর কর মৌতিনী মোতিমহার॥
তহু সখী দেখহ দেহলী লাগি।
গুরুজন অবহু ঘুমল কিয়ে জাগি॥
চলয়তে দিগভরম জানি হোয়।
গোবিন্দদাস সঙ্গে চলু গোয়॥

তথা রাগ।

ভুজগে ভরল পথ, কুলিশ পথে শত,
আর কত বিঘিনি বিথার।
কুলবতীগৌরব, বাম চরণে ঠেলি,
কুঞ্জে করলু অভিসার॥
সজনি কি ভেল পাপ পরাণ।
যামিনী আধ, অধিক বহি যাওত,
অবহু না মিলল কান॥ ধ্রু॥
যতয়ে মনোরথ, সব ভেল অনরথ,
কানুপিরীত অভিলাষে।
না জানিয়ে কোন, কলাবতী বাঙ্গল,
ভাও ভুজঙ্গিনী পাশে॥
দারুণ ফুলশর, কুঞ্জে বিথারল,
মন্দিরে গুরুজন গারি।
গোবিন্দদাস, কহয়ে দুহু সংশয়,
নিধুবন রসিক মুরারি॥

কল্যাণী।

সাজল কুসুম, শেজ পুন সাজই,
জারই জারল বাতি।
বাসিত কর্পূরে, কর্পূরে পুন বাসই,
ভৈ গেল মদনভরাঁতি॥
আজু রাই সাজল বাসকশেজ।
মনোরথে লাখ, মনমথ ধাবই,
অঙ্গে অঙ্গ নাহি তেজ॥ ধ্রু॥
ঘন ঘন আভরণ, অঙ্গে জড়ায়ই,
ক্ষণে ক্ষণে তেজই হার।
চকিত বিলোকনে, চমকিত উঠই,
হেরইতে নিজ তনু ছাই॥
কাতর বচনে, সম্ভাষই সহচরী,
কহে বিলম্বত কান।
গোবিন্দদাস কহই, অব না শুনিয়ে,
সঙ্কেত মুরলী নিশান॥

কামোদ।

কানুক সন্দেশে, বেশ বনি আয়নু,
সঙ্কেত কেলিনিকুঞ্জ।
মাধবী পরিমলে, ভোরি মঝু তনু,
জারই মধুকরপুঞ্জ॥
অবহু না মিলল দারুণ কান।
নিলজ চিত চিত পিরীতি অনুরোধ,
ইথে নাহি যাত পরাণ॥ ধ্রু॥
কানুক বচন, অমিয়ারস সেচনে,
বেচনু তনু মন জাতি।
নিজকুলদূষণ, ভুষণ করি মানলু,
তেঞি ভেল ঐছন শাতি॥
হিমকরকিরণে, গমন অবরোধল,
মন্দিরে চলত সন্দেহ।
গোবিন্দদাস কহ, যাই সতি জানহ,
কানু কি তেজল নেহ॥

তথা রাগ।

কতহু প্রেমধন হিয়া মাহা সাঁচি।
দুরুজন নয়ন পহরীকব বাঁচি॥
হাম রহু সঙ্কেত আনত রহু কান।
একলি নিকুঞ্জে কুসুম-শর হান॥
এ সখি হৃদয়ে জলত মঝু আগি।
কঠিন পরাণ রহত কথি লাগি॥
যাকর লাগি মন হি মন গোই।
গঢ়ল মনোরথ না চঢ়ল সোই॥
কুলবতী চরিত পিরীতি লাগি খোই।
হা হা করি হরি কাননে রোই॥
পন্থ নেহারি নয়ন রয় লাগি।
টুটত রজনী বাঢ়ত অনুরাগী॥
অবহু না মিলল শ্যামর কাঁতি।
গোবিন্দদাস কহ দীঘল রাতি॥

ধানশী।

পন্থ নেহারি, বারি ঝরু লোচনে,
অধর নীরস ঘন শ্বাস।
করতলে বদন, সঘনে অবলম্বই,
গুণি গুণি জীবন নৈরাশ॥
মাধব কাহে আশোয়াসলি রামা।
সগরিহ যামিনী, জাগি পোহায়ল,
কামিনী সঙ্কেত ঠামা॥ ধ্রু॥
হরি হরি বলি, ধরণী ধরি উঠই,
বোলত গদগদ ভাখ।
নীল গগন হেরি, তোহারি ভরম ভরে,
বিহি সঞে মাগয়ে পাখ॥
কি করব চন্দ্র, চন্দন ঘন লেপন,
কিশলয় কুসুম শয়ান।
আন বেয়াধি, আন পায়ে ওখদ,
গোবিন্দদাস নাহি মান॥

ললিত।

উত্তর না পাই, যাহ সখী কুঞ্জহি,
রাই নিয়ড়ে উপনীত।
তোহারি সম্বাদ, কহিতে ভেল গদগদ,
হেরি চমকিত ভেল চিত॥
সুন্দরি কানু মিলন ভেল ধন্দ।
নিশিপতি কাঁতি, মলিন অব হেরিয়ে,
টুটল সব পরবন্ধ॥ ধ্রু॥
এত শুনি রাই, পাই মনদুখচয়,
চললহি অব নিজ গেহ।
রজনী উজারি, যাহ পাথ পর,
মিলল শ্যামর দেহ॥

নর সঙ্গে নাগর, রাই বদন হেরি,
চমকি হেরি ভেল ভীত।
গোবিন্দদাস ভণ, ওহে নন্দ নন্দন,
ইহ কিয়ে পিরীতি রীত॥

গান্ধার।

শুন মাধব কোন কলাবতী সোয়।
প্রেম হেরি গহি, আপনি রঙ্গ দেই,
এ হেন সাজাওলি তোয়॥ ধ্রু॥
নয়নক অঞ্জনে, অধর ভেল রঞ্জিত,
নয়নহি তাম্বুল দাগ।
সিন্দুরবিন্দু চন্দন ইন্দু ঝাঁপল,
উর পর যাবক রাগ॥
বদন সোনার, তোরি রূপ লালসে,
তাহে দেওল নখ-রেহ।
কোন গোঙারী, তোহে অব পরশব,
হেরি তুয়া ঝামর দেহ॥
অব রসলালস, কিয়ে দরশাওসি,
নিলজ গোহ মৈলান,
গোবিন্দদাস কহ, আপন পরশ দেহ,
হেন ধর্ব্ব নিজ বাণ॥

কামোদ।

ডগমগ অরুণ, উজাগর লোচন,
উরে নখ পরতীত রেখা।
রতিরণে রমণী পরাভব মানই,
দেওল রতি জয়-লেখা॥
মাধব অব কি কহব তুয়া আগে।
না জানিয়ে রতি-রস, ও সুখ সম্পদ,
কি ফল তুয়া অনুরাগে॥ ধ্রু॥
রতিরসে অলস, অবশ দিঠি মন্থর,
নিরবধি নিদক সেবা।
কোন কলাবতী, করি কত আরতি,
পূজল মনোরথ দেবা॥
রচন রচন করি, কিয়ে পরবোধসি,
নিরবধি অন্তরে সোই।
গোবিন্দদাস কহ, পরশমুল সহ,
[illegible] নাহি হোই॥

মিলন

কামোদ।

গোরখ জাগাই, শিঙ্গাধ্বনি শুনইতে,
জটিলা ভিখ আনি দেল।
মৌনী যোগেশ্বর, মাথ হিলায়ত,
বুঝল ভিখ নাহি লেল॥
জটিলা কহত তব, কাহা তুহু মাগত,
যোগী কহত বুঝাই।
তেরে বধূ হাত, ভিখ হাম লেয়ব,
তুরিতহি দেহ পাঠাই॥
পতিব্রতা বিনু, ভিখ লেউ যব,
যোগী ব্রত হোয়ে নাশ।
তাকর বচন, শুনিতে তনু পুলকিত,
ধাই কহে বধূ-পাশ॥
দ্বারে যোগিবর, পরম মনোহর,
জ্ঞানী বুঝল অনুমানে।
বহুত যতন করি, রতনথারী ভরি,
ভিখ দেহ তছু ঠামে॥
শুনি ধনী রাই, আই করি উঠল,
যোগি-নিয়ড়ে হাম যাব।
জটিলা কহত, যোগী নহ আন মত,
দরশনে হোয়ব লাভ॥
গোধূমচূর্ণ, পূর্ণ থারী পর,
কনক-কটোর ভরি ঘিউ।
করযোড়ে রাই, লেহ করি ফুকরই,
তাহে হেরি থরহরি জীউ॥
যোগী কহত হাম, ভিখ নাহি লেয়ব,
তুয়া মুখ-বচন এক চাই।
নন্দনন্দন পর, যো অভিমান সো,
মাফ করহ যাই॥
শুনি ধনী রাই, চীরে মুখ ঝাঁপল,
ভেখধারী নটরাজ।
গোবিন্দদাস কহ, নটবরশেখর,
সাধি চলত মন কাজ॥

বিভাষ।

আকুল চিকুর, চূড়োপরি চন্দ্রক,
ভালহি সিন্দুর রঙ্গা।

চন্দনচন্দ্র নাহ, লাগল মৃগমদ,
তাহে বেকত তিন নয়না॥
মাধব অব তুহু শঙ্কর দেবা।
ভাগরপুণ্যফলে প্রাতরে ভেটনু,
দূরহি দূরে রহু সেবা॥ ধ্রু॥
চন্দন-রেণু, ধূসর ভেল সব তনু,
সোই ভসম সম ভেল।
তোহারি বিলোকনে, মঝু মনে মনসিজ,
মনোরথ সঞে জরি গেল॥
তবহু বসন ধর, কাঁহে দিগম্বর,
শঙ্কর নিয়ম উপেখি।
গোবিন্দদাস, কহই পর অম্বর,
পরইতে দেখি না দেখি॥

কামোদ বা সুহই।

সহজই গোরী, রোখে তিন লোচন,
কেশরী জিনিয়া মাঝ ক্ষীণ।
হৃদয়-পাষাণ, বচনে অনুমানিয়ে,
শৈল-সুতা করি চিন॥
সুন্দরী অব তুহু চণ্ডি-বিভঙ্গ।
যব মহাশঙ্কর, তুয়া নিজ কিঙ্কর,
দেয়বি মোহে আধ অঙ্গ॥ ধ্রু॥
কালিয়া কুটিল, ভাঙ ভুজঙ্গম,
সম্বরু তাকর দম্ভ।
পশুপতি দোখে, রোখে নাহি সমুঝিয়ে,
হাম নহ শুম্ভ নিশুম্ভ॥
দমন মনোভাবে, তুহু জিয়ায়বি,
ঈষৎ-হাস বরদানে।
তুয়া পরসাদে, বাদ সব খণ্ডয়ে,
গোবিন্দদাস পরমাণে॥

ভূপালী।

রজনী গোঙায়লি রতি-সুখ-সাধে।
বিহানে তেজলি তাহে কোন্ অপরাধে॥
সোই চণ্ডী তুহু শঙ্কর দেব।
তনু আধ দেই তাহে যাই সেব॥
কি কহব যে সব কয়হিঁ তুহু কাজ।
লাজ পায়বি অব রঙ্গিণী সমাজ॥
জাগল সহচরী না বোলই কোই।
পালটি চল মথে আঁচর গোই॥
বসন হেরি অঙ্গ ভাঙ্গল দ্বন্দ্ব।
পুন কি কহব তোহে কৈতব ছন্দ॥
গোবিন্দদাস চলিল আগুসারি।
আওল মন্দিরে কই নখই না পারি॥

সুহই।

যামিনী জাগি, অলস দিঠি পঙ্কজে,
কামিনী অরুণ রাগ।
বান্ধুলি অরুণ, ধবল ভেল কাজর
ভালোপরি অলকত দাগ॥
মাধব দূর কপট [illegible]।
হাতক কঙ্কণ, [illegible] দরপণে [illegible],
চা[illegible] তুহু [illegible]॥ ধ্রু॥
সো সুর-সমরে, সুধীর কলাবতী,
রতি-রণে বিমুখ না ভেল।
নখর কৃপাণে হানি উর অম্বর,
প্রেম-রতন হরি লেল॥
প্রেমধনবিহীন পরাষ অব না রহি
জানি করল বিশোয়াস।
গুণ বিনু হার সাখী এক [illegible] হিয়ে
দোসর গোবিন্দদাস॥

বিভাষ।

নব পদ হৃদয়ে তোহারি।
অন্তর জ্বলত হামারি॥
অধরহি কাজর তোর।
বদন মলিন ভেল মোর॥
হাম উজাগরি রাতি।
তুয়া দিঠি অরুণিম কাঁতি॥
কাঁহে মিনতি করু কান।
তুহু হাম একই পরাণ॥
হামারি রোদন অভিলাষ।
তুহুক গদগদ ভাষ॥
স্বপে নহ তনু তনু সঙ্গ।
হাম গোরী তুহু শ্যাম অঙ্গ॥
অতয়ে চলহ নিজ° বাস।
কহতহিঁ গোবিন্দদাস॥

তথা রাগ। কন্দর্প তাল।

যাঁহা নখ-চিহ্ন চিহ্নলি তুহু সুন্দরী
উহ নব কুঙ্কুম-রেহ।
কাঞ্চন ভবনে [illegible] কিয়ে গঞ্জসি
[illegible] এহ ॥
ভামিনি [illegible] নাগর [illegible]।
অপরূপ [illegible] রোদনে মানসি
[illegible] দিঠি [illegible] । ধ্রু ॥
গৈরিক রেখি বেরি সম মানসি
উন পর যাবক-ভানে।
ফণুক বিন্দু ইন্দুমুখি নিন্দসি
নিন্দন করি অনুমানে ॥
তোহারি সম্বাদে তাহি সব নাগিনী
একলিপি ভেল নাম।
তুহু [illegible] রোহে পরিবাদসি
গোবিন্দদাস পরমাণ।

ধানশী।

মানলু এ হরি তোহারি সোহাগ।
যাকর দরশি রজনী গোঙায়লি
তাহি করহ অনুরাগ ॥ ধ্রু ॥
রতিরণ-পণ্ডিত বেশ অখণ্ডিত
ঘন ঘন মোড়সি অঙ্গ।
অতয়ে অনুমানিয়ে রেকত উজাগর
বিঘটিল ভামিনী-সঙ্গ ॥
অতি অপরূপ রীতি এহ বচন সতি
আজ দেখনু পরতেক।
যো পরবশক বিহি তাকে বঞ্চউ
দুলহ দেখি না দেখ ॥
তুহু রস-সাগর বিদগধ নাগর
হাম মুগধা কুল-নারী।
গোবিন্দদাস কহই অব হরি সঙে
অনুনয় বুঝই না পারি ॥

ধানশী।

রাইক হৃদয়- ভাব বুঝি মাধব
পদতলে ধরণী লোটাই।
দুহু করে দুহু পদ ধরি বহু মাধব
তবহিঁ বিমুখ ভেল রাই ॥
পুনহি মিনতি করু কান।
হাম তুয়া অনুগত তুহু ভালে জানত
কাহে দগধ মঝু প্রাণ ॥ ধ্রু ॥
তুহু যদি সুন্দরি মঝু মুখ না হেরবি
হাম যায়ব কোন্ ঠাম।
তুয়া বিনু জীবন কোন কাজে রাখব
তেজব আপন পরাণ ॥
এতহু মিনতি কানু যব করলহু
তব নাহি হেরল বয়ান।
গোবিন্দদাস মিচই আশোয়াসল
রোই চলত বর কান ॥

ত্রিপোতা---ধানশী।

রাই অনাদর হেরি রসিকবর
অভিমানে কয়ল পয়াণ।
নয়নক লোরে পথ লখই না পারই
পীতবাসে মোছই বয়ান ॥
হরি হরি নিজ অপরাধ নাহি জান।
সো হেন প্রেমা কহি কথি লাগি নিরসল
কাহে কয়ল মুঝে মান ॥ ধ্রু ॥
মোরে উপেখি রাই কৈছে জীয়ব
সো দুখ করি অনুমান।
রসবতী-হৃদয় বিরহ-জ্বরে জারব
ইথে লাগি বিদরে পরাণ ॥
রাই সম্বাদ সুধারসসিঞ্চনে
তনু তিরপিত করু মোয়।
গোবিন্দদাস যব যতনে মিলায়ব
তব যশ গাওব তোয় ॥

সুহই।

আকুল প্রেমে পহিলে নাহি হেরনু
সো বহু বল্লভ কান।
আদর সাধে বাদ করি তা সহ
অহনিশি জলত পরাণ ॥
সজনি তোহে কহু মরমক দাহ।
কানুক দেখি যো ধনী রোখই
সো তাপিনী জগ মাহ ॥ ধ্রু ॥
যো হাম মান বহুত করি,মানলু
কানুক মিনতি উপেখি।

সো অব মনসিজ শরে ভেল জরজর
তাকর দরশ না দেখি॥
ধৈরয লাজ মান সঞে ভাগল
জীবন রহত সন্দেহ।
গোবিন্দদাস কহই সতি ভামিনী
ঐছন কানুক লেহ॥

তথা রাগ।

কুলবতী কোই নয়নে জানি হেরই
হেরত পুন যদি কান।
কানু হেরি জনি প্রেম বাঢ়ায়ই
প্রেম করই জানি মান॥
সজনি অতয়ে মানিয়ে নিজ দোষ।
মান-দগধ জীউ অব নাহি নিবসয়ে
কানু সঞে কি করব রোষ॥ ধ্রু॥
যো মঝু চরণ পরশ-রস লালসে
লাখ মিনতি মুঝে কেল।
তাকর দরশন বিনি তনু জরজর
পরশ পরশ সম ভেল॥
সহচরি মোহে লাখ সমুঝায়ল
তাহে না রোপনু কান।
গোবিন্দদাস সরস বচনামৃতে
পুন বাহুড়ায়ব কান॥

শ্রীরাগ।

শুনইতে কানু মুরলী-রব-মাধুরী
শ্রবণে নিবারনু তোর।
হেরইতে রূপ নয়নযুগ ঝাঁপলু
তব মোহে রোখলি ভোর॥
সুন্দরি তৈখনে কহলমু তোয়।
ভরমহি তা সঞে লেহ বাঢ়ায়লি
জনম গোঙায়বি রোয়॥ ধ্রু॥
বিনি গুণ পরখি পরক রূপ লালসে
কাহে সোঁপলি নিজ দেহ।
দিনে দিনে খোয়াবি ইহ রূপলাবণী,
জীবইতে ভেল সন্দেহ॥
যো তুহু হৃদয়ে, প্রেম-তরু রোপলি,
শ্যাম-জলদ-রস-আশে।
সো অব নয়ন, নীর ঘন সিঞ্চই,
কহতহিঁ গোবিন্দদাসে॥

সুহই।

চরণে লাগি হরি, হার পিন্ধায়ল,
যতনে গাঁথি নিজ হাত।
সো নাহি পহিরলু, দূরে হি ডারলু,
মানিনী অবনত মাথ॥
সজনি কাহে মোর দুরমতি ভেল।
দগধ মান মঝু, বিদগধ মাধব,
রোখে বিমুখ ভৈ গেল॥ ধ্রু॥
গিরিবর নাহ, নাহ ধরি সাধল,
হাম নাহি পালটি নেহারি।
হাতক লকুটি, চরণ পর ডারলু,
ইহ কি করব পরকারি॥
সো বহু-বল্লভ, সহজেই দুল্লভ,
দরশ লাগি মন ঝুর।
গোবিন্দদাস যব, যতনে মিলায়ব,
তবহি [illegible] পূর॥

ধানশী।

কোমল মাখন জনু দেখল কান।
তুহু অবিচারে বাঢ়াগলি মান॥
রোখে বিমুখ যব চলু বরনাহ।
অব কাতর দিঠে মঝু মুখ চাহ॥
সুন্দরি তুহু সমুঝায়ব কোই।
অব বহু নিবেদনে মন মহা রোই॥
সহচরি লাখ বচন কি ভঙ্গ।
হৃদয়ে ধরলি তুহু মান ভুজঙ্গ॥
কোন কুমতি দরশায়ল এহ।
জাননু গরলে ভরল তুয়া দেহ॥
মদন কুমন্ত্রে অধীর ভেল সোই।
চললহু দংশি লখই নাহি কোই॥
ইথে বিনু নাগ-দমন রসপান।
গোবিন্দদাস মণিমন্ত্র না জান॥

তথা রাগ।

তিল এক শয়নে, স্বপনে যো মঝু বিনে,
চমকি চমকি করু কোর।
ঘন ঘন চুম্বনে, গাঢ় আলিঙ্গনে,
নিঝরে ঝরয়ে বহু লোর॥

সজনি সো যদি করু নিঠুরাই।
না জানিয়ে কো বিধি, নিধি দেই বেয়ল,
সো সুখ করি বিছুরই॥ ধ্রু॥
তুহু কাহে বিরস, বচনে মোহে মারসি,
ডারসি শোকহি কুপে।
মুরছিত জনকে, ঘাত নহে সমুচিত,
জগজনে কহব কিরূপে॥
তাজল মান, আন জন-গঞ্জন,
পিরীতে পিরীতে কবি বাধা।
রসিক সুনাহ, আপনে সুখ পায়ব,
এ বড়ি মরমে মঝু সাধা॥
সো মুখচাঁদ, হৃদয়ে ধরি পৈঠব,
কালিন্দী-বিষহ্রদ-নীরে।
পামব গোবিন্দ, দাস মরি যায়ব,
সাজি আনল তছু তীরে॥

গান্ধার।

কি কহলি কঠিনি, কালীদহে বৈঠবি,
শুনইতে কাঁপই দেহা।
ঐছন বচন, কানু যব শুনব,
জীবনে না বান্ধব থেহা॥
তাহে তুহু বিদগধ নারী।
অনুচিত মানে, দেহ যদি তেজবি,
মরমহি বিরহ বিথারি॥ ধ্রু॥
কানুক চিত, রীতি হাম জানত,
কবহু নহত নিঠুরাই।
তুহু যদি তাক, সাধ গারি দেয়সি,
তবহু বহত মুখ চাই॥
ঐছন বোল না, বোলবি সুন্দরী,
কাহে পরমাদসি এহ।
গোবিন্দদাস কহ, শপতি তোহে শত শত,
যদি উদবেগ বাঢ়াহ॥

ধানশী।

সো বহুবল্লভ সহজেই ভোর।
কৈছনে বেদন জানাব মোর॥
চলইতে চাহি তাহা আদর ভঙ্গ।
সহই না পারিয়ে বিরহ-তরঙ্গ॥

সখি হে কাহে উপেখলু কান।
না জানিয়ে দগধি চলব মোহে মান॥
সখীগণ গণইতে তুহু সে সেয়ানী।
তোহে কি শিখায়ব চতুরিম বাণী॥
মঝু এত আরতি হো জনি জান।
ইথে লাগি তব পায় সোঁপলু পরাণ॥
অব বিরচহ তুহু সো পরবন্ধ।
কানুক যৈছে হোয় নিরবন্ধ॥
জীবইতে মোহে মিলব যত কান।
গোবিন্দদাস তব তুয়া গুণ গান॥

সুহই।

যে দিগে পসারি আঁখি দেখি শ্যাম রায়।
কুলবতী-ব্রত ধৈরয নাহি রয়॥
কত না যতনে যদি মুদি দুটি আঁখি।
নবীন ত্রিভঙ্গ-রূপ হিয়া-মাঝে দেখি॥
কি হইল অন্তরে সই কি হইল অন্তরে।
আজি হইতে সখি মোর সাধ নাহি ঘরে॥
নিরবধি শ্যামনাম জপিছে রসনা।
এত দিনে অযতনে পূরিল বাসনা॥
প্রাণের অধিক কান জানিলু নিশ্চয়।
গোবিন্দদাসেতে কয় দড়াইলে হয়॥

কামোদ।

রাইক বিনয়- বচন শুনি গো সখী,
চললিহ শ্যামক আগে।
দূরহি তাক, বদন হেরি মাধব,
মানল আপন সোহাগে॥
অপরূপ প্রেমিক রীত।
আদর বিনহি, সোই বহুবল্লভ
দূতী নিয়ড়ে উপনীত॥ ধ্রু॥
দূতী কহত তুহু, কৈছন পিরীতি,
রীত বুঝই নাহি পারি।
সো যদি মান, ভরমে তোহে রোখল,
তুহু কাহে আয়লি ছাড়ি॥
আপনক দোষ, জানি যদি মন মাহা,
কাহে বাঢ়ায়লি বাত।
গোবিন্দদাস, তোহারি লাগি মাধব,
আপে চলহ মঝু সাথ॥

সুহই।

যাকর চরণ, নখরুচি হেরইতে,
মুরছয়ে কত কোটি কাম।
সো মঝু পদতলে, ধরণী লোটায়,
পালটি না হেরল হাম॥
সজনি কি পুছসি হামারি অভাগি।
ব্রজকুলনন্দন, চাঁদ উপেখলু,
দারুণ মানকি লাগি॥ ধ্রু॥
কাতর দিঠে, মিঠে বচনামৃতে,
কতরূপে সাধ নাহ।
হাম দুরখণ, সীম নাহি অনল,
অব হিয়া তুষদহ দাহ॥
সে হেন রসিক, পিয়া কাঁহা কহ,
সোঙরি মঝু মন ঝুর।
গোবিন্দদাস কহ, শুন বর নাগরি,
সোপহ তোহারি অদুর॥
একে তুহু নাগরী, নব গুণে আগরি,
বৈঠসি চতুরীসমাজ।
আপনাক বাত, আপনহি মমুরসি,
হটে নট কৈলি সব কাজ॥
মানিনী নাইক করসি রোখ।
নিকটে আনি বাত দুই পুছিয়ে
বুঝিয়ে গুণ কিয়ে দোখ॥ ধ্রু॥
অপরাধ জানি গারি দশ দেয়বি
পিরীতি ভাজবি কাহে লাগি।
পিরীতি ভাজিতে যো উপদেশল
তারক মুখে এই আগি॥
যো তুয়া চরণ পরশি মহী লুঠল
নিজ গৌরব করি দূর।
অব কাহে তাক চরিত কহি ঝুরসি
গোবিন্দদাস কহ ক্রুর॥
সো মুখচাঁদ নয়ানে নাহি হেরলু
নয়নদহন ভেল চন্দ্র।
সোই মধুর বোল শ্রবণে না শুনলু
মধুকরধ্বনি ভেল মন্দ॥
সজনি কাহে বাঢ়ায়লু মান।
প্রেমতক্ত ভয়ে অব জীউ কাতর
"তুহুঁ পরবোধবি কান॥ ধ্রু॥

সো করকিশলয় পরশে উপেখলু,
অব কিশলয়ে তনু ভোর।
নব নব লেহ সুধারস নিরমল
গরলে ভরল তনু মোর॥
সো করবিরচিত হার উপেখলু
হার ভুজগম ভেল।
গোবিন্দদাস কহ সো অতি দুরজন
যো ঐছন মতি দেল॥

ধানশী।

শুন শুন এ সখি নিবেদন তোয়।
মরমক বেদন জানসি মোয়॥
বৈঠহে নাহ চতুরগণ মাঝ।
ঐছে কহবি যৈছে না হোয় লাজ॥
সখীগণ মাঝে চতুরী তোহে জানি।
আদর রাখি মিলায়বি আনি॥
অব বিরচহ তুহুঁ সো পরবন্ধ।
কানুক যৈছে হোয়ে নিরবন্ধ॥
জীবন রহিতে নাহ যদি পাব।
গোবিন্দদাস তব তুয়া যশ গাব॥

শ্রীগান্ধার।

শুন বহুবল্লভ কান।
ভালে তুহুঁ রসিক সুজান॥
পামরী পিরীতি উপেখি।
আওলি কুলবতী দেখি॥
তোহারি রসিকগণ জানি।
কহইতে আওল বাণী॥
দেখি তুয়া এ সব কাজ।
হাস যুবতী-সমাজ॥
যো পদ পরশক আশে।
করসি কতহুঁ অভিলাষে॥
সো পদ-পঙ্কজ ছোড়ি।
কৈছে রহলি মুখ মোড়ি॥
কোন শিখায়লি রীতে।
ধিক ধিক তোহারি পিরীতে॥
ছিয়ে ছিয়ে কিলগাধি রাখে।
যাক হৃদয়ে বড় সাধে॥

গোবিন্দদাস মতি মন্দ।
হেরইতে ভৈ গেল ধন্দ॥

[রাগ।]

পরবশ দেহ থেহ নাহি বান্ধে।
নিলাজ জীউ লেহ লাগি কান্দে॥
শঠ সঞে হঠ না করয়ে কাহে আন।
মান রহুক পুন যাউক পরাণ॥
এ সখি ছিয়ে দিয়ে কহইতে লাজ।
শুনি উপহাসব যুবতী-সমাজ॥
পরজনে কিয়ে পিরীতি অনুরোধ।
পুরজন সুজন কিয়ে পরবোধ॥
কুলবতী বল্লভ নাগর কান।
গোবিন্দদাস ইহ রস পরিমাণ॥

গান্ধার।

রোখে দেখালু পিয়া বিনি অপরাধে।
না জানিয়ে এত কি পড়ব পরমাদে॥
রজনী প্রভাতে পূবব পরকাশ।
যামিনী জাগি আওল মঝু পাশ॥
শীতল দুলহ,কর দেয়ল পায়।
মানে মগধ মুই উপেখল তায়॥
কত রূপে বচন কহল সব মিঠ।
বদন ঝাঁপি হাম দেয়ল পিঠ॥
পালটি হেরি হেরি পহু মোর গেল।
গোবিন্দদাস কহ মরমক শেল॥

শ্রীগান্ধার।

হরি যব হরিখে ববিখে রসবাদর
সাদরে পুছয়ে বাত।
নিরখি বদন তোরি আকুল সো হরি
নিজ শিরে ধরু তুয়া হাত॥
মানিনী কিয়ে কঠিন তুয়া মান।
ছলে বলে দিঠি জলে তাহে কত সাধল
পালটি না হেরলি কান॥ ধ্রু॥
তছু গুণে গুণিগণ ঝুরয়ে রাতি দিন
তুয়া গুণে উনমত সোই।
বিনি অপরাধে তাহে উপেখলি
অসব গোঙায়বি রোই॥

তাকর বচন শুবণে নাহি শুনলি
রোখি চলল যব নাহ।
অব কাতর দিঠে মঝু মুখ হেরলি
পাই মনোভব দাহ॥
বিধি তোহে বাম মানধনে মজল
নাহ বিমুখ ভৈ গেল।
গোবিন্দদাস কহই চিতে মানই
ইহ বড় দারুণ শেল॥

কামোদ।

সুন্দরি কত সমুঝায়ব তোয়।
পায়লি রতন যতন করি তেজলি
অব পুন সাধসি মোয়॥ ধ্রু॥
কত কত গোপ সুনাগরী পরিহরি
যব তুয়া বশে রহ কান।
তবহু মান পরম ধন পায়লি
না হেরলি কমল বয়ান॥
বিনি অপরাধে উপেখলি মাধব
না বুঝলি আপন কাজ।
না জানিয়ে কোন কলাবতীমন্দিরে
অব রহ নাগররাজ॥
যাহে বিনু পল এক রহই না পারই
তাহে কি হেন ব্যবহার।
গোবিন্দদাস কহ অব ধনি সমুঝলি
পুন হেন না করবি আর॥

শ্রীগান্ধার।

সুন্দরি আর কত সাধসি মান।
তোহারি অবধি করি,
নিশি দিশি ঝুরি ঝুরি,
কানু ভেল বহুত নিদান॥ ধ্রু॥
কি রসে ভুলালি ও নব নাগর
নিরবধি তোহারি ধেয়ান।
রাধানাম কহই যব পন্থিক
শুনইতে আকুল কান॥
পুরুখ-বধের হেতু তুয়া অভিমান
কোন শিখায়ল রীত।
লেহ বিচ্ছেদ পুন, সহই না পারিয়ে
গোবিন্দদাস কহ নীত॥

শ্রীরাগ।

তেজল তুয়া সঙে অঙ্গ-সঙ্গহি
শয়নে স্বপনেহি ভোর।
চমকে উঠি ঘন কাঁপি মুরছল
আধ নাম লেই তোর॥
মানিনি সো কি হিয়া নাহি জাগ।
কতহুঁ সকরুণে তোহে পরবোধলি
অবহু ঐছে বিরাগ॥ ধ্রু॥
যো তনু সুন্দর ধূলিধূসর
সো মুখ নিরমল ভেল।
সো দুহু লোচনে নীর নিকসয়ে
এ দুখ কোনহি দেল॥
হরিকি রীতি নহি বিরহে জীবতি
তেজি ওদন পান।
তুহু সে সুন্দরী ভেল দুবরী
এ বড়ি সংশয় মান॥
দেহ তেজবি তাহে পেখবি
তেজবি ও নব নেহ।
মাধব উনমত অতয়ে না মানত
দাস গোবিন্দ থেহ॥

তথা রাগ।

চাঁদবদনী তুহু রামা।
কাঁহে ভেলি অতি বামা॥
হাম চকোর তুয়া আশে।
পিবইতে করু অভিলাষে॥
তুহু ধনি ভেলি বিপরীতে।
দূরে গেল বিহি বরনিতে॥
অনুগত কিঙ্করে দোখে।
তুহু নাহি সমুঝসি রোখে॥
যবহু উপেখবি মোহে।
বধু বধ লাগয় তোহে॥
জগভরি অপযশ গাব।
গোবিন্দদাস মরি যাব॥

শ্রীরাগ।

অরুজন বচন শুবণে তুহু ধারলি
কোপহি রোখলি মোয়।
তুয়া বিনে শয়নে স্বপনে নাহি জানিয়ে
স্বরূপে কহল সব তোয়॥
মানিনি মোহে চাহি কর অবধান।
দারুণ শপথি করিয়ে তুয়া গোচরে
যাহে তুহু পরতীত মান॥ ধ্রু॥
কুচ যুগ কনক মহেশ সম জানিয়ে
তাপর ধরি হাম পাণি।
নহে জানি ধরম ঘটহি করি পরীখহ
উচিত কহিয়ে এই বাণী॥
মনমথ অনল অন্তর মাহা জলিতহি
তুহু জনু কাঞ্চনগোরী।
অনলে হাম সাহসে উঠায়ব
সাঁচি জানব তব মোরি॥
তোহারি লোমাবলী কালভুজঙ্গিনী
হার-তরঙ্গিণী জানি।
গোবিন্দদাস ভণি পরশ করহ ফণী
নহে জানি ডুবহ পানী॥

ভূপালী।

তোহারি কোর পর যো হরি তোর।
তুয়া নাম লেই যবহু ভেল ভোর॥
কতিহু গেলি বলি মুরছল সেহ।
তুহু পুন ভোরী না বান্ধহ থেহ॥
এ ধনি বিছুরলি সো দিন তোই।
কৈছে রহল এত মানিনি হোই॥
তোহে না হেরি তিল যুগ ছিল যাক।
সো বিরহানলে পড়ল বিপাক॥
ফুল পর তুয়া সঞে শুতল যেই।
তুয়া আগে ধূলি লোটায়ই সেই॥
অঙ্গে না সহ ফুল মালতী দাগ।
বিন্ধয়ে মদনবাণ তহি লাখে লাখ॥
কবহু নাহ তুয়া দুঃখ না জান।
গোবিন্দদাস কহ তেজহ মান॥

শ্রীরাগ।

দূরে সঞে নয়নে না হেরবি নিয়ড়ে
রহবি শির' নামাই।
পরশিতে শিয়রি করহি কর বাঙ্ঘবি
যতনে রোখ নিয়মাই॥

সুন্দরি অতয়ে শিখায়ব তোয়।
বিনহি মানে যদি সো বহু-বল্লভ
আপন বশ নহি হোয়॥ ধ্রু॥
পুছইতে গোরি চমকি মুখ মোড়বি
হসইতে জনি তুহু হাস।
করইতে মিনতি, শুনই নাহি শুনবি,
কহবি আনহ ভাষ॥
পড়ইতে চরণে, বাবি দিঠি পঙ্কজে,
পুজবি সো মুখচন্দ।
গোবিন্দদাস কহ, যাক হৃদয়ে রহ,
তা সঞে এত পরবন্ধ॥

কামোদ।

মাধব অপরূপ পেখলু রামা।
মানিনী মানে, ধরণী পর লেখই,
নয়ানে না হেরই শ্যামা॥
শুনইতে বিদগধ, নাগরশেখর,
আকুল গদ গদ বোল।
কি করব যবে হাম, রজনী বকুল,
তবহি হৃদয়ে মঝু দোল॥
হামারি শপতি তোহে, শুন শুন সহচরি,
তুরিতে গমন করু তাই।
বহুত যতন করি, তাহে মানায়বি,
যৈছে সদয় হোয়ে রাই॥
শপতি বচনে সোই, কিছু নাহি বোলল,
আওল মাহিনীপাশ।
হেরইতে রাই, বিমুখ ভৈ বৈঠব,
কহতহিঁ গোবিন্দদাস॥

জয়জয়ন্তী।

তো বিনু সুখময়, শয়ন তেজল,
নিন্দই চন্দন চন্দ।
ভতল ভুতলে, কুয়ল কুন্তল,
কাম চামরবন্ধ॥
তেজহ দারুণ, মান মানিনী,
নাহ গাহক তোরি।
তুহে সে মরকত, মুরতি মানই,
কাঁচা কাঞ্চন গোরী॥
নীল উৎপল, শ্রাম শ্যামর,
ধাম খামর দেহ।
কুসুমশর জর, বরিখে ঝর ঝর,
নয়ন সাওল মেহ॥
বিরহ মোচন, এ তুয়া লোচন,
কোণে হেরবি কান।
রায় চম্পতি বচন মানহ,
দাস গোবিন্দ ভাণ॥

কামোদ।

কানু উপেখি, রাই মহী লিখই,
মানিনী অধনত মাথ।
নিরুপমা নারী, বেশ ধরি সো হরি,
আওল সহচরী সাথ॥
শুন সজনি কি ফল মানিনী মানে।
চাট কানাই, কত ভঙ্গী জানত,
কো করু কত অবধানে॥ ধ্রু॥
শ্যামরী হেরি, সখীক রাই পুছত,
সো কহ বুজনবরামা।
তুয়া সখী হোয়ত, যতনে চলি আওত,
কোরে করহ ইহ শ্যামা॥
করইতে কোরে, পরশে ধনী জানল,
কানুক কপট বিলাস।
নাসা পরশি, হাসি দিঠি কুঞ্চিত,
হেরত গোবিন্দদাস॥

বিহাগড়া।

প্রেম আগুনি, মনহি গুণি গুণি,
এ দিন যামিনী জাগি।
মদন-কুঞ্জর, কুঞ্জে রোয়ই,
তোহারি রসক লাগি॥
কি ফল মানিনী, মান মানসি,
কানু জানসি তোরি।
তুহু সে জলধর, অঙ্গে শোভত,
যৈছন দামিনী গোরী॥
নওল কিশলয়, বলয় মলয়জ,
পঙ্ক পঙ্কজ-পাত।
শয়নে ছটফট, লুটই মহীতলে,
তো বিনু দহই গাত॥

জানহ পুন পুন, সো পিয়া পরাধন,
সোই পুজে পাঁচ বাণ।
রায় চম্পতি, ঐ রস গাহক,
দাস গোবিন্দ ভাণ॥

ভূপালী।

তুহু রহ গরবিণী বালক গেহ।
সো ভগি আওল শাওন মেহ॥
তুহু শুতল সুখময় পরিষঙ্ক।
সো তরি আওল পাথর পঙ্ক॥
এ ধনি দূর কর অসময় মান।
পুণফলে মিলল রসময় কান॥
ঝলমল দামিনী যামিনী ঘোর।
কামিনী কি তেজই কান্তক কোর॥
ঘন ঘন গরজন অম্বর মাহ।
বরজত কোন এ হেন বর নাহ॥
এতহু কহত যব গতি মতি বাম।
না জানিয়ে কোই আধারল কাম॥
গোবিন্দদাস দেখত তব সাঁচ।
কাকর অঙ্গনে কো পুন নাচ॥

শ্রীরাগ।

পদুমিনি পুন পরবোধহ তোয়।
পীতাম্বর-পদ- পঙ্কজ পরিহরি,
কামিনী কাতরে রোয়॥ ধ্রু॥
পুছইতে পহিলে, পাণি উলটায়সি,
পরিজন পর করি মান।
প্রিয় পরিবাদ, পরশি পরিহারসি,
পুরে পাইনু পাঁচবাণ॥
পিরীতিক পাঁতি, পাঠে পরিহাসসি,
পহু পরিণত নাহি মান।
পাহন পুতলি, পরখি পরে পেখলু,
পরপীড়ন নাহি জান॥
পুরুষোত্তমক, প্রেমপরিরম্ভণ,
পুণবতী পাওই কোই।
প্রাণ-পিয়ারি, পদবী পরিহারল,
গোবিন্দদাস কহ তোই॥

তৃতীর উক্তি।

কামিনী কানু কহল কত মোয়।
কোমল কেলি, কুতুহল কমলিনী,
কোপে কঠিন তরু তোয়॥ ধ্রু॥
কালিন্দীকূল, কদম্বকানন,
কুসুমিত কুঞ্জকুটীর।
কাম-কলহ করি, কপটে কলাবতী,
কানুক করহ অথির॥
পরশিতে কান্ত, কবরী কুচকঞ্চুক,
কত সময় কয় বারি।
কুটিলকটাক্ষ, কুসুমশরে কোপিনী,
কিয়ে না কর হামারি॥
করইতে কোরে, কাঁপি কত কাকলি,
কোকিল কুঞ্জিত ভাষে।
কালি কুঞ্জবনে, কৈতবে কি কহল,
কতহু না গোবিন্দদাসে॥

ধানশী।

সজনি আজু নিজ মন্দির মাঝ।
শুতি স্বপনে হরি উর পর পেখলুঁ,
শ্যাম সুনাগর-রাজ॥ ধ্রু॥
পর-পরিহাস, হাস-অবলোকনে,
ঘন পরিরম্ভণ দেল।
হাম অভাগিনী, জাগি মুখ হেরইতে,
পুন দরশন নাহি ভেল॥
উঠি চমকিত তহিঁ, চৌদিশে হেরলুঁ,
পড়লহু মনমথ-ফান্দে।
কনক-কলস দউ, কুচ-যুগ হেরলুঁ,
না হেরলুঁ সো মুখ চান্দে॥
এতহু লাজ-কাজ, অব বৈভব,
আন ঘরে কভু পাছে হোই।
মদন-দহন-শরে, অন্তর দগধই,
জীবইতে না জীবই কোই॥
গোবিন্দদাস কহ, মৌনে ধনি অব রহ,
আনে কিছু না করিহ ভান।
আজু অনঙ্গ-ভরে, তুয়া নিজ মন্দিরে,
স্বরূপে মিলব কান॥

মঙ্গল গুর্জ্জরী।

সঙ্কেত লাগি, রজনী হম জাগরি,
সহচরীগণ করি সঙ্গ।
না জানিয়ে কাহে, আজু বিঘটিত হোয়ল,
আন আন রসরঙ্গ॥
সজনি নিশিক অবধি বহি গেল।
হরি পরিণাহ, কাহ পর সাজল,
মোহে দেই দারুণ শেল॥ ধ্রু॥
গুণমণি গুণহি, লুবধ মন বান্ধল,
বিপরীত সুরত-বিলাস।
উচ কুচ-কঞ্চুক, বান্ধি হিয়া ঝাঁপল,
দেই বাহুযুগ পাশ॥
দূতীক হাতে, পাঁতি লিখি পঠায়লি,
কিশলয় কাজর-লোরে।
গোবিন্দদাস-পহু, অবহু না আওল,
কি পাই রহল তহি ভোরে॥

ধানশী।

পরিজন সকল মন্দির তেজি গেলহি,
চান্দ গহণ দিন লাগি।
একলি মন্দিরে, রহ বর-নাগরী,
নিন্দ ভরে যামিনী জাগি॥
বিদগধ মাধব রসিক সুজান।
রাইক পিরীতি, বিনতি নহি মানসি,
অবিলম্বে করহ পয়াণ॥ ধ্রু॥
মঙ্গল কলস, ঠাম ঠাম পূরল,
চূত পল্লব ধরু তায়।
সহচরী মেলি, রঙ্গ-রস-কৌতুক,
আনন্দে ওর না পায়॥
আভরণ বসন, অঙ্গে সব সোহন,
হেরইতে রতি-পতি-ভুলে।
গোবিন্দদাস, কহই বরনাগরি,
বিহি তুহে ভেল অনুকূলে॥

গান্ধার।

রজনী উজোরল চান্দে।
হেরি হেরি ধনী কান্দে॥
পরভৃত লহু লহু নাদ।
শুনইতে বড় পরমাদ॥
বিদগধ রসিক মুরারি।
কাহে আশোয়াসলি নারী॥
ছটফট ধরণী শয়ান।
কত সহ অবলা-পরাণ॥
নিমিখ কলপ করি মান।
গোবিন্দদাস সব জান॥

ধানশী।

হরিণী নয়নী ধনী, তেজি নিজ মন্দির,
তুহারি পরশ-সুখ-সাধে।
গুরুজন পরিজন, পাপ পহরীগণ,
কুঞ্জ গমন করু বাধে॥
মাধব কত পরবোধব রাই।
কনয়-পুতলী তনু, শামরী ভেলি বনু,
প্রেম-ধূম অবগাই॥ ধ্রু॥
বিগলিত কবরী, সম্বরি নহি বান্ধই,
ধরণী লোটায়ই রোই।
পরবশ দেহ, লেহ-রস-লালসে,
জীবন সোঁপল তোই॥
লাখ আশোয়াস, লখই নহি পারিয়ে,
বহুত কি নহি নিশোয়াস।
তুহারি নাম গুণ, শুনি তনু পুলকই,
কি কহব গোবিন্দদাস॥

ধানশী।

মন্দির তেজি, কানন মাহ পৈঠলুঁ,
কানু-বচন পতি আশে।
আভরণ বসন যে, অঙ্গে চড়ায়লুঁ,
তাম্বুল কর্পূর সুবাসে॥
সজনি সো মঝু বিপরীত ভেল।
কানু রহল দূরে, অনরথ আসি ঘারে,
মনমথ দরশন দেল॥ ধ্রু॥
ফুলশরে জরজর, সকল কলেবর,
কাতর মহী গড়ি যায়।
পরভৃত-বোলে, ভোলে সব অন্তর,
উঠি বসি রজনী পোহায়॥
শীতল চন্দ, গরল সম লাগয়ে,
মলয়জ পবন হুতাশ।
লোচন-নীর, থির নহি বান্ধই,
কান্দই গোবিন্দদাস॥

মালশী।

হৃদয়ক মান গোপসি তুহু থোরি।
বুঝল মো খলজনবচনে বিভোরি॥
বিফল মানিনী মান বাঢ়হ।
তাকর দরশ পরশ অবগাহ॥
বিচারিতে দোষলেশ নাহি তাই।
গুণগণ ঐছন কাহা নাহি পাই॥
অভিলক ইথে যদি কর বড়াই।
গোবিন্দদাস বচন হিয়ে নাই॥

জয়জয়ন্তী।

প্রাণপ্রিয় দুখ, শুনি শশিমুখী,
পুছই গদ গদ বোল।
অমল কুবলয়, নয়ান যুগলহি,
গলয়ে ঝর ঝর লোর॥
বেশ বেশামল, সবহি বিছুরল,
চলনি পরিহরি মান।
তেজল কুলভয়, নাহি গৌরব,
মনহি জাগল কান॥
পীন পয়োধর, জঘন গুরুতর,
ভারে গতি অতি মন্দ।
আরতি অন্তর, পন্থ দূরতর,
বিহিক বিরচন নিন্দ॥
গচল মনোরথে, চলল সুন্দরী,
বিঘন বিপদ না মান।
মিলল ভামিনী, কুঞ্জধামিনী,
দাস গোবিন্দ ভাণ॥

শ্রীরাগ।

বদন না কর মলিন ছাঁদ।
বাদে কি আওয়ে পূর্ণিমক চাঁদ॥
অধর বান্ধুলী মধুর হাস।
নীরস না কর দীরঘ নিশাস॥
রাই হে অব তেজহ মান।
চরণে লাগি তোহে সাধয়ে কান॥ ধ্রু॥
চঞ্চল নয়ন খঞ্জন জোর।
ভাঙভুজঙ্গম রাহ আগোর॥
কি ফল মোহে এতহুঁ রোখ।
জগতে বিদিত দাসক দোষ॥
বচন অমিয় বিনু যে নাহি জীয়ে।
মানকুলিশ দরশায়সি কিয়ে॥
গোবিন্দদাস-চিতে এই আশ।
তেজল বহয়ে মান অভিলাষ॥

শ্রীরাগ।

সুন্দরি জানলু তুয়া দুখ ভাণ।
হরি নিজ মুকুরে, হেরি নিজ ছাহকি
তাহে সৌতিনী করি মান॥ ধ্রু॥
কানন কুঞ্জে কুসুমশরে জরজর
বয়ান হেরি পুন তাবি।
ভাগ্যে মিলন পুন তোরে কমলমুখি
রোখে চললি মুখ মোড়ি॥
কত কত মৃগাক্ষী যৈছে ভেল বঞ্চিত
হরি পুন তাহে না লাগি।
তুহু পুণবতী তোহে যোহি মানাওত
কি কহব তোহারি সোহাগি॥
তো বিনু শুতল শীতল ভূতলে
দুসতর বিরহ-হুতাশে।
তুয়া কর পরবশ সরস বিনি বায়ত
তোহে কহ গোবিন্দদাসে॥

সহই।

শুনি ধনি কহ তুয়া কানে।
জনি কর অরুণ নয়ানে॥
হরি হিয় অধিক উজোর।
জনি মণিময় যে মুকুর॥
কানু কোরে নহে নারী।
প্রতিবিম্ব ভেল তোহারি॥
ইথে যদি তুহু কর আনে।
সবহু হসব তুয়া মানে॥
ঐছন কতিহু না দেখি।
অবিচারে মাহ উপেখি॥
দোষ দেখি না দুখহ তাই।
গোবিন্দদাস বলি যাই॥

তিরোতা ভূপালী।

রসবতী রাধা রসময় কান।
কো জানে কাহে কয়ল তুহু মান॥
তুহু অতি রোখে বিমুখ না বৈঠ।
দুহু বৃন্দাবন-বন মাহা পৈঠ॥
কি কহব রে সখি কহইতে হাস।
কিয়ে কিয়ে অদ্ভুত দুহুক বিলাস॥
লোচন লোরে ভরি দুহু পন্থ।
পাওল তিমির নিকুঞ্জক অন্ত॥
দুহু দুহা পুছইতে দুহু মতি বাম।
দুহু কহলি নিজ সহচরী নাম॥
ভরমে কহত মরমক বোল।
সহচরী রোখে তুহু দুহু কর কোর॥
সব তুহু মেলি আলিঙ্গন দেল।
গোবিন্দদাস কহত কিয়ে ভেল॥

কেদার।

ইহ মধু যামিনী মাহ।
কাহে লাগি মান   দহনে তনু দহি দহি
দুহু মুখ দুহু নাহি চাহ॥ ধ্রু॥
উহ সুপুরুখবর   বিদগধ-শেখর
এ অবিচল কুলবালা।
বিহি যো না জানল   মদন ঘটায়ল
জনু জলধরে বিধুমালা॥
চাঁদ উদয়ে কিয়ে   কুমুদিনী মুদিত
চাঁদনী বিমুখ চকোর।
ঐছন যামিনী   কবহু না পেখিয়ে
কিয়ে বিধি মতি ভোর॥
দুহু তনু পরশ   ক্ষণেক পরশহি
জলধরে দামিনীমালা।
ঐছন কামিনী   সো সুপুরুখবর
দুহুক দুলহ নববালা॥
সহচরী বচন   শুনিয়া দুহু হরষিত
দুহু মুখ হেরি দুহু হাস।
দুহুক অনুভব   পূরল মনোরথ
গোবিন্দদাস পরকাশ॥

সুহই।

(সখী-উক্তি)

কোরে রহি তু দুহু মানহ দূর।
ভিন ভিন অব দুহু দুহু মন ঝুর॥
না বুঝিয়ে দারুণ প্রেম-তরঙ্গ।
কহইতে আন আন ভেল রঙ্গ॥
সুন্দরি ঐছন সো কর মান।
পরবেদন হিয়ে যো নাহি জান॥
তুয়া লাগি যো হরি করত ধেয়ান।
সো দুখে তুহু ধনী ভেল অগেয়ান॥
ধরণী বিলম্বিত বিরস বয়ান।
কাঁহে বাঢ়ায়সি   অকারণ মান॥
শ্যামকলেবর ধূলিক সাথ।
মলিন বদন ভেল দূবরি গাত॥
কমল-নয়ানে নীর ঘন ঘন গলই।
তোহার কমল দিঠি নিঝরই ঝরই॥
সো তনু ছটফট মদনহি বাণে।
তোহারি মরম-দুখ মরমহি জানে।
অরুণ-নয়নী বৈঠল পিয়া পাশ।
চরণে লাগি কহ গোবিন্দদাস॥

ধানশী।

শ্যাম তনু হিয়ে তিমির বিরাজ।
সিন্দূর চিহ্ন কিয়ে আর কত সাজ॥
তরল তার কিয়ে টুটল হার।
নখপদ কিয়ে নব শশীক সঞ্চার॥
ঐছে দোষাকর হেরইতে কান।
প্রাতরে পহিল রজনী ভেল ভান॥
পুন অনুমানিতে হাস ভেল ভোর।
টীট কানাঞি কয়ল মোহে কোর॥
তবহু যতন করি করইতে মান।
হাস কুমুদে তহি সব কয় আন॥
মানিনী মান-গরব ভেল চূর।
নাগর আপন মনোরথ পূর॥
তবহু না জানল দিন কিয়ে রাতি।
গোবিন্দদাস কহ সমুচিত ভাতি॥

ধানশী।

মুরলী মিলিত অধর নব-পল্লব
গায়ত কত কত রাগ।
কুলবতী হোই মন্দির ছোড়ি আয়লু
সহিতে না পারি বিরাগ॥
মাধব তোহে কি শিখায়ব আন।
গৌরী আলাপি শ্যাম নট সঞ্চরু
অব তুহু বিদগধ জান॥ ধ্রু॥
মুরলী ছোড়ি অছু মধুর আলাপিতে
সব জন নাহি আন।
কণ্ঠহি কণ্ঠ মেলি অবহি সমুঝিয়ে
ঘতি খণে হোত সুঠাম॥
নিরঞ্জন জানি হৃদয়ে অব ধারবি
ঐছন গুণবতী ভাষ।
গুণিজন-লাজ ঐছে নাহি হোয়ত
কহতহি গোবিন্দদাস॥

বরাড়ী।

মনমথ-মকর ডরহি ডর কাতর
মঝু মানস-ঝস কাঁপ।
তুয়া হিয়ে হার তটিনীতট কুচ ঘট
উছলি পড়ল দেই ঝাঁপ॥
সুন্দরি সম্বরু কুটিল কটাখ।
কলসীক মীন বড়সী কিয়ে ডারসি
এ অতি কঠিন বিপাক॥ ধ্রু॥
পুন দেই ঝাঁপ পড়ব যব আকুল
নাভি-সরোবর মাহ।
তাহি রোমাবলী ভুজঙ্গী সঙ্গ ভয়ে
ত্রিবলী বেণী অবগাহ॥
তাহি ফিরত কত কতহু মনোরথ
দৈবিক গতি নাহি জান।
কিঙ্কিণী-জালে পড়ল ভেল সংশয়
গোবিন্দদাস রস গান॥

শ্রীরাগ।

মদন-কিরাত কুসুম-শরে জরজর
বৃন্দাবন-মন মাঝ।
তেঁই আকুল হরি তোহারি স্মরণ করি
পরিহরি পৌরুষ লাজ॥
সুন্দরি তুয়া দিঠি অখিল সন্ধানে।
মনমথ মারিতে জোরি নয়ন-শর
হানলি হামার পরাণে॥ ধ্রু॥
দুহু শরে জর জর জীবন অন্তর
কিয়ে করব নাহি জান।
নিজ যশ চাই রাই অব দেয়বি
অধর-সুধারস পান॥
মণিময় হার তরঙ্গিণী-তীরহি
কুচ-কনকাচল ছায়।
ঐছে তপত জনে গোপতে রাখবি তব
গোবিন্দদাস গুণ গায়॥

তথা রাগ।

কনকলতা কিয়ে বিকশল পদুমিনী
কিয়ে মহী বিজুরী উজোর।
কুঞ্জকুটীরে কিয়ে উয়ল হিমকর
হেরইতে ভৈ গেনু ভোর॥
সুন্দরি তোহারি চরিত বিপরীতে।
কাজর গরলহি ভরল নয়ন-শর
হানলি অন্তর চিতে॥ ধ্রু॥
তর অগেয়ান কয়লি তুহু ঐছন
অব সুপুরুখ বধ জান।
উচ কুচ পাতর সরস পরশ দেই
উদঘাটহ দিঠি বাণ॥
আশ পাশ হাস দরশায়সি
অতি খণে ধরবি পরাণ।
বিঘটন সময় পালটি নাহি আওত
গোবিন্দদাস পরমাণ॥

ধানশী।

কাননে কুসুম তোড়সি কাহে গোরী।
কুসুমহি সব তনু নিরমিত তোরি॥ ধ্রু॥
আনন হেম সরোরুহ ভাস।
সৌরভে শ্যাম-ভ্রমর মিলল পাশ॥
নয়নযুগল নীল-উৎপল জোর।
সহজ শোহায়ন শ্রবণক ওর॥
অপরূপ তিলফুল সুললিত নাস।
পরিমলে জিতল অমরতরু বাস॥
বান্ধুলী মিলিত অধর মাহা হাস।
দশনহি কুন্দ-কুসুম পরকাশ॥

সৰ তনু ফুটে চম্পক সম গোৰা।
পাণিক তল থলকমল উজোৰা॥
গোবিন্দদাস অতয়ে অনুমান।
পূজহ পশুপতি নিজ তনু দান॥

ভূপালী।

পতি অতি দুরমতি কুলবতী নারী।
স্বামি-ব্রত পুণ ছোড়ি না পারি॥
সে রূপ যৌবন এক নহে উন।
বিদগধ নাহ না হোয়ব পুন॥
এ ছবি অতয়ে দেখাযবি পন্থ।
পূজব পশুপতি গোরী একান্ত॥ ধ্রু॥
সহজে বধূজন গতিমতিহীন।
ঘর সঞে বাহির পন্থ না চিন॥
না মিলল কোই বনহি বন আন।
অনুসরি মুরলী আয়লু এই ঠাম॥
আয়লু দূরে পুন বাণিজ সাথে।
একলি বলি করহ জনি বাদে॥
তুহু যৈছে গোরী আরাধলি কান।
গোবিন্দদাস তাহে পরমাণ॥

ইমনকল্যাণ

মঝু মুখ-কমল বিমল রস-পরিমলে
জানলু তুহু অতি ভোর।
স্বামীক নিয়ড়ে কতহু কর কলরব
না জানি কৈছে দিন তোর॥
দূরে রহ শ্যাম ভ্রমরবর রাগ।
স্বামীক সেবন করইতে ঐছন
জানি করহ অনুরাগ॥ ধ্রু॥
এতহু তিয়াসে হোত যব আকুল
কি ফল মন্দিরে গুঞ্জ।
তাহি চলহ যাহা কুসুম বিথারল
মঞ্জুল মাধবীকুঞ্জ॥
এতহু সঙ্কেত কয়ল যব যামিনী
কানু চলল সোই ঠাম।
গোপ-কোঙর ভ্রমর বলি খোঁজত
গোবিন্দদাস রস গান॥

কেদার।

দেখ রাধামাধব মেলি।
মুরতি মদন রস-কেলি॥
ও নব জলধর অঙ্গ।
ইহ থির বিজুরী-তরঙ্গ॥
ও বর মরকত ঠাম।
ইহ কাঞ্চন দশবাণ॥
ও মত্ত মধুকর-রাজ।
ইহ নব পদুমিনী সাজ॥
ও নব তরুণ তমাল।
ইহ হেম যূথী রসাল॥
অরুণ নিয়ড়ে পুন চন্দ।
গোবিন্দদাস বহু বন্ধ॥

মল্লার।

ভুলে ভুলে রে দোঁহার রূপে নয়ন ভুলে।
কনক-লতিকা বাই তামালকোলে॥
বীজই বনে বনে ভ্রমই দুহু।
দুহুঁর কান্ধে শোভে দুহুঁর বাহু।
দীপ-সমীপে যেন ইন্দ্রনীল মণি।
জলদ জড়ায়ল যেন সৌদামিনী॥
কষিতে কষিল নহে কুন্দন হেম।
তুলনা দিবার নাহি দুহুঁর প্রেম॥
বদনে বদন দিতে মদন জাগে।
আলিঙ্গন দিয়া শ্যাম কিবা ধন মাগে॥
চান্দ উপরে চান্দ পিয়ে রস সুধা।
গোবিন্দদাস কহে না ভাঙ্গিল ক্ষুধা॥]

অনুরাগ

ধানশী।

রূপে ভরল দিঠি সোঙরি পরশ মিঠি
পুলক না তেজই অঙ্গ।
মোহন মুরলী-রবে, শ্রুতি পরিপূরিত,
না শুনে আপন পরসঙ্গ॥
সজনি অব কি করবি উপদেশ।
কানু অনুরাগে মোর, তনু মন বাতুল
না সহে ধরম-ভয়-লেশ॥ ধ্রু॥
নাসিকা সে অঙ্গের, সৌরভে উনমত,
বদনে না লয় আন নাম।
নব নব গুণগণে, বান্ধল মঝু মনে,
ধরম রহব কোন্ ঠাম॥

গৃহপতি তরজনে, গুরুজন গরিজনে,
কো জানে উপজয়ে হাস।
তহি এক মনোরথ, যদি হয়ে অনুরত,
পুছত গোবিন্দদাস॥

তুড়ি।

মুঞি যদি বল, পাসর কান,
মনে সে না লয় আন।
তিল আধ আর মুখ নাহি দেখি,
নিঝরে ঝরে নয়ান॥
শুন শুন শুন, পরাণের সই,
কানুর পিরীতি কাজে।
তনু মন প্রাণ, ভেল পরাধীন,
কি আর করিবে লাজে॥ ধ্রু॥
শ্যামের নামে সে, পরাণ উছলে,
ঐছন হয় অকাজে।
(যদি) শুনিতে না চাহ, কানুর বচন,
কানে সে মুরলী বাজে॥
(যদি) চলিতে না চাহ, কানুর পাশে,
চরণে থির না বান্ধে।
গোবিন্দদাস কহে, কানুর লাগিয়া,
ভালে সে পরাণ কান্দে॥

ধানশী।

শুনইতে অনুক্ষণ যছু নব গুণগণ
শ্রবণ নয়ন ভৈ গেল।
দরশনে তাকর এ হেন লোর ঝর
নয়ন শ্রবণ সম ভেল॥
হরি হরি কি ভেল দারুণ কাজ।
না জানিয়ে কো বিহি বিধন বাড়াওল
কানু সমাগম মাঝ॥ ধ্রু॥
যা সঞে কেলি কলারস লালসে
লাখ মনোরথ কেল।
তাকর পাণি পরশে তনু পরবশ
তবহি অচেতন ভেল॥
হিয়া মনসার হাম নাহি পহিরনু
যাক পরশ রস আশে।
তাক বিচেছ্দে জীউ নাহি নিকসয়ে
কহুতহিঁ গোবিন্দদাসে॥

কামোদ।

নব নব গুণগণ, শ্রবণ রসায়ন,
নয়ন রসায়ন অঙ্গ।
রভস সম্ভাষণ, হৃদয় রসায়ন,
পরশ-রসায়ন সঙ্গ॥
এ সখী রসময় অন্তর হার।
শ্যাম সুনাগর, গুণগণ আগর,
কো ধনী বিছুরয়ে পার॥ ধ্রু॥
গুরুজন গঞ্জন, গৃহপতি তরজন,
কুলবতী কুবচন ভাষ।
যত পরমাদ, সবহু পুন মেটব,
মুরলী রব আশোয়াস॥
কিয়ে কবব কুল, দিবস দীপ তুল,
প্রেম-পবনে মন ডোল।
গোবিন্দদাস যতন করি রাখত
লাজক জ্ঞানে আগোর॥

সুহই।

সো কুলবতী অতি, দুলহ গতাগতি,
পরম দুরমতি ধরধার।
পাপিয়া পিরীতি, এতহু না সমুঝিয়ে,
দোসর মদন গোঙার॥
সজনি রাই সহজে পরতন্ত্র।
গহন বিরহ গহ, কবহু না দূর রহ,
ইথে কি আছয়ে মণিমন্ত্র॥ ধ্রু॥
দরশনে নহত, নয়ন ভরি তিরপিত,
পরশনে না রহে গেয়ান।
তাহা বিনু তনু মন, জীবন জরজর,
কহত কিয়ে সমাধান॥
বিছুরত মরমে, মরম মহা পৈঠত,
স্বপনে না হেরই আন।
অমিলন মিলন, দুহু ভেল সমতুল,
গোবিন্দদাস ভালে জান॥

শ্রীগান্ধার।

কাহারে কহিব, কানুর পিরীতি,
তুমি সে বেদনী সই।
রসের ধাধসে ধস ধস হিয়া,
তেঞি সে তোমারে কই॥

ও নব নাগর, রসের সাগর,
আগর সকল গুণে।
সে রস পিরীতি, আদর আরতি,
ঝুরিয়া মরির মেনে॥ ধ্রু॥
পিরীতি বোল, কত না ছল,
সে কি না আকুতি সাধে।
মান নাশিয়া, মধুর ভাবিয়া,
হাসিয়া মরম বাঁধে॥
সে মোর কোলেতে, করিয়া ভরিয়া
বদনে বদন দিয়া।
মধুর চুম্বিয়া, বিধু বিম্বিয়া,
পরাণ লইল পিয়া॥
কাঁচুলী ফাড়িয়া, সে রস লুটিয়া,
অমিয়া মধুপ জনু।
কমল কোরক, ভরমে কি হৈল,
গুণিতে ঘূর্ণিত তনু॥
ও দিঠি চাতুরী, মুখের মাধুরী,
লহরী বহয়ে আর।
এ সুখ শুনিয়া, ঝুরিয়া মরুক,
দাস গোবিন্দ ছার॥

ধানশী।

পিরীতি কি রীত, কোন অবগাহক,
সহজই বঙ্কিম সোই।
যো রস ধাধসে, ধস ধস অন্তর,
পাঁজর জর জর হোই॥
সজনি তাহে কি কানুক লেহা।
যত যত নিতি, চিতে মঝু উঠয়ে,
ভাবিতে আকুল দেহা॥ ধ্রু॥
পরবশ হোই, যো ধনী জীবয়ে,
প্রেমবিলাসক আশে।
দরশন দুলহ, দূরে বহু লালস,
নিচয়ে মরণ অভিলাষে॥
মরমক বোল, কহত হিয়া ডোলত,
কো কহু জনি পরিবাদে।
গোবিন্দদাস, বচনে হাম ভুলনু,
তাহে ভেল পরমাদে॥

কামোদ।

সবহু বধূজন, চলু বৃন্দাবন,
গৌরী আরাধন লাগি।
ঐছন মুগধ, বচন রচন করি,
গুরুজন অনুমতি মাগি॥
হরি হরি কাহে শিখল পরকার।
গুরুজনে বাঁচি, মিছুই বচনামৃতে,
দিনহি করল অভিসার॥ ধ্রু॥
বেশ বনাওত, ননদী শুনায়ত,
চতুর সখী সঙ্গে যাত।
গৌরী আরাধি, মনোরথ পূরব,
পশুপতি-নন্দন সাথ॥
সুবাসিত কুসুম, কর্পূরিত তাম্বুল,
ভরি লেই চন্দন কটোর।
গোবিন্দদাস, পথ দরশায়ত,
যাঁহা নাহি কণ্টক আচোর॥

ভাটিয়ারী।

সই এবে বলি কি আর কুলের ধরমে।
দীঘল নয়ানের বাণ হানিলে মরমে॥
সই, এবে বলি তার কি সন্ধান॥
তাকিয়া মেরেছে বাণ যেখানে পরাণ॥
সই, এবে বলি না রহে পরাণ।
জাগিতে ঘুমাতে দেখি হাসিয়া বয়ান॥
সই, এবে বলি কি রূপ সামনি।
যাচিয়া যৌবন দিব শ্যামরূপের নিছনি॥
সই, এবে বলি মনে তাহাই জাগে।
গোবিন্দদাস কহে নব অনুরাগে॥

ধানশী।

সুন্দরি ধরবি বচন হামার।
কানুক প্রেম, রতন পুন গোপবি,
বেকত করবি কুলাচার॥ ধ্রু॥
ধৈরয লাজ, করণ তুয়া সমুচিত,
শুনবি গুরুজন ভাব।
আপক মান, আপে পুন রাখবি,
যৈছে নহত উপহাস॥

তুয়া সম কো পুন, আছয়ে ত্রিভুবন,
কুল শীল গুণবন্ত।
ঐছন দুহু কুল, তেবইতে উজোর,
ধন জন গৌরব অন্ত॥
ভাব অন্তরে যব, হোয়ত অঙ্কুর,
আনতহিঁ দেযবি চিত।
গোবিন্দদাস কহ, ঐছে প্রেম নহ,
অনুরাগ গতি বিপরীত॥

তথা রাগ।

কুন্দ-কুসুমে কক্ক করবকি ভার।
হৃদয়ে বিরাজিত মোতিম হার॥
চন্দনে চরচিত রুচির কপূর।
অঙ্গহি অঙ্গ অনঙ্গ ভরিপূর॥
চাঁদনী রজনী উজোরলি গোরী।
হরি অভিসার সভস-রসে ভোরি॥
ধবল বিভূষণ অম্বর ধরই।
ধবলিম কৌমুদী মিলি তনু চলই॥
হেরইতে পরিজন লোচন ভুল।
রঙ্গ-পুতলী যেন রস মাহা বুল॥
পুরিত মনোরথ গতি অনিবার।
গুরু কুলকণ্টক কি করয়ে পার॥
মূরতি শিঙ্গার পিরীতিময় ভাষ।
মিললি নিকুঞ্জে কহে গোবিন্দদাস॥

কামোদ।

আদরে আগুসরি, রাই হৃদয়ে ধরি,
জানু উপরে পুন রাখি।
নিজ কর-কমলে, চরণযুগ মুছই,
হেরই চির থির আঁখি॥
পিরীতি মুরতি অধিদেবা।
যাকর দরশনে, সব দুখ মিটল,
সোই আপনে কর সেবা॥ ধ্রু॥
হিমকর শীতল, নীরহি তিতল,
করতলে মাজই মুখ।
সজল নলিনীদলে, মৃদু মৃদু বীজই,
পুছই পন্থ কি দুখ॥
অঙ্গুলি চিবুক ধরি, বদনে তাম্বুল পুরি
মধুর সম্ভাষই কান।
গোবিন্দদাস ভণ, নিতি নব নূতন,
নাইক অমিয় সিনান॥

ভূপালী।

নব অনুরাগিণী নব অনুরাগী।
মিলন দুহু তনু গলে গল লাগি॥
তহিঁ এক রঙ্গিণী পরম রসাল।
দুহু গলে দেওল এক ফুলমাল॥
টুটব ভয়ে দুহু পড়ু এক বন্ধ।
দৈবে ঘটাওল প্রেম-আনন্দ॥
সখী মুখ হেরইতে উলসিত ভেল।
দুহু মেলি মালা সেই সখী গলে দেল॥
বাহু পসারিয়া দোঁহে দোঁহা ধরু।
দুহু অধরামৃতে দুহু মুখ ভরু॥
দূরে গেও ময়ূর-শিখণ্ড পীতবাস।
দুহু গুণ গাওত গোবিন্দদাস॥

ধানশী।

মাধব কি কহব দৈব-বিপাক।
পথ-আগমন কথা কত না কহিব হে
যদি হয় মুখ লাখে লাখ॥ ধ্রু॥
মন্দির তেজি যব পদ চারি আওলু
নিশি হেরি কম্পিত অঙ্গ।
তিমির দুরন্ত পথ হেরই না পারিয়ে
পদযুগে বেঢ়ল ভুজঙ্গ॥
একে কুলকামিনী তাহে কুহুযামিনী
ঘোর গহন অতি দূর।
আর তাহে জলধর বরখিয়ে ঝর ঝর
হাম যাওব কোন পুর॥
একে পদপঙ্কজ পঙ্কে বিভূষিত
কণ্টকে জরজর ভেল।
তুয়া দরশন আশে কছু নাহি জানলু
চিরদুখ অব দূরে গেল॥
তোহারি মুরলী যব শ্রবণে পরবেশল
ছোড়লু গৃহসুখ আশ।
পন্থক দুখ তৃণহু করি না গণলু
কহতহি গোবিন্দদাস॥

কেদার।

রতিরণরঙ্গ- ভূমি বৃন্দাবন
রণবাজন পিকরাব।
চঢ়ল মনোরথে দোসব মনমথে
পরিমল অলিকুল ধাব॥
দেখ রাধামাধব মেলি।
দুহুক চপল চরিত নাহি সমুঝিয়ে
কিয়ে কলহ কিয়ে কেলি॥ ধ্রু॥
জরজর চন্দন কর কুচকঞ্চুক
বিপুল পুলক ফুলবাণ।
দুহু নূপুরধ্বনি দুহু মণি কিঙ্কিণী
কঙ্কণ বলয়া নিসান॥
দুহু ভুজপাশ পড়ি দুহু জন বন্ধন
অধরসুধা করু পান।
আকুল বসন চিকুর শিখিচন্দ্রক
গোবিন্দদাস রস গান॥

ভূপালী।

অম্বরে ডম্বর ভরু নব মেহ।
বাহিরে তিমির না হেরি নিজ দেহ॥
অন্তরে উয়ল শ্যামর ইন্দু।
উছলল মনহি মনোভবসিন্ধু॥
অব জনি সজনি করহ বিচার।
শুভক্ষণে ভেল পহিল অভিসার॥
মৃগমদে তনু তনু লেপই মোর।
তঁহি পহিরায়হ নীল নিচোল॥
কি ফল উচ কুচকঞ্চুক ভার।
দূরে গেল মোতিনী মোতিম হার॥
তুহু সখি দেখহ দেহলি লাগি।
গুরুজন আবহু ঘুমল কিয়ে জাগি॥
চলইতে দিগ ভরল জনি হোই।
গোবিন্দদাস সঙ্গে চলু গোই॥

তথা রাগ।

মন্দির বাহির কঠিন কপাট।
চলইতে শঙ্কিল পঙ্কিল বাট॥
তঁহি অতি দূরতর বাদর দোল।
বারি কি বারই নীল নচোল॥
সুন্দরী কৈছে করবি অভিসার।
হরি রহ মানস সুরধুনী পার॥
ঘন ঘন ঝন ঝন বজর নিপাত।
শুনইতে শ্রবণে মরমে জরি জাত॥
দশ দিশি দামিনী দহই বিথার।
হেরইতে উচকই লোচনভার॥
ইথে যদি সুন্দরি তেজবি গেহ।
প্রেমক লাগি উপেখবি দেহ॥
গোবিন্দদাস কহ ইথে কি বিচার।
ছুটল বাণ কিয়ে যতনে নিবার॥

ধানশী।

কুলবতী কঠিন, কপাট উদঘাটনু
তাহে কি কাঠ'ক বাধা।
নিজ মরিযাদ, সিন্ধু সঞে পঁউড়নু
তাহে কি তটিনী অগাধা॥
সজনি মঝু পরীখণ কর দূর।
কৈছে হৃদয় করি পন্থ হেরত হরি
সোঙরি সোঙরি মন ঝুর॥ ধ্রু॥
কোটি কুসুম শর বরিখয়ে যছু পর
তাহে কি জলদজল লাগি।
প্রেমদহনে দহ যাক হৃদয়ে সহ
তাহে কি বজরক আগি॥
যছু পদতলে হাম জীবন সোঁপিনু
তাহে কি তনু অনুরোধ।
গোবিন্দদাস কহই ধনি অভিসার
সহচরী পাওল বোধ॥

কামোদ।

নীলিম মৃগমদে তনু অনুলেপন
নীলিম হার উজোর।
নীল বলয়াগণ ভুজযুগ মণ্ডিত
পহিরণ নীল নিচোল॥
সুন্দরি হরি অভিসারক লাগি।
নব অনুরাগে গোরী ভেল শ্যামরী
কুহু যামিনী ভয় ভাগি॥
নীল অলকাকুল অলিক হিলোলিত
নীল তিমিরে চলু গোই।

নীলনলিনী জনু শ্যামসিন্ধুরসে
লখই না পারই কোই ॥
নীল ভ্রমরগণ পরিমলে ধাবই
চৌদিকে করত ঝঙ্কার।
গোবিন্দদাস অতয়ে অনুমানল
রাই চললি অভিসার ॥

কেদার।

গুরুজননয়ন বিধুন্তুদ মন্দ।
নীল নিচোল ঝাঁপলি মুখচন্দ্র ॥
মেঘ যামিনী ঘন তিমির দুরন্ত।
মদনদীপ দরশায়ল পন্থ ॥
চললি নিতম্বিনী হরি অভিসার।
গতি অতি মন্থর আরতি বিথার ॥
রসধারসে চলু পদ দুই চারি।
নীলাকমল তেজল বরনারী ॥
পরিহরি মৌলিক মালতীমাল।
তেজল মণিময় গীমক হার ॥
নব অনুরাগভরমে ভেল ভোরি।
নিন্দয়ে পীন পয়োধর জোরি ॥
বেশ শেষ বহু নীলিম বাস।
মিললি নিকুঞ্জে কহ গোবিন্দদাস ॥

পঠমঞ্জরী।

অম্বর নব নীরদ ঝাঁপ।
কত শত কোটি শবদ জীউ কাঁপ ॥
তহিঁ দিঠি জারত বিজুরীক মালা।
ইথে জানি ছোড়বি মন্দির বালা ॥
ঐছন কুঞ্জে একলা বনমালী।
অন্তর জরজর পন্থ নেহারি ॥
ভ্রমত ভুজঙ্গম নিশি আন্ধিয়ার।
তহিঁ বরিখত অবিরত জলধার ॥
পাতর না ভেল আতর বারি।
কৈছে পোয়ারব সো সুকুমারী ॥
গণি গণি আকুল চলল মুরারি।
মিলল আধ পন্থে বরনারী ॥
গোবিন্দদাস কহই পুন বন্দ।
প্রেম পরীখত মনমথ ধন্দ ॥

কেদার।

দুহু জন আওল কুঞ্জক মাহ।
অপরূপ কো বিহি রস নিরবাহ ॥
ঝর ঝর বরিখে গগনে জলধার।
দামিনী দহই ঝলকে অনিবার ॥
ঐছে সময়ে বরবাধা কান।
কুঞ্জক মাঝে বৈঠি এক ঠাম ॥
দুহু তনু মিলল মনমথে মাতি।
দুহু পরিরম্ভণ সমরক ভাতি ॥
অপরূপ দুহু জন নিধুবন কেলি।
গোবিন্দদাস হেরই সখী মেলি ॥

জয়জয়ন্তী।

মেঘ যামিনী চললি কামিনী
পহিরি নীল নিচোল রে।
সঙ্গে নায়ক কুসুমশায়ক
ছোড়ি মঞ্জীর বোল রে ॥
উরুয়া কুচভরে চল উনট পদ
পীন জঘনক ভার রে।
হেরিয়া যামিনী ফটিক তরু জানি
চমকি বর নীরধার রে ॥
দেখ ফণিমণি দীপ জনু জানি
বাম করে দেই ঝাঁপি রে।
জানল যুবতী এহি ফণিপতি
সঘনে তনু উঠে কাঁপি রে ॥
প্রাণব ভ ভেটল দুর্লভ
দুহু পূরল মন আশ রে।
ঐছনে পাই গেহ সফল করু দেহ
রদত গোবিন্দদাস রে ॥

সিন্ধুরা।

গগনহি নিমগন দিনমণি কাঁতি।
লখই না পারিয়ে কিয়ে দিন রাতি।
ঐছন জলদ করয় আন্ধিয়ার।
নিয়ড়হি কোই লখই নাহি পার ॥
চলু গজগামিনী হরি অভিসার।
গমন নিরঙ্কুশ আরতি বিথার ॥
চৌদিকে অথির পবন তরু দোল।
জগ ভরি শীকরনিকর হিলোল ॥

চলইতে গোরী নগর পুরবাট।
মন্দিরে মন্দিরে লাগল কপাট॥
কব ধনি কুঞ্জে মিলল হরি পাশ।
দূরহি দূরে রহ গোবিন্দদাস॥

ভূপালী।

হরি রহু কাননে কামিনী লাগি।
জাগয়ে জরজর মনসিজ আগি॥
দারুণ গুরুজন নয়ন নিপাত।
না মিলল সুন্দরী ভৈ গেল প্রাত॥
আজি ভেল ভালে কুয়াটি আন্ধিয়ার।
ঐছে সময়ে ধনী চলু অভিসার॥
বিঘটি মনোরথ অবইতে কান।
ধনী চলু আনছলে মাঘ সিনান॥
যব দুহু মিলল আন আন পন্থ।
দরশনে মিটল বিরহ দুরন্ত॥
যব দুহু হরখে তরখে করু কোর।
বিঘটি কি ঘটল চকোরক জোর॥
গোবিন্দদাস দুলহ রস গাব।
তাগণ গঠই মদন পরতাব॥

সুহই।

আজু কৈছে সুন্দরী তেজলি গেহ।
কে জানে কৈছন তোহারি সুনেহ॥
গুরুজন ভয়ে কি না কাঁপ।
ঘনহু আন্ধিয়ারে সবহু দিঠি ঝাঁপ॥
তুহু কৈছে হেরলি রাতি।
মরমহি উয়ল মনমথবাতি॥
দূতর পন্থসঞ্চার।
চড়ল মনোরথে ইথে কি বিচার॥
একলি আওলি এত দূর।
অগেহি আগে কুসুম শর পূর॥
আগে করই দুহু কোর।
মিলল দুহু দুহু তনু তনু জোর॥
যাহা মাধব তাঁহি।
না বুঝল বুঝবল গোবিন্দদাস॥

কেদার।

কণ্টক গাড়ি কমল সম পদতলে
মঞ্জীর চীরহি ঝাঁপি।
গাগরী বারি ঢারি করি পিছল
চলতহি অঙ্গুলি চাপি॥
মাধব তুয়া অভিসারক লাগি।
দূতর পন্থ গমন ধনী সাধয়ে
মন্দিরে যামিনী জাগি॥
করযুগে নয়ন মুদি চলু ভামিনী
তিমির পয়ানক আশে।
কর কঙ্কণ পুন করি মুখ বন্ধন
শিখই ভুজগ গুরু পাশে॥
গুরুজন বচন বধির সম মানই
আন শুনই কহ আন।
পরিজন বচনে মুগধি সম হাসই
গোবিন্দদাস পরমাণ॥

তথা রাগ।

ভীকত চিত ভুজগ হেরি যো ধনী
চমকি চমকি ঘন কাঁপ।
অব আন্ধিয়ারে আপন তনু ঝাঁপই
কর দেই ফণী-মণি ঝাঁপ॥
মাধব কি কহব তুয়া অনুরাগ।
তুয়া অভিসারে অবশ নব নাগরী
জীবই বহু পুনভাগ॥ ধ্রু॥
যে পদতল থল কমল সুকোমল
ধরণী পরশে উপচঙ্ক।
অব কণ্টকময় সঙ্কট বাটহি
আওত যাওত নিশাঙ্ক॥
মন্দির মাঝ শেজ নাহি তেজত
দোলহী মানয়ে দূর।
অব কুহু যামিনী চলয়ে একাকিনী
গোবিন্দদাস কহ ফুর॥

গান্ধার।

যব ধনী ঘর সঞে ভেল বাহার।
ঘন ঘন বরিখে জলদ অনিবার॥

কয় ঠেলন নহে বাঁদ আন্ধিয়ার।
দিগ দরশায়ল মদন দিশার॥
কি কহব মাধব পুণ-ফল তোরি।
এতহু দূর তরি তোহে মিলু গোরী॥
ঝলকত বিজুরী নয়ন ভরু চন্থ।
চলইতে খলয়ে সঘনে মহী পঙ্ক॥
উঠইতে ফণী-মণি উজোর হেরি।
কনক-দণ্ড বলি ধরু কত বেরি॥
ঐছনে সোঁপলু তোহে নিজ দেহ।
অপরূপ ঐছন তোহারি সুলেহ॥
এত দিনে প্রেমক পরিচয় ভেল।
গোবিন্দদাস ভরম দূরে গেল॥

বরাড়ী।

মাথহি পতন তপত পথ বালুক
আতপ দহন বিথার।
ননীক পুতলি তনু চরণ কমল জনু
দিনহি করল অভিসার॥
হরি হরি প্রেমক গতি অনিবার।
কানু পরশ রসে পরবশ রসবতী
বিছুরল সবহু বিচার॥
গুরুজন নয়ন পাপগণ বারণ
মারুত মণ্ডল ধূলি।
আপয়ে মেলি চললি বররঙ্গিণী
পন্থহি গেও সব ভুলি॥
যত সব বিঘনি জিতলি অনুরাগিণী
সাধলি মনসিজ মন্ত্র।
গোবিন্দদাস কহই অব সম্মুখাউ
হরি সঞে সমরক তন্ত্র॥

কেদার।

মণি মঞ্জীর যতনে আনি ধনী
সো পহিরনু দুই হাত।
কিঙ্কিণী গীম হার বলি পহিরল
হার সাজাওল মাথ॥
সুন্দরী অপরূপ পেখল আজ।
হরি অভিসার ভরম ভরে সুন্দরী
বিছুরল সাজ বিসাজ॥ ধ্রু॥

ঘন আন্ধিয়ার রজনী অলি কাঁজর
গরজত বরিখত মেহ।
বিষধর ভরল দূরত পথ পাতর
একলি চললি তেজি গেহ॥
চঢ়ল মনোরথে দোসর মনমথে
পন্থ বিপথ নাহি মান।
গোবিন্দদাস কহই বৃজনাগরী
ঐছনে ভেটলি কান॥

ভূপালী।

গুরু দুরু বক্ষ উজোরল চন্দ।
গুরুজন নয়ন পদহি পদ ফন্দ॥
তাহে অতি দূরতর পন্থ সঞ্চার।
ততহি কলাবতী চলু অভিসার॥
কি কহব মাধব প্রেমক রীত।
তুয়া অনুরাগিনী ত্রিভুবন জিত॥
যাহা ধনী ধাধসে ভাঙ ধুনান।
সাধসে ধাওয়ে কতহু পাঁচবাণ॥
সো তোহে কুঞ্জে মিলল নিরবাধ।
গোবিন্দদাস কহ পূরল সাধ॥

কল্যাণী।

বয়সে সমান সঙ্গে নব রঙ্গিণী
সাজলি শ্যাম-দরশ রস-লোভে।
কোই রবাব মুরজ স্বরমণ্ডল
বীণ উপাঙ্গ হাত পর শোভে॥
তালে ধনী আওয়ে বৃষভানু তনি।
চরণকমলতলে অরুণ বিরাজিত
মঞ্জীররঞ্জিত মধুর ধ্বনি॥ ধ্রু॥
গতি অতি মন্থর নব যৌবন ভর
নীলবসন মণিকিঙ্কিণী রোল।
গজ অরি মাঝারি উপরে কনয়া-গিরি
বীচহি সুরধুনী মুকুতা-হিলোল॥
রবি মণ্ডল ছবি জিনি মণিকুণ্ডল
সুন্দর সিন্দুরবিন্দু ভালহি ভালে।
গোবিন্দদাস কহ ভুলল অলিকুল
বেঢ়ল কবরীক মালতীমালে॥

প্রেম-বৈচিত্র্য

কেদার।

শ্যামক কোরে যতনে ধনী শুতল
মদন আলসে দুহু ভোর।
ভুজে ভুজে বন্ধন নিবিড় আলিঙ্গন
যেমন কাঞ্চন মণি যোড়॥
কোরহি শ্যাম চমকি ধনী বোলত
কবে মোহে মিলব কান।
হৃদয়ক তাপ তবহু মুখ মিটব
অমিয়া করব সিনান॥
সো মুখ-মাধুরী বঙ্ক নেহারবি
সোঙরি সোঙরি মন ঝুর।
সো তনু সরস পরশ যব পাওব
তবহিঁ মনোরথ পূর॥
এত কহি সুন্দরী দীর্ঘ নিশাসই
মূরছি হবল গেয়ান।
আকুল রাই শ্যাম পরবোধই
গোবিন্দদাস পরমাণ॥

* * * * * * *

রজনী প্রভাতে উঠিয়া নাগর
তেজল নাগরী-পাশ।
ঘুমে ঢুলু ঢুলু নয়ন যুগল
মুখে মৃদু মৃদু হাস॥
কপাল উপরে সিন্দুরের বিন্দু
অধরে কাজর দেখি।
হিয়ার মাঝারে অলক তিলক
নখ-চিহ্ন তাহে সাখী॥
হিয়ায় দুলিছে বিনা সূতমালা
যুবতী দিয়াছে সাধে।
এ সব ভূষণ সঙ্গেতে করিয়া
ভেটিতে চলিছে রাধে॥
দেখিতে দেখিতে বিনোদ নাগর
মিলাব রাইর পাশ।
দেখিয়া জ্বলিছে পরাণ পুড়িছে
কহয়ে গোবিন্দদাস॥

শ্রীরাধার উক্তি

ভূপালী।

প্রতি অঙ্গে রতি-চিহ্ন আঁখি ঢুলু ঢুল।
খসিল কেশ-বেশ মালতী বকুল॥
বল বল মাধব তোহে পরণাম।
গোঙাই সকল নিশি আয়লি বিহান॥ ধ্রু॥
হাম রহল জাগি নিশি একশরিয়া।
চাতুরী না কর চল শঠবরিয়া॥
চল চল মাধব চল পুনবার।
দগধ শরীর দগধ কত আর॥
চল চল মাধব চল নিজ বাস।
সভয়ে নিবেদল গোবিন্দদাস॥

শ্রীকৃষ্ণের উক্তি

ভূপালী।

(রসময়ি) না কর পরের বোলে ইহা পরতীত।
না হয় করহ শাস্তি যে হয় উচিত॥
অন্তর আসিব বলি শুনি ব্রজরাজ।
রোখে রাখল মুঝে মন্দির মাঝ॥
আমার দ্বিগুণ দুঃখ তোমার লাগিয়া।
সভয়ে অরুণ আঁখি রজনী জাগিয়া॥
না মানিয়া না শুনিয়া বোল পরিবাদ।
আপনার মনে জানি নাহি অপরাধ॥
শপথি করিয়া বলি কর অবধান।
স্বপনেহ তোমা বিনে নাহি জানি আন॥
নয়ন অরুণ কোপে কাঁপে বর তনু।
কুটি ভুরুর ভয়ে ভাঙ্গে ফুলধনু॥
মিনতি করিয়া বলি বিনোদিনীর পায়।
অনুগত জনে উপেখিতে না যুয়ায়॥
সমুখ সহিতে নারি বিমুখ তোমার।
হাসিয়া সম্ভাষ গোবিন্দদাসে আর॥

তুড়ি।

প্রভাতে পরের বাড়ী কোন কাজে আস।
এমতি নিলাজ হাসি সেইখানে হাস॥
বিজহ বিজহ বঁধু আইলা কোন কাজে।
সেই সে রমণী ধনী তোমাকে না সাজে॥

মল্লিকা মালতী যূথী নাগেশ্বর গাঁথি।
আসিবা আসিবা বলি পোহাইনু রাতি॥
রজনী বঞ্চিয়া আইলা জ্বালাইতে আগুন।
বিহানে আইলা পোড়া-ঘায়ে দিতে নুণ॥
যাঁহা বসি আছ তাঁহা তুলি ফেলি মাটী।
এখনি উঠিয়া গেলে দিব ছড়া-ঝাঁটি॥
যেমন নাগরী সঙ্গে পাইয়াছ সুখ।
তাহার লাবণ্য জলে ধোও গিয়া মুখ॥
হেট মাথে রহে নাগর নয়নে বহে লোর।
গোবিন্দদাস কহে কি কহব ওর॥

ভূপালী।

তেড়চ নয়নে ধনী হেরই বামে।
তহি নহি দেখল নাগর শ্যামে॥
চমকি উঠই তব চৌদিশে হেরি।
সখীগণ আছে নেহারত গোরী॥
যব নহি দেখল নাগর কান।
দূরহি দূরে গেও রোখ সঞে মান॥
তবহি করই ধনী কত অনুবন্ধ।
হিয় পর জাগল সো মুখ-চন্দ॥
সখীরে পুছই তব কাঁহা মঝু নাহ।
কহইতে বাঢ়য়ে বিরহক দাহ॥
গোবিন্দদাস কহ কৈছন মান।
অবিচারে কাহে উপেখলি কান॥

ধানশ্রী।

সজল নয়নে রজনী জাগি।
সেবলুঁ চরণ হৃদয়ে লাগি॥
দারুণ মদন দুখ সে দেল।
মুরছি চেতন-রতন নেল॥
এ সখি এ সখি তুহু সে জান।
কৈছন সেবলু নাগর কান॥ ধ্রু॥
খলক বচন-রচন চাই।
নিঠুর হৃদয় ভৈ গেলু তাই॥
তুহু সে যতেক কহলি হিতে।
অহিত অহিত কয়লি চিতে॥
অতয়ে সে ধিক জীবন মানি।
বিজনে আতলুঁ মরণ জানি॥

কাম-সায়রে মরব হামে।
বেকত বেকত জগত নামে॥
যৈছন পাওব সে পদরাতা।
তৈছন যতনে সেবব ধাতা॥
ঐছন পূরব মন-উলাস।
শুনি বিলপই গোবিন্দদাস॥

ধানশী।

যব তোহে যতনে কহলুঁ বেরি বেরি।
রোখে রাতুল দিঠি বহু মুখে হেরি॥
পায়লি সরবস তুহু করি মান।
বিনি দোখে উপেখলি নাগর কান॥
অমিয় বিবিখ তুহু না চিনলি রাই।
পরিহরি পীযুষ পিয়লি বিখ তাই॥
বিহি চিরপুণ্যে পরশ আনি দেল।
হেলে রতন-মণি চরণহি ঠেল॥
দোসরি কহলিহ ককশ ভাষ।
কৈছে মিলায়ব গোবিন্দদাস॥

সুহই।

সুন্দরি ঐছে বিদগধ মন লেই।
বিনি অপরাধে উপেখলি মাধব
সখীগণ অপযশ দেই॥ ধ্রু॥
সহচরী মেলি চরণ ধরি সাধলুঁ
রহলি যৌবন-মদে মাতি।
কুটিল নেহারি গারি মুখে দেয়লি
পুন গদধসি নিজ সাথি॥
হাম তুয়া লাগি আগি যদি পৈঠব
তবহু নহব পরতীতে।
অলখিতে উপেখলি রসবতী আপন
সহচরী-বচন উপেখি।
গোবিন্দদাস কহ নিজ নিকটে রহ
রাখব অনুজন দেখি॥

বিহাগড়া।

রোদতি রাধা শ্যাম করি কোর।
হরি হরি কাঁহা গেও প্রাণনাথ মোর॥
জানলু রে সখি প্রেম আগেয়ান।
নাগর-কোরে নাগরী নাহি জান॥

মুরছলি নাগর মুরছলি রাই।
বিরহে বেয়াকুল কুল না পাই॥
দারুণ বিরহে না হেরই তায়।
সহচরী চিতপুতলি সম চায়॥
ঐছন হেরইতে রাইক রীত।
গোবিন্দদাস চিতে সচকিত॥

তথা রাগ।

রসবতী বৈঠি রসিকবর পাশ।
রাই কহই ধনি বিরহ হুতাশ॥
আর কি মিলব মোহে রসময় শ্যাম।
বিরহ জলধি কব উতরব হাম॥
নিকটহি নাহ না হেরই রাই।
সহচরী কত পরবোধব তাই॥
কানু চমকি তব রাই করু কোর।
গোবিন্দদাস হেরি ভেল ভোর॥

ধানশী।

কত পরকারে তাহি পরিচয় দেল।
হেরইতে মুখশশী দুখ দূরে গেল॥
সহচরীগণ সব চমকিত ভেল।
সজল নয়ানে আলিঙ্গন ধনী কেল॥
আঁচরে মোছায়ত নয়ানক লোর।
যতনহি দৃঢ় করি দুহু করু কোর॥
কোই সখী দেওত চামর বায়।
গোবিন্দদাস দুহু গুণ গায়॥

বিহাগড়া।

নাগর সঙ্গে রঙ্গে যব বিলসই
কুঞ্জে শুতলি ভুজপাশে।
কানু কানু করি রোয়ই সুন্দরী
দারুণ বিরহহুতাশে॥
এ সখি অরতি কহনে না যাই।
হেম আঁচলে রতন যৈছন খোঁজি
ফিরত আনহি ঠাঞি॥ ধ্রু॥
কাহা গেও সো বন্ধু রসিক সুনাগর
মোহে তেজল কথি লাগি।
কাতর হোই মহীতলে লুঠই
বদন খেদনে রহু জাগি॥

রাইক বিরহে কানু ভেল চমকিত
বয়ানে বাণী নাহি স্ফুর।
প্রিয় সহচরী লেই করে কর বান্ধই
গোবিন্দদাস রহু দূর॥

বিহাগড়া।

বহুক্ষণ পরিচয় ভেল।
বিরহ বেদন দূরে গেল॥
দোঁহে দোঁহে কোরে আগোরি।
সহচরী হেরি বিভোরী॥
অদভুত প্রেম চরিত।
হেরইতে চমকিত চিত॥
কোরহি দেখিতে না পায়।
ওছন না শুনি কোথায়॥
পুন দোঁহে নিবিড় বিলাস।
দূরে গেও বিরহ হুতাশ॥
গোবিন্দদাসক দাস।
ইহ গুণ আনন্দে ভাষ॥

ধানশী।

আর কিয়ে কনক কষিল তনু সুন্দরি
দরশ পরশ মঝু হোয়।
উর পর পাণি হানি ক্ষিতি শুতল
আকুল কণ্ঠে ঘন রোয়॥
সজনি না বুঝিয়ে প্রেম-তরঙ্গে।
রাইক কোরে চমকি হরি বোলত
কবে হবে তাকর সঙ্গ॥ ধ্রু॥
আর কিয়ে শ্রবণে শুনিব হাম তাকর
সো পিয় মধুরিম ভাষ।
নয়ানে বয়ান চান্দ কিয়ে হেরব
কৌমুদী হাস বিকাস॥
রাইক কোরে কানু ঐছে বিলপই
ব্রজবনিতাগণ হাস।
পেমক রীত বুঝই সংশয় ভেল
কহতহিঁ গোবিন্দদাস॥

কামোদ।

অন্তরে উপজল প্রেম-তরঙ্গ।
গোরি রোই চলু দোতিক সঙ্গ॥

আওসখি ধরতহি দোতিক পাণি।
মঝু লাগি যতনে কহবি দণ্ডপাণি॥
ধনি যদি রোখে সহবি নিজ গায়।
ইথে লাগি তুহারি ধরব হাম পায়॥
ঐছে কহি নাহ দোতি দুহু মেল।
কুঞ্জ নিয়ড়ে আসি উপনীত ভেল॥
নাগর-অঙ্গ-গন্ধ ধনী তহি পাই।
তৃষিত চাতকী চলু চৌদিকে চাই॥
তৈখনে সমুখে আবল যব কান।
নাহ হেরি ধনী বাঢ়ল মান॥
গোবিন্দদাস কহ কি কহব হাম।
আপনে ভাঙ্গহ মানিনী-মান॥

রূপোল্লাস

কামকন্দর্প।

ধনি ধনি কো বিহি বৈদগধি সাধে।
মদন সুধারসে যো নিরমাওল
তুয়া মুখমণ্ডল বাধে॥ ধ্রু॥
ভাল অব ইন্দু খমিয়া আগোর
ভাঙ তিমির ঘন ঘোর।
কিরণবিকশিত শ্রুতি কুবলয় পরি
ধাবই নয়ন চকোর॥
নাসা শিখর সমুখে উদিত পুন
সিন্দুর ভানু উজোর।
অহনিশি বদন কমল তেজি বিকশিত
শ্যাম ভ্রমর নাহি ছোড়॥
অরুণ কিরণ পুন অধরে হেরি হোরি
হার তরঙ্গিণীতীরে।
কুচযুগ কোক শোক নাহি জানত
গোবিন্দদাস কহ ফুবে॥

শ্রীরাগ।

এ ধনি রূপ নাহি সহয়ে নয়ান।
এতহু নেহারি মুগধ মধুসূদন
দিন রজনী নাহি জান॥ ধ্রু॥
সিন্দুর তরুণ অরুণ রুচি রঞ্জিত
ভাল সুধাকর কাঁতি।
সো ঘন চিকুর তিমির ঘন চুম্বিত
ইহ অতি অপরূপ ভাতি॥
লোচন যুগল কমল কিয়ে কুবলয়
খঞ্জন চারু চকোর।
কাজরজালে পড়ত কিয়ে সংশয়
ততহি ভ্রমই অলি জোর॥
তবহি যো হাসি অধর দরশায়সি
অরুণিম কৌমুদী কাঁতি।
মোহিত জন বিফল পুন মোহন
গোবিন্দদাস নাহি ভাতি॥

বেলোয়ার।

মঞ্জু চরণযুগ যাবক রঞ্জন
খঞ্জন গঞ্জন মঞ্জীর বাজে।
নীল বসন মণি কিঙ্কিণী রণরণি
কুঞ্জর দমন গমন ক্ষীণ মাঝে॥
সাজলি শ্যাম বিনোদিনী রাধে।
যঙ্গহি রঙ্গ তরঙ্গ রঙ্গিণী
মদন মোহন ছাঁদে॥ ধ্রু॥
কনক কটোর চোর কুচ কোরক কোর
উজোর মোতিম দাম।
ভুজযুগ থির বিজুরীপরি মণিময়
কঙ্কণ ঝনকিতে চমকিত কাম॥
মনোরম হাস সুধারস নিরসন
দশনজ্যোতি জিত মোতিম কাঁতি।
সুভগ কপোল লোল মণিকুণ্ডল
দশ দিশ ভরল নয়ান শরপাঁতি॥
ঝাঁপিল কবরী ভালে অলকাবলী
ভাঙ ধনুয়া জনু মনমথ সেবি।
গোবিন্দদাস হৃদয়ে অবধারলি
শিঙ্গার দেব অধিদেবী॥

বিহাগড়া।

এ ধনি আঁচরে বদন ঝাপাও।
লুবধল মধুপ চকোর বিধুন্তুদ
আনত আনত চলি যাও॥

মুখমণ্ডল কিয়ে শরদ-সরোরুহ
তাজহি অষ্টমীক চন্দ।
মধুরিপু-মরম ভরম যাহা ঐছন
তারে কি গণিয়ে মতি মন্দ॥
জনি কহ গরবে পাণিতলে বারব
ও থলকমল উজোর।
তহি নখচাঁদ ভরম ভবে ঐছন
ততহিঁ পড়ত জানি ভোর॥
ভাঙ ধনুয়া কিয়ে সুতনু ধুনায়সি
যছু শরে গিরিধর কাঁপ।
সে কিয়ে অতনু পতগ শিরে ডারসি
গোবিন্দদাস হিয়ে তাপ॥

শঙ্করাভরণ।

এ ধনি পদুমিনি পড়ল অকাজ।
জনি ভেটত হরি কুঞ্জক মাঝ॥
তুহু গজগামিনী মতি অতি ভোর।
উচ কুচ কুম্ভ গরবে নাহি ওর॥
যৌবন গরবে না হেরসি পন্থ।
পরিমলে বাসিত করসি দিগন্ত॥
যব তোহে করব অরুণ দিঠি ভঙ্গ।
নিয়ড়ে না হেরবি সহচরী সঙ্গ॥
সো খর নখর পরশ যব হোতি।
এ কুচকুম্ভে না রাখিবি মোতি॥
গণ্ডে করব যব দশনক ঘাত।
মুরছি পড়বি ধরণী নিপাত॥
গোবিন্দদাস যবহু সোঙরাব।
অধরসুধা দেই তবহি জাগাব॥

শ্রীরাগ।

কাননে সবহু কুসুম পরকাশ।
শারী শুক পিককুল মধুরিম ভাষ॥
ময়ূর ময়ূরীগণ ঘন দেই নাদ।
শুনইতে কাতর ভেল উনমাদ॥
দেখ দেখ নাগররাজ।
চললহি সঙ্কেত-কুঞ্জক মাঝ॥
কিশলয়-পুঞ্জহি শেজবর কেল।
তঁহি পর বৈঠি পুন তরখিত ভেল॥
পথ হেরি আকুল বিকল পরাণ।
অবহু না সুন্দরী করল পয়াণ॥
অন্তরে মদন করল পরকাশ।
চৌদিশে হেরই গোবিন্দদাস॥

গান্ধার।

কালিয়দমন জগরে তুয়া ঘোষই
সহচরী শুনইতে কাণে।
তুয়া সনে বাদ করিয়া ধনি আওত
মনমথ চড়ই ঝাপানে॥
মাধব অতয়ে কহিয়ে তুয়া লাগি।
ত্রিবলিক মাঝ লোমভুজঙ্গিনী
হেরইতে তুহু জানি ভাগি॥ ধ্রু॥
নয়ন কমল পর যুগল ভুজগবর
কাজর গরল উগারি।
মদন ধনুন্তরি আগে যব আওব
সো বিখ তবহি না সারি॥
বেণী ভুগজবর পিঠ পর দোলত
চিরদিন ভুখিল পিয়াসে।
শুনইতে নাগ দমন তনু কম্পিত
কহতহিঁ গোবিন্দদাসে॥

তথারাগ।

বাইক আগমন বাত।
শুনইতে উলসিত গাত॥
তাহে কহই খরকান।
নাগ-দমন মন্ত্র নাম॥
খগপতি রহু মঝু পাশ।
সবহু সে করব গরাস॥
বিকট মকর পুন হোয়।
এক না রাখব সোয়॥
দৈব করয়ে যব আন।
দংশয়ে হামারি বয়ান॥
রসনা ধনুন্তরি আগে।
তহিঁ পুন অমিয়া লাগে॥
নিরবিখ হোয়ব তায়।
জীয়ব এহি উপায়॥
এত শুনি সহচরী গেল।
গোবিন্দদাস মতি দেল॥

শ্রীরাগ।

নিরুপম কাঞ্চন রুচির কলেবর
লাবণি বরণি না হোই।
নিরমল বদন হাস রস পরিমলে
মলিন সুধাকর অম্বরে রোই॥
আওত নব রঙ্গিণী ধনী রাই।
সঙ্গিনী সকল শিঙ্গারিণী সাই॥
লোল অলক তিলকাবলি রঞ্জিত
সিঁথহি কাঞ্চনকমল উজোর।
লোচন মধুকর চলত হেরি ফেরি
শ্রুতি কুবলয় পরিমলে কিয়ে ভোর॥
শ্যামর চিতচোর কুচ কোরক নীল
নিচোল কোরে কর বাস।
যাবক রঞ্জিত অরুণ চরণতলে
ক্রীউ নিরমঞ্জব গোবিন্দদাস॥

সিন্ধুড়া।

শারদ সুধাকর মণ্ডল খণ্ডন
বদন কমল বিকাশ।
অধরে মিলায়ত শ্যাম মনোহর
চিত চোরায়লি হাস॥
আজু নব শ্যাম বিনোদিনী রাই।
তনু তনু অতনু যুত শত সেবিত
লাবণি বরণি না যাই॥ ধ্রু॥
বরী বকুলফুলে আকুল অলিকুল
মধু পিবি পিবি উতরোল।
সকল অলঙ্কৃতি কঙ্কণ ঝঙ্কৃতি
কিঙ্কিণী রণরণি বোল॥
পদ-পঙ্কজ পর মণিময় নূপুর
পুরিত খঞ্জন ভাষ।
মদন মুকুর জনু নখ মণিদরপণ
নিছুনি গোবিন্দদাস॥

সিন্ধুড়া।

জলদহি জলদ বিজুরী দিঠি তাপক
মরকত কনয় কটোর।
এতহু তনু মন নয়ন রসায়ন
নিরুপম মণ্ডল কিশোর॥
রাধা মাধব ভাতি।
কো বিহি নিরমিল কোন ঘটাওল
শ্যাম গৌরী সজাতি॥ ধ্রু॥
যব দুহু দুহু হেরি নয়ন অঞ্জলি ভরি
আন আন পিবইতে চাহ।
তনু তনু পৈঠত সঘনে আলিঙ্গিত
কৈছে হোয়ত নিরবাহ॥
আরতি অধর সুধারস পিবি পিবি
দুহুক পিরীতি উনমাদ।
গোবিন্দদাস কহ অধিক রস আবেশে
কিয়ে না কর পরমাদ॥

ধানশী।

মধু-পদ দংশল মদন ভুজঙ্গ।
গরলহি ভরল অবশ ভেল অঙ্গ॥
তুহু যদি সুন্দরি করসি উপায়।
মৃগধর জন তব জীবন পায়॥
পহিলহি ঝাঁপবি দিঠে পসারি।
করে কর পল্লবে ভার সম্ভারি॥
শুমজল অঙ্গহি করবি বিথার।
কুচযুগ অলসে করবি পাণি সার॥
যব নখ রজনী তুয়া নখ মানি।
ঝরবি নিরবিষ উর পর হানি॥
যতনে অধর ধরি অধর-রস দেবি।
অধরক দংশনে অধরবিষ নেবি॥
রজনি উজাগরি রহবি আগোরি।
গোবিন্দদাস গুণ গাওব তোরি॥

তথা রাগ।

সুন্দরি তুরিতহি করহ পয়াণ।
সবহু তীরথফল স্বামী সুমঙ্গল
ভানুক কুণ্ডে সিনান॥ ধ্রু॥
ঐছন বচন কহল যব গো সখী
গুরুজনে অনুমতি মাগি।
বহু উপহার মৃগমদ চন্দন
লেওল ভানুক লাগি॥

সবহুঁ সখী মেলি দেই হুলাহুলি
চলতহিঁ পন্থক মাঝ।
সো বর সুন্দরী করি পথ চাতুরী
মিলায়ল নাগররাজ॥
রাইক বদন- চান্দ হেরি মাধব
পূরল সব অভিলাষ।
দুহুঁ দরশনে দুহুঁ আরতি নব নব
কহতহিঁ গোবিন্দদাস॥

জলক্রীড়া।

ধানশী।

সখীগণ মেলি যে করল পয়াণ।
কৌতুকে কেলি-কুণ্ডে অবগান॥
জলমাহ পৈঠল সখীগণ মেলি।
দুহুঁ জন সমর করল জলকেলি॥
বিছুরল কুন্তল জরজর অঙ্গ।
গহন সমরে দেই নাগর ভঙ্গ॥
সখীগণ বেঢ়ল নাগরচন্দ।
গোবিন্দদাস হেরি রহ ধন্দ॥

ধানশী।

কেলি-অবশেষে ও বর নাহ।
সখী সঞে কেলি-কুণ্ডে অবগাহ॥
তাঁহা করল অপরূপ জল-কেলি।
সখীগণ সঞে নাগরী একু মেলি॥ ধ্রু॥
দৌরথে যৈছে যুঝত দউ বীর।
তৈছন সিঞ্চত দুহুক শরীর॥
গোবিন্দদাস পহু কুণ্ডক ঠাহ।
অবসরে রাই কর জল-অবগাহ॥

ধানশী।

নাহি উঠল দোঁহে কুণ্ডক-তীর।
তনু তনু লাগল পাতল চীর॥
অঙ্গে বনাওল নব নব বেশ।
কুঞ্জক-মাঝে করল পরবেশ॥
বিবিধ মিঠাই কতহু উপহার।
ভোজন করি তঁহি কত পরকার॥
রাইক যতনে সোই শ্যামরায়।
বহুবিধ ভুঞ্জল হরিষ হিয়ায়॥

মহারাস

কানাড়া।

শরদ চন্দ পবন মন্দ
বিপিনে ভরল কুসুম-গন্ধ
ফুল্ল মল্লিকা মালতী যূথী
মত্ত মধুকর ভোরণী।
হেরত রাতি ওছন ভাতি
শ্যামমোহন মদনে মাতি
মুরলী গান পঞ্চম তান
কুলবতী-চিত্ত-চোরণী॥
শুনত গোপী প্রেম রোপি
মনহিঁ মনহিঁ আপনা সোঁপি
তাঁহি চলত যাঁহি বোলত
মুরলীক কল রোলনী।
বিছুরী গেহ নিজহু দেহ
একু নয়নে কাজর-রেহ
বাহে রঞ্জিত একু মঞ্জীর
একু কুণ্ডল ডোলনী॥
শিথিল ছন্দ নীবিক বন্ধ
বেগেতে ধাওত যুবতী-বৃন্দ
খসত বসন রসন চোলি
গলিত বেণী লোলনী।
ততহিঁ বেলি সখিনী মেলি
কেহু কাহুক পথ না হেরি
ঐছনে মিলল গোকুলচন্দ
গোবিন্দদাস বোলনী॥

ধানশী।

কি যে শুনি সুধাময় মুরলীর রব।
না সম্বরে অম্বর ধায় গোপী সব॥
করে তুলি পরে কেহ পদ-আবরণ।
কেহ পরে নিজ আধ নয়নে অঞ্জন॥
সদন ছাড়িয়া কেহ কাননেতে ধায়।
পয়পানে শিশু ছাড়ি সেহ গোপী যায়॥

এক গোপীরে পতি ধরিয়া রাখিল।
শ্যাম-অনুরাগে সেহ তনু তেয়াগিল॥
সকল গোপীর আগে পাইল সেই রাধা।
গোবিন্দদাস কহে কি দিব উপমা॥

মল্লার।

বিপিনে মিলল গোপ-নারী
হেরি হসত মুরলীধারী
নিরখি বয়ান পুছত বাত
প্রেমসিন্ধু গাহনী।
পুছত সবক গমন ক্ষেম
কহত কিয়ে করব প্রেম
বুজক সবহু কুশল বাত
কাহে কুটিল চাহনি॥
হেরি ঐছন রজনী ঘোর
তেজি তরুণী পতিক কোর
কৈছে পাওলি কানন ওর
থোর নহত কাহিনী।
গলিত ললিত কববীবৃন্দ
কাহে ধাওত যুবতীবৃন্দ
মন্দিরে কিয়ে পড়ল দ্বন্দ্ব
বেঢ়ল বিপথবাহিনী॥
কিয়ে শারদ চান্দনী রাতি
নিকুঞ্জে ভরল কুসুম-পাঁতি
হেরত শ্যাম ভ্রমর ভাতি
বুঝি আওলি সাহিনী।
এতহু কহত না কহ কোই
রাখত কাঁহে মনহি গোই
ইহই আন নহই কোই
গোবিন্দদাস গায়নী॥

ধানশী।

ঐছন বচন কহল যব কান।
ব্রজরমণীগণ সজল নয়ান॥
টুটল সবহু মনোরথ করণী।
অবনত আননে নখে লিখু ধরণী॥
আকুল অন্তর গদগদ কহই।
অকরুণ বচন বিশিখ নাহি সহই॥

শুন শুন সুকপট শ্যামর চন্দ।
কৈছে কহসি তুহু ইহ অনুবন্ধ॥
ভাজহি কুলশীল মুরলীক গানে।
কিঙ্কিণীগণ জনু কেশ ধরি আনে॥
অব কহ কপটে ধরমযুত বোল।
ধাম্মিক হরয়ে কিয়ে কুমারী নিচোল।
তোহে সোঁপিত জীব তুয়া রস পাব।
তুয়া পদ ছোড়ি অব কো কাঁহা যাব॥
এতহু কহত ব্রজ-যুবতী মেল।
শুনি নন্দ-নন্দন হরষিত ভেল॥
কবি পরসাদ তহি করয়ে বিলাস।
আনন্দে নিরখয়ে গোবিন্দদাস॥

কামোদ।

কাঞ্চন মণিগণ জনু নিরমাওল
রমণীমণ্ডল সাজ।
মাঝহি মাঝ মহামরকত সম
শ্যাম নটবর রাজ॥
ধনি ধনি অপরূপ রাসবিহার।
থির বিজুর সঞে চঞ্চল জলধর
রস বরখিয়ে অনিবার॥ ধ্রু॥
কত কত চন্দ তিমির পর বিলসই
তিমিরহি কত কত চান্দে।
কনকলতায়ে তমালহ কত কত
দুহু দুহু তনু তনু বান্ধে॥
কত কত পদুমিনী পঞ্চম গাওত
মধুকর ধরু শ্রুতিভাষ।
মধুকর মিলি কত পদুমিনী গাওত
যুগধল গোবিন্দদাস॥

কেদার

ও নব জলধর অঙ্গ।
ইহ থির বিজুরী তরঙ্গ॥
ও বরমরকত ঠান।
ইহ কাঞ্চন দশ বাণ॥
রাধামাধব মেলি।
মুরতি মদন রস কেলি॥
ও তনু তরুণ তমাল।
ইহ হেম যুথী রসাল॥

ও নব পদুমিনী সাজ।
ইহ মত্ত মধুকররাজ॥
ও মুখচান্দ উজোর।
ইহ দিঠি লুবধ চকোর॥
অরুণ নিয়ড়ে পুন চন্দ।
গোবিন্দদাস রহু ধন্দ॥

বিহাগড়া।

নন্দনন্দন সঙ্গে শোহন
নওল গোকুলকামিনী।
তপন-নন্দিনী তীরে ভালি বনি
ভুবনমোহন লাবণী॥
তাতা থৈয়া থৈয়া বাজে পাখোয়াজ
মুখর কঙ্কণ কিঙ্কিণী।
বিলাসে গোবিন্দ প্রেম আনন্দ
সঙ্গে নব নব রঙ্গিণী॥
চারুবিচিত্র দুহুক অম্বর
পবনে অঞ্চল দোলনী।
দুহু কলেবর ভবত শ্রমজ
মোতি মরকত হেম মণি॥
উর বিলোল বাজত কিঙ্কিণী
নূপুর-ধ্বনি সঙ্গিয়া।
গীম দোলনী নয়ন-নাচিনী
সঙ্গে রসবতী রঙ্গিয়া॥
রাধে মাধব বিবিধ বিলসই
সঙ্গে রঙ্গিণী মাতিয়া।
নীল দরপণ শ্যাম মুরতি
হেরত গোবিন্দদাসিয়া॥

গোষ্ঠবিহার

ময়ূরকণ্ঠক তাল।

আজু বিপিনে যাওত কান
মুরতি মুরত কুসুম বাণ
জনুজলধর রুচির অঙ্গ
ভঙ্গী নটবর শোহিনী।
ঈষত হাসত বদনচাঁদ
তরুণী নয়ন নয়ন ফাঁদ
বিম্ব অধরে মুরলী পূরলি
ত্রিভুবন-মনোমোহিনী॥
কুসুম মিলিত চিকুরপুঞ্জ
চৌদিকে ভ্রমরা ভ্রমরী গুঞ্জ
পিঞ্ছ-নিচয় রচিত মুকুট
মকর-কুণ্ডল দোলনী।
চঞ্চল নয়ন খঞ্জন জোর
সঘনে ধাওত শ্রবণ ওর
গীম শোহন রতন-রাজ
মোতিম-হার দোলনী॥
কটি পীত পট কিঙ্কিণী বাজ
মদগতি অতি কুঞ্জররাজ
জানুলম্বিত কদম্বমালা
মত্ত মধুকর ভোরণী।
অরুণ বরণ চরণ কুঞ্জ
তরুণ তরণি কিরণপুঞ্জ
গোবিন্দদাস হৃদয় রঞ্জ
মঞ্জু মঞ্জীর বোলনী॥

গৌরী।

গোবিন্দ আওত গোধন সঙ্গে।
যৈছন কমল নেহারয়ে দিনকর
ঐছন ব্রজ-বধূ রঙ্গে॥ ধ্রু॥
বেলি অবসান হেরি যদুনন্দন
বেণু পূরিতে ধেনু ফিরে।
গহন গুহা গিরি কাননে যত ধেনু
মিলল যমুনা-তীরে॥
চুয়া চন্দন গন্ধ চতুঃসম
হেম-কলস দুহু পাশে।
ধূপ দীপ সখী মঙ্গল গাওত
শ্যাম-দরশ-রস আশে॥
বনমালী গলে মন মাল বিরাজিত
তাহে নব ধাতু প্রকাশ।
কুঞ্চিত অলক ভাল পরি মিলত
বলি হারি গোবিন্দদাস॥

তুড়ি।

গোঠ-বিজয়ী ব্রজরাজ কিশোর।
জননী-বিরচিত বেশ উজোর॥ ধ্রু॥

আগে অগণিত কত গোধন চলিয়া।
পাছে ব্রজবালক হৈ হৈ বলিয়া॥
সমবয় বেশ সবহু করি ছান্দ।
রাম বামে চলু শ্যামরচান্দ॥
ময়ূর শিখণ্ড চূড়ে ঝলমলিয়া।
মণিময় কুণ্ডল টলমলিয়া॥
শিরপর চান্দ অধরপর মুরলী।
চলইতে পন্থে করয়ে কত খুরলী॥
কটিতটে পীত পটাম্বর বনিয়া।
মন্থর গতি চলু গজবর জিনিয়া॥
মণি-মঞ্জীর বাজত রণঝনিয়া।
গোবিন্দদাস কহই ধনি ধনিয়া॥

মল্লার।

গোঠে গোচর গূঢ় গোপাল।
গাওত গমকে গণ্ডকিরী গুর্জ্জরী
গৌরী গোল গান্ধর॥ ধ্রু॥
গোপী গোপ গবীগণ গোপক
গোকুল-ধাম-বিহারী।
গুঞ্জা গৈরিক গোরস গরভিত
গোরচনা রুচিরধারী॥
গহন গুহাগত গোচারণ-রত
গো-দোহন রতিকারী।
গৌ গিরিধারী গূঢ় গরবাইত
গুরু গৌরব পরচারী॥
গজগতিগামী গানগুণগুম্ফিত
গগনে চরয়ে সুরবৃন্দ।
গোরস গাহি গবীশ্বর নন্দন
গাওত দাস গোবিন্দ॥

জয়জয়ন্তী।

মুদির মরকত মধুর মুরতি
মুগধ মোহন ছান্দে।
মল্লী মালতী মালে মধুকর
মত্ত মনমথ ফান্দে॥
শ্যাম সুন্দর সুঘড় শেখর
শরদ-শশধর হাস।
সঙ্গে সবরস সুবেশ সমবয়
সতত সুখময় ভাষ॥

চিকণ চাঁচর চিকুরে চুম্বিত
চারু চন্দ্রক পাঁতি।
চপল চমকিত চকিত চাহনি
চিত-চোরক ভাতি॥
গিরিক গৈরিক গোরজ গোরোচন
গন্ধ গরভিত বাস।
গোপ গোপন গরিম গুণ-গান
গাওত গোবিন্দদাস॥

সারঙ্গ।

গোধন সঙ্গে রঙ্গে যদুনন্দন
বিহরই যমুনা-তীর।
দাম শ্রীদাম সুদাম মহাবল
গোপ গোয়াল সঙ্গে বলবীর॥
বাজত ঘন ঘন বেণু।
হৈ হৈ রবে হাম্বা রব গরজন
আনন্দে মগন চরত সব ধেনু॥ ধ্রু॥
সম-বয়-বেশ কেশ পরিমণ্ডিত
চূড়ে শিখণ্ডক কুসুম উজোর।
মণিময় হার গুঞ্জা নব মঞ্জুল
হেরইতে জগজনমন করু ভোর॥
বলয়-নিসান কনক কটি কিঙ্কিণী
নূপুর রুণু ঝুণু বাজ।
গোবিন্দদাস পহু নিতি নিতি ঐছন
বিহরই নব ঘন বিপিন সমাজ॥

কানাড়া বা গৌরী।

গোখুর-ধূলি উছলি ভরু অম্বর
ঘনহু হাম্বা রব হৈ হৈ রাব।
বেণু বিষাণ নিশান সমাকুল
সঙ্গে সঙ্গে সব সহচর ধাব॥
বনসঞে গিরিবরধর ঘর আওয়ে।
জলদ হেরি জনু হরষিত চাতকী
ব্রজরমণীগণ মঙ্গল গাওয়ে॥ ধ্রু॥
কুটিল অলককুল গোরজ-মণ্ডিত
বরিহা মুকুট মনোহর ছান্দ।
বিপিনবিহারী ছুরমে ঘরমাইত
ঝামর নীল উৎপল মুখচান্দ॥

কিশলয় বলিত ললিত মণিকুণ্ডল
গণ্ড মুকুরে উজিয়ার।
গোবিন্দদাস পহু নটবর শেখর
হেরইতে জগ ভরি মদন বিথার॥

তুড়ি।

গোঠে প্রবেশ করায়ল গোগণ
সখীগণ নিজ নিজ মন্দিরে গেল।
বৎসক বান্ধি ছান্দি ধেনুগণ
ঘন ঘন দোহন কেল॥
সুন্দর শ্যামর অঙ্গ।
রঙ্গ পটাম্বর হার মনোহর
গো-ধূলি-ধূসর অঙ্গ॥ ধ্রু॥
নব নব পল্লব গুচ্ছসুমণ্ডিত
চুড়ে শিখণ্ডক বেঢ়ল দাম।
মকরকৃত মণি কুণ্ডল দোলনি
হেরই চমকে পড়য়ে কত কাম॥
বনফুলমাল বিরাজিত উরপর
কিঙ্কিণী রণরণি নূপুর পায়।
গোবিন্দদাস পহু জগমনমোহন
ব্রজরমণীগণ হরষিত তায়॥

গৌরচন্দ্র

সুহট-সারঙ্গ।

সুরধুনী-তীরে তীরে মহা বিলসই
সমবয় বালক সঙ্গ।
করতলতাল বলিত হরি হরি ধ্বনি
নাচত নটবর ভঙ্গ॥
জয়শচী-নন্দন ত্রিভুবন-বন্দন
পূর্ণ পূর্ণ অবতার।
জগ অনুরঞ্জন ভবভয়ভঞ্জন
সঙ্কীর্ত্তন পরচার॥
চম্পক গৌর প্রেমভরে কম্পই
ঝম্পই সহচর কোর।
অরুহি অঙ্গ পুলককুল আকুল
কঞ্জ নয়নে ঝরু লোর॥

ধনি ধনি ভাবিনী চতুর শিরোমণি
বিদগধ জীবন জীব।
গোবিন্দদাস এ হেন রসে বঞ্চিত
অবহু শ্রবণে নাহি পিব॥

দানলীলা

ভাটিয়ারি।

চললি রাজপথে রাই সুনাগরী
নাস বেশ করি অঙ্গে।
স্বর্ণ-ঘটী করি গাভী-ঘৃত ভরি
প্রাণসখীগণ করি সঙ্গে॥
বিনান পাটের জাদে বান্ধিয়া কবরী
বেড়িয়া মালতীমালে।
সীঁথায় সিন্দুর লোচনে কাজর
অলক তিলক ভালে॥
মণিময় আভরণ শ্রবণে কুণ্ডল
গীমে সুরেশ্বরী হার।
রূপ নিরুপম বিচিত্র কাঁচুলি
পীন পয়োধর ভার॥
চরণ-কমলে রাতুল আলতা
মোহন নূপুর বাজে।
গোবিন্দদাস ভণে এ রূপ-যৌবনে
জিতবি নিকুঞ্জরাজে॥

ভাটিয়ারি।

শ্রীরাধার উক্তি।

গোঠে গেল বিনোদিয়া সকালে গোধন লইয়া
দিয়া শিঙ্গা বেণুর নিশান।
গুরুজন আঙ্গিনাতে না পারিলাম বাহাইতে
না হেরিলাম সে চান্দ বয়ান।
কোন্ পথে গেল শ্যামরায়।
যে মোর করিছে প্রাণ মন করে উচাটন
চান্দমুখ দেখিলে জুড়ায়॥ ধ্রু॥
যশোমতী নন্দ ঘোষ তাহারে কি দিব দোষ
গোকুলে গোধন হইল কাল।
আমা সভার প্রাণধন গোকুল-জীবন-ধন
গোঠে গেল মদনগোপাল॥

চল যাই সেই পথে পসরা করিয়া মাথে
যেখানে আছয়ে শ্যামরায়।
আহা মরি ননী জিনি সুকোমল তনুখানি
গোবিন্দদাস বলি হারি যায়॥

সুরট।

শ্রীকৃষ্ণ :—
বিনোদিনী না কর চতুরপণা।
ভাঁড়িয়া আমারে হিয়ার মাঝারে
লইয়া যাইছ সোনা॥ ধ্রু॥
নিবেদন করি শুন লো সুন্দরি
সহজে তোমরা ধনী।
দধি ঘৃত দেখি যাহ ভুলাইয়া
তবে সে মহিমা জানি॥

শ্রীরাধা :—
গোয়ালা-ধরম রাখিতে গোধন
ফিরহ গহন বনে।
পথে লাগি পায়্যা পরনারী লয়্যা
সাধ করিয়াছ মনে॥
নাগর নাগরী রসের চাতুরী
শুনি সখীগণ হাসে।
অনুগা হইতে সাধ লাগে চিতে
কহয়ে গোবিন্দদাসে॥

সুহই।

আহা কি দেখি গো বড়াই কদম্বের তলে।
তড়িত জড়িত যৈছে নব জলধরে॥
শ্যামচান্দের উপরে ধবল চান্দের কলা।
তাহার উপরে শোভে তিমিরের মালা॥
তাহার উপরে কিবা ইন্দ্রধনু সাজে।
এমন অদ্ভুত রূপ কেবা দেখিয়াছে॥
ইন্দ্রধনু জিনিয়া সে ভুরু-ধনু-ছটা।
গোবিন্দদাসের মন করে লটপটা॥

বরাড়ী।

এই ত বৃন্দাবন-পথে।
নিতি নিতি করি গতাগতে॥
হাতে করি লই যাই সোনা।
তুমি কে না কহে হেন জনা॥
তুমি দেখি পুছহ বড়াই।
কিসের দান চাহেন কানাই॥
সঙ্গে সবে ঘৃতের পসার।
তাহে কেনে এতেক জঞ্জাল॥
তুমি ত বরজ যুবরাজ।
তুমি কেনে করিবে অকাজ॥
দূর কর হাস পরিহাস।
কহতহিঁ গোবিন্দদাস॥

ধানশী।

তোঁহারি হৃদয়ে যে বদরিকাসুম
উনত কুচগিরি কোর।
সুন্দর বদনছবি কনকধুম পিবি
ততহিঁ তপত জীউ মোর॥
সুন্দরি তোহারি চরণযুগ ছোড়ি।
গৌরী আরাধনে কাঁহা চলি যাওব
তুহুঁ সে তীরথময়ী গৌরী॥ ধ্রু॥
সিন্দুর সুন্দর মৃগমদে পরশল
এই সুরধ-গৃহ জানি।
তুয়া পদনখ দ্বিজ রাজহি সোঁপনু
সুন্দরি সহস্র পরাণী॥
কামসাগর হাম সহজেই নিমগন
কাম পূরবি তুহুঁ রাই।
শ্যামর বলি অব চরণে না ঠেলবি
গোবিন্দদাস মুখ চাই॥

ভূপালী।

রাধামাধব নীপমূলে।
কেলি-কলা রসদান ছলে॥
দূরে গেও সখীগণ সহিতে বড়াই।
নিভৃত নীপ-মূলে লুটই রাই॥
ভুজে ভুজে বেঢ়ি দোঁহার বয়ানে বয়ান।
কমলে মধুপ যেন হইল মিলান॥
দোঁহের অধর-মধু দোঁহে করু পান।
নিজ অঙ্গে দিলা রাই দানরস দান॥
মিলল দুহুঁ জন পূরল আশ।
আনন্দে সেবই গোবিন্দদাস॥

বরাড়ী।

চিকুরে চোরায়সি চামর-কাঁতি।
দশনে চোরায়সি মোতিম-পাঁতি॥
এ গজগামিনি তো বড়ি সেয়ান।
বলে ছলে বাঁচসি গিরিধরদান॥
অধরে চোরায়সি সুরঙ্গ পণ্ডার।
বরণে চোরায়সি কুঙ্কুমভার॥
কনককলসে ঘনরস ভরি তাই।
হৃদয়ে চোরায়সি আঁচরে ঝাঁপাই॥
তেঞি অতি মন্থর চরণসঞ্চার।
কোন তেজব তোহে বিনহি বিচার॥
সুবল লেহ তুহু গো-রস দান।
রাই কবব অব কুঞ্জে পয়াণ॥
যাহাঁ বৈঠত মনমথ মহারাজ।
গোবিন্দদাস কহে পড়ল অকাজ॥

সুহই।

কি করবি গোরস দান।
আপনা দেহ সমাধান॥
অধরে অমিয়া-রস তোব।
যৌবন যোধ আগোর॥
তোহে কহি সুন্দরি বাধে।
হরি সঞে না করু বাদে॥
কুচকনকাচল পারে।
শোভতহি মোতিম হারে॥
কুণ্ডল চক্র বিকাশে।
বেণীভুজঙ্গিণী পাশে॥
ভাঙ ধনুয়া জনু ভঙ্গ।
খর শর নয়ন তরঙ্গ॥
অতয়ে বুঝিয়ে রণ আশ।
কহতহিঁ গোবিন্দদাস॥

সুহই।

ত্রিভুবন-বিজয়ী মদন মহারাজ।
বৈঠল বৃন্দাবনে নিকুঞ্জক মাঝ॥
গোরসে আওল রূপবতী ঠাম।
সৃজিল বিপিনপথে সরবস দান॥
তোহে কহ গোপিনি আয়ানের রাণি।
কেমনে জানিবা দান সহজে আগেয়ানী॥
তুহু গজগামিনী হরি জিনি মাজ।
নব যৌবনমদে নাহি দেবরাজ॥
মোহে গিরিধর বলি গোপন কাজ।
আপনে আপনে কথা কহিতেহ লাজ॥
কেবল গোরসদানে কেনে দেহ ভঙ্গ।
বিচারে চাহিয়ে দান পতি অঙ্গে অঙ্গ।
এ সব দানের কথা জানয়ে বড়াই।
গোবিন্দদাস কহে চপল কানাই।

নৌকাবিহার

ধানশী।

সখাগণ সঙ্গে রঙ্গে কত খেলত
খেলত নটবর-রাজ।
ভোর মনোরথে চলল বিপিনপথে
ছোড়ি শিশু সঙহি মাঝ॥
চতুর-শিরোমণি কান।
হেরি যমুনাজল মনসিজ মাতল
পুরল মুরলী নিশান॥ ধ্রু॥
সুজল তরণীখানি প্রবাল মুকুতা-মণি
মাঝে মাঝে হীরার গাঁথনি।
সারি সারি যোজে গুড়া রতন কাঞ্চনে মোড়া
ফেরয়ালে বাজত কিঙ্কিণী॥
তপন-তনয়া-তীরে তরণী লইয়া ফিরে
বিদগধ নাগর-রাজ।
গোবিন্দদাস কহে নৌকায় বসি রহে
ফেরয়ালের ঘুজ্ঞুর বাজ॥

শ্রীরাগ।

যব লহু লহু হাসি মরমে রহল পশি
নায়ে চড়ায়ল ওই।
ইতখনে মধু মন ভেলহি আন ছলে
বেকত ধয়ল কল সোই॥
এ সখি হরি সঞে মানহ কুঞ্জবিনোদ।
সে নাবিক অতি চঞ্চল চপল মতি।
অব যেউ তেউ পরবোধ॥ ধ্রু॥

গগনহি সঘন বিজুরী ঘন ঝলকই
দিনহি ভেল আন্ধিয়ার।
খরতর পবনে তরণী ঘন ঘূরত
পৈঠত জল অনিবার॥
দূরজন জানি পড়ল জীউ সঙ্কটে
ইথে জনি করহ বিচার।
তুয়া ইঙ্গিতে অব সব সখী জীয়ব
গোবিন্দদাস কহ সার॥

ধানশী।

এ নব নাবিক শ্যামরচন্দ।
কৈছন তোমার হৃদয় অনুবন্ধ॥
তুয়া বোলে গোরস যমুনাহি ঢার।
ফারনু কাঁচুলি ডারনু হার॥
কর অবসান নাহি সিঞ্চইতে নীর।
এতখনে অবহু না পাওল তীর॥
হাম নিরাশ তুহু হাসি উতরোল।
কেহ জীউ তেজই কেহ হরি বোল॥
এতদিনে কুলবতী কুলে পড়ু বাজ।
চড়ি ইহ নায়ে দূরে গেও লাজ॥
উঠত কূলে পরে যো তুহু মাগ।
কাঁহ সঞে মাগি ধরব তুয়া আগ॥
গোবিন্দদাস কহ সময়ক কাজ।
নাবিক বেতন নাওক মাঝ॥

হোরীলীলা

বসন্ত।

ঋতুপতি বিহরতি নাগরশ্যাম।
রাধা রঙ্গিণী সঙ্গিনী বাম॥ ধ্রু॥
চুয়া চন্দন পরিমল কুঙ্কুম
ফাগুরঙ্গে সব অঙ্গ ভরি।
মদনমোহন হেরি মাতল মনসিজ
যুবতীযুথ শত গাওত হোরী॥
কেহু ধরু অম্বর কেহু হার হর
কেহ তনু পনিয়া রহনহি ভোরি।
কেহু লেই মুদরী কেহু লেই মুরলী
দূরহিঁ দূরে কেহু গাওত হোরী॥

ডম্ফ রবাব উপাঙ্গ পাখোয়াজ
করতাল তাল সুমেলি করি।
গোবিন্দদাস পহুঁ নটবর-শেখর
নাচত গাওত ভাল করি॥

তথা রাগ।

খেলত ফাগু বৃন্দাবনচন্দ।
ঋতুপতি মনমথ মনোরথ ছন্দ॥
সুন্দরীগণ করমণ্ডলীমাঝ।
রঙ্গিণী প্রেমতরঙ্গিণী সাজ॥
আগু ফাগু দেই নাগরী নয়ানে।
অবসরে নাগর চুম্বয়ে বয়ানে॥
চকিতে চন্দ্রমুখী সহচরী গহনে।
ধাই ধাওল গিরিধারিক সনে॥
তরল নয়ানী তুরিতে এক যাই।
করে সঞে কাড়ি মুরলী লেই ধাই॥
ঘন করতালি ভালি ভালি বোল।
হো হো হোরী তুমুল উতরোল॥
অরুণ তরুণ তরু অরুণহি ধরণী।
স্থল জলচর ভেল সবে একবরণী॥
অরুণহি নীরে অরুণ অরবিন্দ।
অরুণ হৃদয়ে ভেল দাস গোবিন্দ॥

বসন্ত।

নীলাচলে বনকাচল গোরা।
গোবিন্দ ফাগুরঙ্গে ভেল ভোরা॥
দেবকুমারী নারীগণ সঙ্গ।
পুলক-কদম্ব করম্বিত অঙ্গ॥
ফাগুয়া খেলত গৌরতনু।
প্রেমক সিন্ধু মুরতি জনু॥
ফাগু অরুণ তনু অরুণহি চীর।
অরুণ নয়নে বহে অরুণহি নীর॥
ফুল্ল হিলোলিত অরুণহি মাল।
অরুণ ভকত সব গাওয়ে রসাল॥
কত কত ভাব বিথারল অঙ্গ।
নয়ান ঢুলাওত প্রেমতরঙ্গ॥
হেরি গদাধর লহু লহু হাস।
সে নাহি সমুঝল গোবিন্দদাস॥

তথা রাগ।

নটবর ভঙ্গী ফাগু রঙ্গী
নাগর অভিনব নাগরী সঙ্গ।
ঋতু ঋতুপতি গীতি চিত উমতাবল
হেরি বদন বৃন্দাবন রঙ্গ ॥
ফাগুয়া খেলত নওল কিশোর।
রাধারমণ রমণীমনচোর ॥ ধ্রু ॥
সুন্দরীবৃন্দ করে কর মণ্ডিত
মণ্ডলী মণ্ডলী মাঝহি মাঝ।
নাচত নারীগণ ঘন পরিরম্ভণ
চুম্বন লুবধল নটবররাজ ॥
কানুপরশ-রসে অবশ রমণীগণ
অঙ্গে অঙ্গে মিলি কাঁপি রহু।
পুলক সরস মনোরথ মনোভাব
মোহন গোবিন্দদাস পহু ॥

বসন্ত।

ফাগু খেলত বর নাগর রাজ।
রাধা রঙ্গিণী বহুবিধ সাজ ॥
হাসি হাসি সুন্দরী মনমথ রঙ্গে।
ফাগু লেই ডারয়ে নাগর-অঙ্গে ॥
রসে ধস ধস তনু আধ আধ হেরি।
চুয়া চন্দন দেই ফেরি ফেরি ॥
চপল নাগর কুচ পরশল গোরি।
চমকি চমকি মুখ রহলি মোড়ি ॥
ফাগু দেয়ল হরি লোচনে জোর।
মুদল ধনী দুহু লোচন-চকোর ॥
অধরহি চুম্বন করু কত কান।
গোবিন্দদাস দুহুক গুণ গান ॥

বিহার

কেদার।

রাধামাধব কুঞ্জহি পৈঠল
রতিরণরঙ্গ রসালা।
রণবাজন ঘন কোকিল কলরব
ঝঙ্করু মধুকর মালা ॥

সজনি হেরি দুহু দিঠি ঝাঁপ।
মনমথ সমরে কুসুমশর করু
সোঙরি সোঙরি জিউ কাঁপ ॥ ধ্রু ॥
পহিলহি রাই নয়ান-শরে হানল
আকুল কুঞ্জররাজ।
ভুজযুগ রকণ পাশে ধনী বান্ধল
নিকরুণ হৃদয়ক মাঝ ॥
রোখরি রাই তুহি পুন হরি উরে
কুচ কাঞ্চনগিরি হান।
সো গিরিধর-বর নখরে বিদারল
বিচলিত মানিনী মান ॥
শ্রমভরে দুহু দুহু অধরমধু পিবই
দুহু গুণ দুহু পরশংস।
দুহু দুহু গণ্ড মুকুরে নিজ ছাহ হেরি
ভরমহি দুহু করি দংশ ॥
সিন্দুরদহন বাণ হেরি মাধব
মৃগমদজলজে নিভাই।
পশ্ন মুকুট ভয়ে বেণী ভুজঙ্গিণী
বিলুঠই মহী গড়ি যাউ ॥
মাতল মদন রাজমদ কুঞ্জর
অলক অঙ্কুশ নাহি মান।
তোড়ল নীবিবন্ধ সীম কর বন্ধন
নিজ পর দুহু নাহি জান ॥
রতিরণ তুমুল পুলক কুল সঙ্কুল
ঘন ঘন মঞ্জীর বোল।
নিজ নদে মদন পরাভব পাওল
কুণ্ডল গণ্ডহি লোল ॥
অনুখন কঙ্কণ কিঙ্কিণী ঝঙ্করু
রতি জয়মঙ্গল তুর।
মনমথকেতু মকর-গতি যাওত
গোবিন্দদাস কহ ফুর ॥

বিভাষ।

বৃন্দাদেবী সময় জানিয়া।
পাখিগণে কহে সম্বোধিয়া ॥
হেরি দেখ নিশি বহি গেল।
দশ দিশ অরুণিত ভেল ॥
নিজ নিজ সুমধুর স্বরে।
জাগাইছে শ্রীরাধা-শ্যামেরে ॥ •

বৃন্দাদেবীর আদেশ পাইয়া।
রাই শ্যামে কহে সম্বোধিয়া॥
ওহে শ্যাম ব্রজেন্দ্রনন্দন।
মোরা কিছু করি নিবেদন॥
সুবদনি কর অবধান।
নিশি গেল হৈয়াছে বিহান॥
জাগো জাগো যুগলকিশোর।
অরুণ কিরণ হেরি ঘোর॥
কুমুদিনী তেজি অলি ধায়।
আর তো রহিতে না যুয়ায়॥
সখীগণ শুনি চমকিত।
গোবিন্দদাস-চিত ভীত॥

বিভাষ।

জাগি শ্যাম-কোরে বৈঠলি নারী।
ঘুম-আবেশে কভু চমকি উঠয়ে ধনী
পুন ঘুমত পুন সারি॥ ধ্রু॥
চান্দ মলিন মুখ চান্দ নেহারই
ঘুমে মুদিত দেখি আঁখি।
বিপুল পয়োধর হেরি কমলবর
বিকসল নিজ নিজ শাখি॥
জনু আলি কণ্ঠে দৈবে নিশি বঞ্চল
চঞ্চল গমনক সাধে।
উঠত চাহি হেরি পুন মুখশশী
কিরণহি নিরগম বাধে॥
অঙ্গ মোড়ি কভু জিম্ভত সুন্দরী
চুটকত অঙ্গ বিজোরি।
গোবিন্দদাস দাস তহি কহতহি
করহি নিবারত গোরী॥

বসন্ত-লীলা

তরু তরু নব কিশলয় বন লাগি।
কুসুমভার কত অবনত শাখী॥
তঁহি শুক সারিণী কোকিল বোল।
কুঞ্জ নিকুঞ্জ ভ্রমর কর রোল॥
অপরূপ শ্রীবৃন্দাবন মাঝ।
ষড় ঋতু সঙ্গে বসন্ত ঋতুরাজ॥
বিকশিত কুবলয় কমল-কদম্ব।
মাধবী মালতী মিলি তরু লম্ব॥
কাঁহা কাঁহা সারস হংসনিসান।
কাঁহা কাঁহা দাদুরী উনমত গান॥
কাঁহা কাঁহা চাতক পিউ পিউ ফুর।
কাঁহা কাঁহা উনমত নাচয়ে ময়ূর॥
গোবিন্দদাস কহ অপরূপ ভাতি।
চৌদিকে বেড়ল কুসুমক পাঁতি॥

ভাটিয়ারি।

বৃন্দা বিপিনে বিহরই মাধবীমাধব সঙ্গিয়া।
দুহু গুণ দুহু জন গাওত সুললিত
চলত নর্ত্তন গতি ভাতিয়া॥ ধ্রু॥
শ্রবণযুগলে কুণ্ডল শোহই
নব কিশলয় তোড়িয়া।
দুহু কান্ধে দুহু ভুজ শোহই
চুম্বই মুখশশী মোড়িয়া॥
মত্ত কোকিল মুরলী তাহে বাওত
নাচত শিখিগণ মাতিয়া।
তেজি মকরন্দ ধায় বেড়ল
মুখর মধুকর পাঁতিয়া॥
সকল সখীগণ কুসুম বরিষণ
আনন্দে ও রসে ভাসিয়া।
দাস গোবিন্দ করহি হেরব
ও রস-সাগরে নাচিয়া॥

কেদার।

রজনী উজাগরি নাগর নাগরী
আঁখি মেলিতে নারে ঘুমে।
অতিশয় রসভরে শ্যাম নাগরের কোরে
অঙ্গ হেলি রহল নিঝুমে॥
দেখ সখি অপরূপ ছান্দে।
শ্যাম নাগরের কোরে শুতিয়া রহল ধনী
কানু নেহারে মুখ-চান্দে॥ ধ্রু॥
কুঞ্চিত কুণ্ডল ভালে লাগিয়াছে
সিন্দুর কাজর মৃদু ঘামে।
ফুয়ল কবরী আধ বিনন পাটের জাদ
বীড় খসল কর বামে॥

নীলবসন ভিজি অঙ্গে লাগিয়াছে
শ্রীঅঙ্গ দেখিতে উদাস।
যৈছে চান্দ-কলা মেঘে গরাসল
নিরখই গোবিন্দদাস।।

ললিত।

দেখ সখি গোরী শুতল শ্যাম-কোর।
নাগর নীল রতন কিয়ে কাঞ্চন
কুবলয় চম্পক জোর।। ধ্রু।।
গোরী সুনাগরী অধরে অধর ধরি
ঘুমায়ল বিদগধ চোর।
কনক কমলে অলি মাতি রহল জনু
হিমকর শ্যাম চকোর।।
পীন পয়োধর তুহু মনোহর
বান্ধল করযুগ সাত।
উলটি কমল বিকচ কিয়ে ঝাপল
কনক ধরাধররাজ।।
নাগরী উরু উপর নাগর বেঢ়ল
নাগরী ভুজে বেঢ়ি অঙ্গ।
জলদে বিজুরী যৈছে বেঢ়ল দুহুঁ তনু
গোবিন্দদাস রস ধন্দ।।

রামকেলি।

হিমকর মলিন নলিনীগণ হাসই
অরুণকিরণ হেরি ভোর।
কোকিল বোলে ভ্রমরকুল আকুল
চেতত কুমুদিনী কোর।।
কৈছে ঘুমায়ত যুগলকিশোর।
চমকি কহত শুক সারীক জোর।। ধ্রু।।
কিশলয় শয়নে নিচল তনু শ্যামর
মরকত কাঞ্চন গোরী।
কিয়ে কুসুমশর তূণ শূণ ভেল
কিয়ে দুহু রতিরসে ভোরি।।
সহচরী ছোড়ি মন্দিরে জনু যাওত
জাগহ সুন্দরি রাধে।
গোবিন্দদাস পহু শুনইতে কাতর
কোন কয়ল রসবাধে।।

বরাড়ী।

বন মাহা কুসুম তোড়ী সব সখীগণ
সরস সমর করু তাঁহি।
মারত বদন নেহারি কুসুম-শর
শোহত সমরক মাহি।।
কো কহু সমরক কেলি।
নওল কিশোর নওল নব নাগরী
ললিতাবিশাখা সখী মেলি।। ধ্রু।।
মণিময় ভূষণ তনু তনু শোহন
রুণু ঝুনু নূপুর বাজে।
গোবিন্দদাস কহ রমণী-শিরোমণি
জিতল বিদগধ-রাজে।।

মল্লার।

নব ঘন কানন শোভন কুঞ্জ।
বিকসিত কুসুম মধুকর গুঞ্জ।।
নব নব পল্লবে শোভিত ডাল।
সারী শুক পিক গাওয়ে রসাল।।
তহিঁ রবি অপরূপ রতন হিন্দোল।
তা পর বৈঠকি কিশোরী কিশোর।।
ব্রজরমণীগণ দেওত ঝকোর।
গীরত জানি ধনী কহতহি কোর।।
রত কত উপজল রস-পরসঙ্গ।
গোবিন্দদাস তঁহি দেখত রঙ্গ।।

ভৈরবী

আজু শচীনন্দন নব অভিষেক।
আনন্দকন্দ নয়ন ভরি দেখ।।
নিত্যানন্দ অদ্বৈত মিলি রঙ্গে।
গাওত উনমত ভকতহিঁ সঙ্গে।।
হেরইতে নিরুপম কাঞ্চন-দেহা।
বরিখয়ে সবহু নয়ন ঘননেহা।।
পুন পুন নিরখিতে গোরা-মুখ-ইন্দু।
উছলল প্রেমসুধারস-সিন্ধু।।
জগ ভরি পূরল প্রেমতরঙ্গে।
বঞ্চিত গোবিন্দদাস পরসঙ্গে।।

মান

বিভাষ।

এ ধনি জনি কহ কানুক সন্দেশ।
বেকত তুহারি মুখ কহই সবহু দুখ
কি ফল বচন বিশেষ॥ ধ্রু॥
সো ষট্‌পদ সম সবহু কুসুমে রম
হাম তাহে এ ছেন গঙারী।
জানি তঙ্কিক সুখি আরতি পঠায়লু
তো হেন প্রাণ-পিয়ারী॥
এ তুয় অধর ভ্রমর পরে দংশল
লোরে কাজর ঝরি গেল।
জানলু পঙ্ক ছলম জলে ধোয়ল
অলক তিলক দূরে গেল॥
নীপ-নিকুঞ্জ কণ্টক হিয়ে লাগল
ঝামর ভেলহি জ্যোতি।
গোবিন্দদাস ভণ আন করিতে আন
বিহি সঞে কিয়ে নহি হোতি॥

সুহই।

বারত নয়ন-লোরে পরিপূরত
তৈখনে সো মুখ চাহ।
দেয়ত ঘুঁঘুট পলটি পুন আওত
মান কৈছে নিরবাহ॥
সজনি হরি সঞে সো করু মান।
যে গুণবতী ধনী বৈরয-কাঞ্চনে
বান্ধল হৃদয় পাষাণ॥ ধ্রু॥
গুণি গুণি দোখ রোখ যব মানিয়ে
তৈখনে উপজয়ে হাস।
কহইতে কঠিন বচন যব সাঁচিয়ে
নিকসয়ে মধুরিম ভাষ॥
চলইতে অনত চরণ ফিরি আওত
বিছুরত মনে বহু জাগি।
নিন্দহ স্বপনে আন নহি হেরিয়ে
গোবিন্দদাস কহ ভাগি॥

সুহই।

উপেখলু রাই জানি বর-নাগর
মান দুঃখে কয়ল পয়াণ।
ছিয়ে ছিয়ে নিলজ পরাণ নহি রাখব
মনহি করল অনুমান॥
হেনই সময়ে সব সহচরীমণ্ডলী
ধাই আওল তছু পাশ।
বহু বহু কাহে বিমুখ ভই যায়ব
হাম সব পূরায়ব আশ॥
শুন শুন ব্রজ যুবরাজ।
তুহু লম্পটপণ কবহু ন জোড়বি
দগধবি রমণী সমাজ॥ ধ্রু॥
তুহারি চরণ ধরি সাধলু কত বেরি
বৈরিক সঙ্গ তুহু ছোড়।
চন্দ্রাবলী মুখ- সুধা পিয়ে মাতলি
বচন না শুনলি মোর॥
উতকট শপথি করহ সখীমণ্ডলী
পুন হেন না করিব আর।
রাই হমারি তুহে অনুকূল হোয়ব
এ নিব বচন কহি সার॥
পুন যাই পদতল ধরি কত সাধহ
হাম সব রহব বুঝাই।
তৈখনে হ্মপুর বন্ধ সব নিটর
গোবিন্দদাস রস গাই॥

ধানশী।

নাগর পুন যাই পদ ধরি সাধই
তবহু সদয় নহ রাই।
আকুল চিত মন ছল ছল লোচন
কাতরে সখী-মুখ চাই॥
ললিতা ললিত- বচনে কত বোলই
শুন বৃষভানু কুমারি।
কোন পরাণে তুহু নাহ উপেখলি
কারণ বুঝই না পারি॥ ধ্রু॥
বিশাখা কহত নহত ইহ সমুচিত
সো বহুবল্লভ কান।
ফিরি যত যায়ব খোঁজি না পাওব
দগধবি হামার পরাণ॥
তুঙ্গ ভঙ্গী করি কহতহি বেরি বেরি
হাম সব নহি তুয়া কাজে।
হিত কহিতে যদি অনহিত মানসি
ঘরে বসি করহ বিরাজ॥

চিত্রা চতুরী মধুর করি বোলই
মনে রহলি তুহু মাতি।
তোহারি নাহ চরণে পড়ি কান্দই
হেরইতে বিদরয়ে ছাতি॥
সুদেবী সমুখে আসি বলে মোরা তুয়া দাসী
শুন রাই কর অবধান।
খেম অপরাধ পাদ ধরি সাধহ
তেজ ধনি দারুণ মান॥
সবহু সখী মিলি করই পুটাঞ্জলি
কর পদ ধরি কত সাধে।
সখীগণ লাখ বচন তাহি বোলই
তবহু না মানই বাধে॥
মন-অনুরাগে ভরল বর-নাগর
রোই রোই চলি যাই।
আকুল নাগর অন্তর গরগর
গোবিন্দদাস রস গাই॥

বালা-ধানশী।

সজল পঙ্কজ-দল পদুমিনী আনি।
পরশিতে তরসি চমকে বনমালী॥
সো তনু ছটফটি হেরি হিয়-মাঝে।
লেপইতে চন্দনে লাখ হাবে বাধে॥
শুন শুন সুন্দরি পড়লিঁ চরণে
না জানি কি হবে তুয়া বিরহক বেদনে॥
তিলে কত মুরছি পড়য়ে পর ভোর।
অনুখণ গলয়ে নয়নে বহু লোর॥
ফুকরি ফুকরি ঘন রোয়ই শ্যাম।
ঘর ঘর গদগদ লেই তুয়া নাম॥
তাহে বেড়ি রোয়ই প্রিয়সখীগণ।
বুঝি আয়লু হাম তুহারি সদন॥
তুহু মানিনি অতি করসি উদম।
কিয়ে সমুঝায়ব গোবিন্দদাস॥

ধানশী।

দূতীক বাণী শুনি ধনী উলসিত
ডুবই মদন-তরঙ্গে।
মুচকাই হাসি চাহই তছি গদগদ
তুহু সব জানসি রঙ্গে॥
সো-বর-নাগর শ্যাম।
বিদগধ রসিক-শিরোমণি-মুকুটহি
ঐছন নহ তছু কাম॥ ধ্রু॥
ভেটবি শ্যাম-ধাম রণপণ্ডিত
তুহে কি শিখায়ব নীতে।
রতি বিপরীত-রীত যদি দেখবি
সমুঝবি আপন চিতে॥
চল চল দূতি আগে তুহু অনুসর
কুঞ্জহি কানুক পাশ।
করই শিঙ্গার চলহ বর-নাগরি
ভণতহি গোবিন্দদাস॥

ধানশী।

যব ধনী কানু কয়ল তছি কোর।
নব মেঘ দেখি যনু চাতক জোর॥
রসবতী রসিক-শিরোমণি রায়।
মনোরথ সিধি বিধি পুরল তায়॥
নাগর-চিতে পুন আরতি বিলাস।
অনুমতি অন্তরে ধনী মৃদু হাস॥
লীলা-লাবণী আনন্দ-দান।
রসিক-শিরোমণি আনন্দ-সিনান॥
দুহু রসে ভুলল দুহু কর-কোর।
গোবিন্দদাস হেরি আনন্দে ভোর॥

ধানশী।

মাধব এক নিবেদন তোয়।
মান-বিরহ-জ্বরে তুহে অতি দগধল
মাফ করব সব মোয়॥ ধ্রু॥
তুহু যদি লাখ গোপী যত্নে বিহরসি
পাওসি বহুত আনন্দ।
সো মুঝে কোটি কোটি সুখ-সম্পদ
তিল আধ না ভাবিয়ে মন্দ॥
অকপটে এক বাত মুঝে কহবি তু
না করবি চিতক ভীত।
চন্দ্রাবলী তুহে কতহু সমাদরে
কৈছনে প্রেম পিরীত॥

সো যদি তুহারি শীষ প্রেমভুজ দেই
বান্ধি রাখত পুন গেহ।
গোবিন্দদাস কহে তাকর পদতলে
দাসী করই মুঝে লেহ ॥

অক্রূর-সংবাদ

সুহই।

না জানিয়ে কো মথুরা সঞে আওল
তাহে হেরি কাহে জীউ কাঁপ।
তব্‌ ধরি দখিণ পয়োধর ফুরয়ে
লোরে নয়ন যুগ ঝাঁপ ॥
সজনি অকুশল শত নাহি মানি।
বিপদ লাখ তৃণহু করি না গণিয়ে
কানু-বিচ্ছেদ হয় জানি ॥ধ্রু॥
কিয়ে ঘর বাহির চিত না রহ থির
জাগরে নিঁদ নাহি ভায়।
গঢ়ল মনোরথ তৈখনে ভাঙ্গল
কিয়ে সখি করব উপায় ॥
কুসুমিত কুঞ্জে ভ্রমর নাহি গুঞ্জয়ে
সঘনে রোয়ত শুক সারী।
গোবিন্দদাস আনি সখী পুছই
কাঁহে এত বিরনি বিথারি ॥

ধানশী।

ঝাঁপল উতপত লোরে নয়ান।
কৈছে করত হিয়া কিছুই না জান ॥
তুহু পুন কি কররি গুপতহিঁ রাখি।
তনু মন দুহু মুঝে দেওত সাখী ॥
তব কাঁহে গোপসি কি কহব তোয়।
বজরক বারণ করতলে হোয় ॥
জানলু এ সখী মৌনকি ওর।
পিয়া পরদেশ চলব মোহে ছোড় ॥
গমন সময়ে বিরোধ জানি কোয়।
পিয়াক অমঙ্গল যদি পাছে হোয় ॥
সময়সমাপন কি ফল আর।
প্রেমক সমুচিত অবহু নিবার ॥
গোবিন্দদাস অতয়ে অনুমান।
পিয়া পরদেশী কাহে রহ প্রাণ ॥

সুহই।

নামহি অক্রূর ক্রূর নাহি যার সম
সো-আওল ব্রজ-মাঝ।
ঘরে ঘরে ঘোষই শ্রবণ অমঙ্গল
কালি কালিহু সাজ ॥
সজনি রজনী পোহাইল কালি।
রচহ উপায় যৈছে নহ প্রাতর
মন্দিরে রহু বনমালী ॥ধ্রু॥
যোগিনী-চরণ শরণ করি সাধই
বান্ধহ যামিনীনাথে।
নখতর চান্দ বেকত রহু অম্বরে
যৈছে নহত পরভাতে ॥
কালিন্দী দেবী সেবি তাহে ভাখহ
সো রাখউ নিজ তাতে।
কিয়ে শমন আনি তুরিতে মিলাওব
গোবিন্দদাস অনুমাতে ॥

শীগান্ধার।

যাহে লাগি গুরু- গঞ্জনে মন রঞ্জলু
দূরজন কিয়ে নাহি কেল।
যাহে লাগি কুলবতী বরত সমাপলু
লাজে তিলাঞ্জলি দেল ॥
সজনি জাননু কঠিন পরাণ।
ব্রজপুর পরিহরি যাওব সো হরি
শুনইতে নাহি বাহিরাণ ॥ধ্রু॥
যো মঝু সরস সমাগম-লালস
মণিময় মন্দির ছোড়ি।
কণ্টককুঞ্জে জাগ নিশি বাসর
পন্থ নেহারত মোরি ॥
যাহে লাগি চলইতে চরণে পড়ল ফণী
মণিমঞ্জরী করি মান।
গোবিন্দদাস ভণ কৈছনে সো দিন
বিছুরব ই হ অনুমান ॥

সুহিনী।

কালি হাম কুঞ্জে কানু যব ভেট।
নিরমদ নয়ান বয়ান করু হেট ॥
মান ভরমে হাম হাসি হাসি সাধ।
না জানিয়ে ঐছে পড়ব পরমাদ ॥

এ সখি অব মোহে কহবি বিশেষ।
জানলু কানু চলব পরদেশ ॥ধ্রু॥
পুছইতে কহ গদ গদ আধ বোল।
ঢর ঢর নয়ন হেরি মুখ মোর ॥
নিবিড় আলিঙ্গনে বহু পুন ধন্দ।
দর দর হৃদয় শিথিল ভুজ-বন্ধ ॥
চুম্বয়ে বদনে বদনে বহু মেলি।
আনহি ভাতি বভস রস-কেলি ॥
যতহু কপট কৈছে হিয়া যাহা গোই।
গোবিন্দদাস কহে মোহে হেরি রোই ॥

গান্ধার।

কামিনী করি বিহি মোরে কি ভেল বাম।
ছোড়ি বৃন্দাবন জানলু মথুরা
যাওব সুন্দর শ্যাম ॥ধ্রু॥
ও মুখচন্দ্র হাস ধবাধর
ও দিঠি বঙ্ক নেহারি।
ও মৃদু বচন সুবাসে পূরিত
কৈছনে বিছুরব নারী ॥
যাহ বিনু নিমিখ আধ কত যুগসম
সো অব আনত যাব।
কঠিন পরাণ অব নাহি নিকসয়ে
পুন কিয়ে দরশন পাব ॥
কহইতে গোরী লোরে ভরু লোচন
মুরছি পড়ল তহি ভোর।
হা হা প্রাণনাথ ভেল অচেতন
গোবিন্দদাস করু কোর ॥

গান্ধার।

প্রাতরে তুহু চলবি মথুরাপুর
যবহু শুনল ব্রজনারী।
বিরহক ধূমে ঘুম নাহি লোচন
মোছত উতপত বারি ॥
মাধব ভানে তুহু ব্রজ-অনুরাগী।
অব সব বল্লবী জনু বিরহানলে
কো পুন ইহ বধভাগী ॥ধ্রু॥
গিরিবর কুঞ্জ কুসুমময় কানন
কালিন্দী কেলি-কদম্ব।
মন্দির গোপুর নগর সরোবর
কো কাঁহা করু অবলম্ব ॥
ব্রজপতি লেই সঙ্গে চলু আকুর
সঙ্গে শ্রীদাম সুদাম।
গোবিন্দদাস কহ যব ঐছন নহ
আপে চলু বলরাম ॥

পাহিড়া।

হরি হরি কি কহব গৌর-চরিত।
অকূর অকূর বলি পুন পুন ধাবই
ভাবহি পূরব পিরীত ॥ধ্রু॥
কাঁহা মঝু প্রাণ নাথ লেই যাওই
ডারই শোককি কূপে।
কো পুন বচন বোলে বাহি ঐছন
সব জন রহল নিচুপে ॥
রোই কতখনে বোলই পুনে পুনে
তুহু সব না কহসি ভাম।
ঐছন হেরি ভকতগণ রোয়ত
না বুঝল গোবিন্দদাস ॥

সুহই।

অতমিত যামিনীকান্ত।
কি ফল ভেল মণিমন্ত ॥
উদয়াচল বরণ অরুণ।
উয়ল দিনমণি দারুণ ॥
দেখ সখি পাপী অক্রূর।
হরি লেহ চলু মধুপুর ॥
দ্বিজকুল মঙ্গল উচার।
চলু সব গোপ-কোঙার ॥
কোই না কহ অছু বাত।
হরি জনু মাথুর যাত ॥
ব্রজপতি দম্পতী চিতে।
কোন করল বিপরীতে ॥
তেঞি বুঝি নিকরুণ ধাতা।
গোবিন্দদাস দুখ গাতা ॥

ধানশী।

হরি নহ নিরদয় রসময় দেহ।
কৈছন তেজব নবীন সনেহ ॥

পাপী অক্রূর কিয়ে গুণ জান।
সব সুখ বারি লই চলু কান॥
এ সখি কাহুক জনি মুখ চাহ।
আচর গহি রহি রারত নাহ॥
যতিখণে দ্বিজকুল মঙ্গল না পঢ়ই।
যতিখণে রথ-পর কোই না চঢ়ই॥
যতিখণে গোকুলে তিমির না গিরই।
করইতে যতন দৈবে যব ফিরই॥
এতহু বিপদে জীউ রহয়ে একান্ত।
বুঝলু নেহারত লাজক পন্থ॥
অতয়ে সে কি ফল দারুণ লাজ।
গোবিন্দদাস কহে না সহে বেয়াজ॥

শ্রীগান্ধার।

কানু নহ নিঠুর চলত যো মধুপুর
মঝু মন এ বড়ি সন্দেহ।
সে হেন রসিক পিয়া পিরীত পূরিত হিয়া
কাঁহে ভেল শিথিল-সনেহ॥
শুন শুন সহচরি অক্রূর চরণে ধরি
তিল এক হরি বিলম্বাহ।
করুণা ক্রন্দন শুনইতে ঐছন
জানি ফিরিয়ে বর নাহ॥
পরিহরু গুরুজন হসউ বা দুরজন
কি করব পরিজন পাপ।
কানু বিনে জীবন জলতহি অনুখণ
কো সহু এ হেন সন্তাপ॥
ও মুখ সমুখে ধরি নয়ন অঞ্জলি ভরি
পিবইতে জীউ করে সাধ।
গোবিন্দদাস ভণ সো বিহি নিকরুণ
যো করু ইহ রস-বাধ॥

ধানশী।

চলবহু মাথুর চলব মুরারি।
চলতহিঁ পেখলু নয়ান পসারি॥
পালটি নেহারিতে হাম রহু হেরি।
পুনহি মন্দির আয়লু ফেরি॥
দেখি সখি নিলজ জীবন মোই।
পিরীতি জানাওত অবহন রোই॥ধ্রু॥
সো কুসুমিত নব কুঞ্জকুটির।
সো যমুনাজল মলয় সমীর॥
সো হিমকর হেরি লাগয়ে চঙ্ক।
কানু বিনে জীবন কেবল কলঙ্ক॥
তাদিন বুঝল বচনক অন্ত।
চপল পেম থির জীবন দুরন্ত॥
তাহে অতি দুরজন আপকি পাশ।
সমতি না আওত গোবিন্দদাস॥

মাথুর—বিরহ

বরাড়ী।

হরি নাকি যাবে মধুপুর।
ছাড়িব গোকুলবাস জীবনে কি আর আশ
বধভাগী হইল অক্রূর॥ ধ্রু॥
ছাড়িব গোকুল-চন্দ পরাণে মরিব নন্দ
মবিবেক রোহিণী যশোদা।
গোপীর মরণ দৈবে অনুমান করি সবে
সভার আগে মরিবেক রাধা॥
আর না শুনিব বেণু আর না দেখিব কানু
আর না করিব রাসবেশ।
এমন বেরিত থাকে কানুরে বুঝায়ে রাখে
বিধি বিনে নাহি উপদেশ॥
মথুরা-নাগরী যত তাহা কৈল পয়বৃত
ব্রজ-রমণী যে অনাথ।
গোবিন্দদাস কহ হৃদয় এ দুখ সহ
অবশ্য মিলিবে প্রাণনাথ॥

সুহই।

সজনি মধুপুর চলব মুরারি।
এ হেন ধরম পিয়ায় কোন শিখায়ল
তেজিতে অবলা ব্রজনারী॥ধ্রু॥
তখন আপন করি এবে ছোড়ি যায়ব
এতেক করব জানি কান।
রসে গরগর তনু কৈছনে যায়ব
মদন পহরী সমাধান॥

এ মহা বন্ধন কৈছনে কাটব
চলইতে নাহিক বাট।
নহি শীকলি তাহে প্রেম-কুলুপ গো
লাগি যৈছে পিরীতি-কপাট॥
কলি-মনোমোহন জননী সহোদর
তাকর সবহু বিছুর।
এতহি কহিতে যব রজনী পোহায়ব
গোবিন্দদাস কহ ফুর॥

বরাড়ী।

কতহু যতন করি প্রেম বঢ়ায়নু
প্রেম-পরশমণি কান।
সো গুণনিধি পহু জানহি দেশে বহু
অব নহি যাত পরাণ॥
সজনি হরি কিয়ে দারুণ ভেল।
ধাতা কূটীল ঐছে সুখ-সম্পদে
বিপদ লাখ করি দেল॥ধ্রু॥
হেরইতে নিনিখ বৈরি করি মানিয়ে
কোরে বিচেছদ কর ভোরে।
লহু লহু বচনে মান করি সাধই
সো সব বিছুরল মোরে॥
সোঙরিতে যাকর ঐছে পিরীতি-রস
কঠিন খীণ মঝু দেহা।
সো সুপুরুখ-বর কৈছে দূর ভেল
গুণি গুণি সো সব লেহা॥
তাকর পাশে হামারি ইহ দুরদশা
যৈছে না হোয়ে পরকাশ।
শুনইতে কান প্রাণ জনি তেজয়ে
কহতহি গোবিন্দদাস॥

সুহই।

প্রেমক অঙ্কুর জাত আত ভেল
না ভেল যুগল পলাশা।
প্রতিপদ চাঁদ উদয় যৈছে যামিনী
সুখ-লব ভৈ গেল নৈরাশা॥
সখি হে অব মোহে নিঠুর মাধাই।
অবধি রহিল বিছুরাই॥ধ্রু॥
কো জানে চাঁদ চকোরিণী বঞ্চব
মাধব মধুপ সুজান।
অনুভবি কানু পিরীতি অনুমানিয়ে
বিঘটিত বিহি নিরমাণ॥
পাপ পরাণ আন নাহি জানত
কানু কানু করি ঝুর।
বিদ্যাপতি কহ নিকরুণ মাধব
গোবিন্দদাস রস পুর॥

ধানশী।

কহিতে কহিতে ধনী মুরছিত ভেল।
ধাই যে সহচরী কোর পর নেল॥
খরতর বহতহি হা হা হুতাশ।
কোই নলিনী-দলে করত বাতাস॥
ঘন ঘন কাঁপই খীণ নিশাস।
সখীগণ অন্তরে পায়ল ত্রাস॥
রাই জীয়াইতে করু আশোয়াস।
শ্যাম বুঝাইতে চলু গোবিন্দদাস॥

ধানশী।

ধনী কেনে মুদল নয়ান।
দশনহি দশনে লাগি অচেতন
মুরছিত হয়ল গেয়ান॥ধ্রু॥
সরস সুন্দর বদন মণ্ডল
হেরি খিরি ঘন রোয়।
কণ্ঠ ঘর ঘর রসনা জরজর
নীরব ভেলহি সোয়॥
হেরি বিধুমুখ নয়ন নিমিখ
পলকে ভেল বিভঙ্গ।
জীবন সংশয় রাই-কিশলয়
কালিম-বরণ শ্রীঅঙ্গ॥
ললিতা আদি সখী নিঝুরে ঝোরয়ে
আর কি জীবন-সাধা।
কি সুখ কারণ এ তনু ধারণ
প্রাণ ছোড়বি রাধা॥
হেরি বিপরীত ললিতা শুনায়ত
শ্যামনাম বীজমন্ত্র।
শ্রবণ-যুগল ভেদি হৃদয়ে পৈঠল
চেতল রাধিকা-অন্ত্র॥

কাঁহা গুণধাম শ্যাম মঝু প্রাণ
অচিরে মিলে মঝু পাশ।
রাধাবল্লভ আনিতে দুর্লভ
সাজল গোবিন্দদাস॥

গান্ধার।

হৃদয় বিদারত মনমথ-বাণ।
কো জানে কাঁহে নহত দুই ঠাম॥
জনু বিরহানল মন মাহা গোয়।
কঠিন শরীর ভসম নাহি হোয়॥
কাঁহে সমুঝায়ব মরমক খেদ।
মরত না জীয়ত কানুক বিচ্ছেদ॥
ঘন ঘনসার চন্দন হিয় লাই।
ধুমুক সাধে শয়ন অবগাই॥
ধাতুক মদন ততহি ভেল বাম।
ঘর ঘর শবদে লেই তুয়া নাম॥
ধাম কিরণ সম মানই চন্দ।
ঘুমে বিহ্বল হিয়া পাঁজর বন্ধ॥
ঘন ঘন নিন্দই ঘন ঘনসার।
ঘুমে বিহনে দিঠি ঝরত অপার॥
ঘোষযুবতীগণ বিরহ-হুতাশ।
ঘোষত তুয়া পদে গোবিন্দদাস॥

বালা ধানশী।

বাসিত বিশদ, বাসগেহে বৈঠলি,
বহ্নিভবন বলি উঠই।
বরিহাবিরচিত, বীজন বীজইতে,
বিষধর বিষসম বলই॥
বলানুজ বুঝলমু বহুবিধ বোধি।
বরবিধুবরনী, বিনোদিনী বল্লবী,
বুরত বিরহ পয়োধি॥ধ্রু॥
বিগলিত বলয়, বাহু বিষবল্লরী,
বিলপই বিপিন বিতান।
বিছুরল বেশ, বিলাস বিলাসিনী
বহু বৈদগধি বিধান॥
বুঝবনিতা, বসুধাতলে বিলুঠই,
বিঘটিত বিমল শয়ান।
বিরমিত বচন, বিচারহি বাটরী,
গোবিন্দদাস রস গান॥

ধানশী।

নীরস সরসিজ ঝামর বয়না।
তুয়া গুণ গুণইতে সচকিত নয়না॥
খেণে মুখ গোই রোই খেণে হসই।
হিয় অভিলাষে চলন মহী খলই॥
এ হরি পেখলু সো গজগামিনী।
জীবইতে সংশয় কুলবররমণী॥ধ্রু॥
অনুখণ মনসিজ মনমাহা হানই।
হিমকরকিরণহি থির নাহি মনই॥
খেণে উঠে খেণে বৈঠে শুতিরহু ধরণী।
বিষ-শরাঘাতে যৈছে কাতর হরিণী॥
কত যে বিচারব কমলদলশেজ।
ছটফটি শয়নে জীউ নাহি তেজ॥
গোবিন্দদাস কহ শ্যামরচন্দ।
তুরিতে মিলহ ধনি টুটব দ্বন্দ॥

ধানশী---ত্রিপোতা।

ভ্রমই ভবন বনে জনু আগেয়ান।
ভাগল ভয় গুরুগৌরব মান॥
ভাবে ভরল মন হাসি হাসি রোই।
চিতপুতলি সম তুয়া পথ গোই।
ভাবিনীভূষণ ভালে বনমালী।
ভোরি কি বিছুরলি ব্রজবরনারী॥
ভরমহি ভরম সঘন মুখ গোই।
ভূতলে শুতলি কুন্তল ফোই॥
ভুলল তুয়া গুণে হরি হরি বোল।
ভিগল দিঠিজলে নীল নিচোল॥
ভূরি বিরহ-জ্বর ভূরি মুরছান।
ভুরুভঙ্গহি ধনী তেজব পরাণ॥
ভাগ্যে জীবয়ে অব তুয়া রস আশে।
ভণব তোহারি যশ গোবিন্দদাসে॥

তথা রাগ।

হিরণক হার হৃদয়ে নাহি ধরই।
হরিমণি হেরি সঘনে জল ঝরই॥
হিমকর-কিরণহি সো তনু দহই।
হা হা শশিমুখী কত দুখ সহই॥ধ্রু॥
জলধর-সোদর কিয়ে তুহুঁ ভোরি।
হেলে হারায়লি হিরণময়ী গোরী॥

হরিণনয়নী অবধি দিন গণই।
হেরইতে পন্থ নিমিখে যুগ মানই॥
হিয়া মাহা লেহ পরম কাঁহা কহই।
হরি হরি বলি মুরছি কাঁহা কহই॥
হসি হসি হরখি হরখি খেণে উঠই।
হেমক পুতলি মহীতলে লুঠই॥
হবল গেয়ান তোহারি অভিলাষে।
হোত কি না বুঝল গোবিন্দদাসে॥

কামোদ।

তুয়া পথ যোই, রাই দিন-যামিনী,
অতি দুবরী ভেল বালা।
কি রসে বিঝারব, কৈছে নিঝারব,
বিষম কুসুমশরজ্বালা॥
মাধব ইথে জনি হোত নিশঙ্ক।
ও নিতি চাঁদ, কলা সম ক্ষীণত,
তোহে পুন চড়ব কলঙ্ক॥ধ্রু॥
চন্দন চন্দ, মন্দ মলয়ানিল,
নীর নিষিঞ্চিত চীরে।
কুবলয়কুমুদ, কমলদল কিশলয়,
শয়নে না বান্ধই থিরে॥
নুনীক পুতলি, মহীতলে শুতলি,
দারুণ বিরহহুতাশে।
জীবন আশে, শ্বাস বহ না বহ,
পরখত গোবিন্দদাসে॥

শ্রীগান্ধার।

নিশি দিশি জাগরী, মধুপুরনাগরী,
বেশ পসারলি অঙ্গে।
তুহু সুপুরুখবর, সময় গোঙায়সি
নব নব রসপরসঙ্গে॥
মাধব তুহুঁ যব নিকরুণ ভেল।
মিছই অবধিদিন, গণি কত রাখব,
ব্রজবধূ জীবন গেল॥ধ্রু॥
কোই ধরণীতল, কোই যমুনাজল,
কোই কোই লুঠই নিকুঞ্জে।
এতদিনে বিরহে, মরণে পথ পেখলু,
তোহে তিরিবধ পুণ পুঞ্জে॥

তাপত সরোবরে, থোরি সলিল জনু,
আকুল সফরী পরাণ।
জীবন মরণ, মরণ বর জীবন,
গোবিন্দদাস দুখ জান॥

পঠমঞ্জরী।

তুহু বড় নিকরুণ মধুপুর মাহ।
নিতি নবনাগরীরস অবগাহ॥
যো ক্ষণ মান তো বিনু যুগ লাখ।
সো কি সহয়ে চির-বিরহ বিপাক॥
এ হরি এ হরি তুয়া পথ চাই।
অবহুঁ কি জীবই না জীবই রাই॥
কত যে ক্ষীণ তনু কহই না জানি।
অঙ্গুরি বলয়া গলিত দুহু পাণি॥
নয়ন নিকাজর ঢরকত বারি।
নিশি দিশি পছিরণ ভিগি গেও শাড়ী॥
ছটফট নয়নে না রহ সখী অঙ্ক।
কনক পুতলী লুঠয় মহীপঙ্ক॥
সমর নিরীরত পরীখত শ্বাস।
ছোড়ি আওল চলি গোবিন্দদাস॥

কামোদ।

কুঞ্জভবনে ধনী, তুয়া গুণ গণি গণি
অতিশয় দুবরী ভেল।
দশমীক পহিল, দশা হেরি সহচরী
ধরসঞে বাহির গেল॥
শুন শুন মাধব কি বলব তোয়।
গোকুলতরুণী, নিচয় মরণ জানি,
রাই রাই করি রোয়॥ধ্রু॥
তহি এক সুচতুরী, তাক শ্রবণ ভরি,
পুন পুন কহে তুয়া নাম।
বহুক্ষণে সুন্দরী, পাই পরাণ ফেরি,
গদগদ কহে শ্যাম শ্যাম॥
নামক অছু গুণ, না শুনিয়ে ত্রিভুবন
মৃতজন পুন কহে বাত।
গোবিন্দদাস কহ, ইহ সব আন নহ,
যাই দেখহ মধু সাথ॥

বরাড়ী।

অঙ্গে অনঙ্গজ্বর, মরমে বিষমশর,
কণ্ঠহি জীবন জারা।
করতলে বয়ান, নয়ান ঝরু নীঝর
কুচযুগে কাঁজরহারা॥
মাধব তুহু মধুপুর দূর-দেশ।
ও অবলা চির, বিরহ বেয়াধিনী,
দশমীদশা পরবেশ॥ধ্রু॥
বিগলিত কম্বু, বলয়া করকিশলয়,
খণহি খণহি ক্ষীণ দেহা।
কো জানে কাঁতি, তবহি নাহি ছুটত,
জনু অবধিক শশিরেহা॥
তনু মন জোবি, গোরী তোহেঁ সোপল
কনয়জড়িত মণিবাজ।
গোবিন্দদাস ভণি, কনয়া বিহনে মণি,
কবহু না হৃদয়ে সাজ॥

ধানশী।

যো মুখ নিরীক্ষণে নিমিখ না সহই।
তাহে পরবোধসি আওব কহই॥
শুনি সখি কি বোলত তোয়।
নিলজ প্রাণ সহজে রহ মোয়॥
সো গুণনিধি যদি প্রেম হামে ছোর।
তিল এক জীবইতে লাজ বহু মোর॥
জনু বাড়বানল হৃদি মহা এহ।
কিয়ে সুখ লাগি ভসম নহ দেহ॥
অব মঝু জীবন উপেখন হোয়।
গোবিন্দদাস সোই দুখ হেরি রোয়॥

গান্ধার।

যাহা পহু অরুণ-চরণে চলি যাত।
তাহাঁ তাহাঁ ধরণী হইয়ে মঝু গাত॥
যো সরোবরে পহু নিতি নিতি নাহ।
হাম ভরি সলিল হই তথি মাহ॥
এ সখি বিরহ-মরণ নিরদন্দ।
ঐছনে মিলই যব গোকুলচন্দ॥ধ্রু॥
যো দরপণে পহু নিজ মুখ চাহ।
মঝু অঙ্গ-জ্যোতি হইয়ে তথি মাহ॥
যো বীজনে পহু বীজই গাত।
মঝু অঙ্গ তাহে হইয়ে মৃদু বাত॥
যাহাঁ পহু ভরমই জলধর শ্যাম।
মঝু অঙ্গ গগন হই তছু ঠাম॥
গোবিন্দদাস কহে কাঞ্চন গোরী।
সো মরত তনু তুহু কিয়ে ছোড়ি॥

শ্রীগান্ধার।

বিরহ অনলে যদি দেহ উপেখবি
খোয়বি আপন পরাণ।
তুয়া সহচরী যত, কোই না জীয়ত
সবহু করবি সমাধান॥
সুন্দরি মাধব আব গেহ।
তোহারি সম্বাদ সোই যদি পাওব
তব কি রাখব নিজ দেহ॥ধ্রু॥
আপনক ঘাতে রমণীকুল ঘাতবি
ঘাতবি শ্যামরচন্দ।
জগ ভরি বিপুল কলঙ্ক তুয়া ঘোষব
হোয়ব কলমখবন্দ॥
সজল কমলে কমলাপতি পূজহ
আরাধয় মনমথ দেব।
গোবিন্দদাস কহ আশ তব না পূরব
রাধা মাধব সেব॥

সুহই।

মরিব মরিব সই নিচয়ে মরিব।
পিয়ার বিচ্ছেদ আর সহিতে নারিব॥
জনমে জনমে হউ সেই পিয়া আমার।
বিধি পায়ে মাগি মুঞি এই বর সার॥
হিয়ার মাঝারে মোর রহি গেল দুখ।
মরণ-সময়ে পিয়ার না দেখিনু মুখ॥
গোবিন্দদাসিয়া কয় চরণেতে ধরি।
এখনি আনিয়া দিব তোমারি প্রাণহরি॥

কামোদ।

ধৈরয ধা রহ সুখ পরিবন্ধ।
ধরলহু ধরল না সখী-অঙ্ক॥
ধুবল ধবিল ধরণী মাহা লুঠই।
ধাধসে চলত খলত মহী লুঠই॥

ধনি ধনি ধীর ধরাধরধারী।
ধিক্ ধিক্ অবহু জীয়য়ে উহ নারী॥
ধন্ধই না আভরণ ধূসর চীর।
ধোয়ত ধূলি নয়ন ঘন নীর॥
ধনী নহ টিট চপল তুহু কান।
ধূতক চরিত সবল কিয়ে জান॥
ধূরুব ধেয়ান করত কত তোরি।
ধসহি ধরণীতলে মুরছিত গোরী॥
ধরমে মরমে ধনী বহত নিশ্বাস।
ধাবি কহত তোহে গোবিন্দদাস॥

শ্রীরাগ।

তরুণ অরুণ সিন্দূর বরণ
নীল গগনে হেরি।
তোহারি ভরমে তা সঞে রোখয়ে
দামিনী বদন ফেরি॥
কানু হে বাইক ঐছন কাজ।
আট প্রহরে তো বিনু সাজই
আটহু নায়িকা সাজ॥ধ্রু॥
প্রাণসহচরী চরণে সাধই
কানু মানায়বি তোহি।
আঁখি মুদি কহে অবহু মাধব
কাঁহে না মিলল মোহি॥
খঞ্জনধ্বনি শুনি উনমতি ধাবই
তোহার নূপুর মানি।
হাসি আভরণ অঙ্গে চড়াবই
শেষ বিছায়ই জানি॥
নীল নিচোল সঘনে মাগয়ে
নিবিড় তিমির হেরি।
যুমল তো সঞে কহই ঐছন
বেণ বনায়বি মেরি॥
কোকিলের রবে চমকি উঠয়ে
নিমড়ে না হেরি ভোরি।
সোঙরি তোহারি গমন মথুরা
মুরছি পড়ল গোরী॥
নিঝরে নয়নে সব সখীগণে
খোঁজত বহে না শ্বাস।
তোহারি চরণে এতহু কহিতে
ধাওল গোবিন্দদাস॥

ধানশী।

নাগরী শেষ দশা শুনি নাগর
ছল ছল লোচন পানি।
অবনত মাথ করহি অবলম্বন
বয়ানে না নিকয়সে বাণী॥
ধৈরয ধরি হরি দোতি বয়ান হেরি
গদগদ কহে আধ বাত।
দো এক দিবস মাঝে হাম যায়ব
তুহু পরবোধবি তাথ॥
ঐছে আদেশ পাই দোতী আওল
কুঞ্জহি বিরহিণী পাশে।
তোহারি সম্বাদ কহিতে ভেল গদগদ
আওব দো এক দিবসে॥
আওব কানু পুনহি কিয়ে ব্রজ মাহা
পূরব মনোরথ সাধে।
গোবিন্দদাস কহ ধনি তুহু বিরমহ
কানু না কর প্রেমবাদে॥

সুহই।

দূরে কর বিরহিণী দুখ।
নিয়ড়ে হেরবি পিয়া-মুখ॥
অনুকূল করি উদযোগে।
হামে পাঠায়ল আগে॥
সো চির উলসিত কান।
তুয়া আশে আওল জান॥
মিছু নহ ইহ আশোয়াস।
কহতহিঁ গোবিন্দদাস॥

কামোদ।

মথুরা সঞে হরি করি পথ চাতুরী
মিলল নিরজন কুঞ্জে।
দ্রুম-পশু-পাখীকুল বিরহে বেয়াকুল
পাওল আনন্দ পুঞ্জে॥
ব্রজনারীগণ বিরহে অচেতন
পুলকিত পাওল পরাণ।
দাবদগধ যেন ছটফটি জীবন
ঐছন অমিয়া সিনান॥

দেখ রাধামাধব মেল।
দরশে পুলক দেহ ঘামহি নদী বহ
চিতপুতুলি সম ভেল ॥ ধ্রু॥
কাঁপয়ে ঘন ঘন অনিমিখ লোচনে
চরকি চরকি পড়ু লোর।
কহইতে ঘড় ঘড় স্খলিত কণ্ঠ-স্বর
দুহু বিবরণ দুহু ভোর ॥
হোই সচেতন কি করব নাহি জানি
যৈছন দাধিদ হেম।
গোবিন্দদাস কহ অনুপম আর নহ
প্রাণদ ঐছন প্রেম ॥

শ্রীরাগ।

অধর-সুধারসে লুবধক মানস
তনু পরিরম্ভণ চাহ।
মুখ-অবলোকনে অনিমিখ লোচনে
কৈছে হোয়ত নিরবাহ ॥
দেখি সখি রাধামাধব প্রেম।
দুলহ রতন জনু দরশন মানই
পরশন গাঁঠক হেম ॥ ধ্রু॥
আনন্দ নীরে নয়ন যব ঝাঁপয়ে
দোঁহে পসারিতে বাহ।
কাঁপয়ে ঘন ঘন কৈছে করব পুন
সুরত-জলধি অবগাহ ॥
মধুর হাস সুধারস বরিখণে
গদগদ রোধয়ে ভাষ।
চিরদিনে মিলন লাখ গুণ নিধুবন
কহতহিঁ গোবিন্দদাস ॥

কেদার।

ধনি ধনি রমণীশিরোমণি রাই।
নয়নকে ওত করত নাহি মাধব
নিশি দিশি রস অবগাই ॥ ধ্রু॥
করতলে কুঙ্কুমে ও মুখ মাজই
অলক তিলক লিখি ভোর।
সজল বিলোকনে পুন পুন হেরই
আকুল গদগদ বোল ॥
লোচন খঞ্জনে অঞ্জনে রঞ্জই
নব কুবলয় শ্রুতিমূল।
অতসী-কুসুম-গৌরী ললিত হৃদয়ে ধরি
কৃপণ হেম সমতুল ॥
যাবক চীত চরণ পর লিখই
মদন পরাজয় পাত।
গোবিন্দদাস কহই ভাল হোয়ল
কানুক আর কত হাত ॥

গান্ধার।

মুই জানহু হরি, রাইক পরিহরি
স্বপনহু আন না জান।
বিদগধ বাদে, কোই পরিবাদব,
তেজি কিয়ে তেজবি কান ॥
সুন্দরি নাগর নাহি জান।
কুন্তল পিঞ্ছ, চরণ নিরমঞ্ছল,
অব কিয়ে সাধসি মান ॥ ধ্রু॥
যাকর মুরলী, আপনে কত কত
কুলরমণীগণ ভোর।
তোহারি প্রেমভরে, বাত না নিকসই
অতয়ে কি মানসী থোর ॥
প্রেমক দহন, প্রেমপয়ে শীতল
আন হোত নাহি আন।
কিশলয় মলয়জ, চন্দনে দগধই,
গোবিন্দদাস পরমাণ ॥

গৌরলীলা

কানাড়া।

নিরুপম হেমজ্যোতি জিনি বরণা।
সঙ্গীতরঙ্গিতরঙ্গিত চরণা ॥
নাচত গৌর গুণমণিয়া।
চৌদিগে হরি হরি ধনি ধনি ধ্বনিয়া ॥
শরদ-ইন্দু সুন্দরবয়না।
অহনিশি প্রেমে নিঝরে ঝরু নয়না ॥
বিপুলপুলক পরিপূরিল দেহা।
নিজরসে ভাসি না পায়ব থেহা ॥
জগ ভরি পূরল প্রেম-আনন্দা।
অমিয়াবঞ্চিত দাস গোবিন্দ ॥

সুহই।

অপরূপ হেমমণিভাগ।
অখিল ভুবনে পরকাশ॥
চৌদিকে পারিষদতারা।
দূরে রুক কোন আন্ধিয়ারা॥
অভিনব গোরা দ্বিজরাজ।
উয়ল নবদ্বীপমাঝ॥
পুলকিত স্থির চরজাতি।
প্রেম অমিয়ারসে মাতি॥
কেহো বিধুমণি সম কান্দে।
কেহো হাসে কুমুদিনী ছান্দে॥
কেহো কেহো ভকতচকোর।
নারী পুরুষে দেই কোর॥
গোবিন্দদাস চকোর।
রুচি নব লাগি বিভোর॥

মল্লার।

নাচে গোরা প্রেমে ভোরা
ঘন ঘন বলে হরি।
খেণে বৃন্দাবন, করয়ে স্মরণ
খেণে খেণে প্রাণেশ্বরী॥
যাবকবরণ, কটির বসন,
শোভা করে গোরা গায়।
কখন কখন, যমুনা বলিয়া,
সুরধুনীতীরে ধায়॥
তাতা থৈ থৈ, মৃদঙ্গ বাজাই,
ঝন ঝন করতাল।
নয়ান অম্বুজে, বহে সুরধনী,
গলে দোলে বনমাল॥
আনন্দকন্দ গৌরচন্দ্র
অকিঞ্চন বড় দয়া।
গোবিন্দদাস, করত আশ,
ও পদপঙ্কজছায়া॥

কামোদ।

সবহুঁ গায়ত, সবহুঁ নাচত,
সবহুঁ আনন্দে ধাবিয়া।
ভাবে কম্পিত, লুঠত ভূতলে,
বেকত গৌরাঙ্গকান্তিয়া॥
মধুর মঙ্গল, মৃদঙ্গ বাওত,
চলত কত কত ভাতিয়া।
বচন গদগদ, মধুর হাসত
খসত মোতিমপাঁতিয়া॥
পতিত কোলে ধরি, বোলত হরি হরি,
দেওত পুন প্রেম যাচিয়া।
অরুণ লোচনে, বরুণ ঝরতহি
এ তিন ভুবন ভাসিয়া॥
ও সুখ-সায়রে, লুবধ জগজন,
মুগধ ইহ দিন রাতিয়া।
দাস গোবিন্দ, রোয়ত অনুক্ষণ
বিন্দু কণা আধ লাগিয়া॥

সুহই।

সহজেই বাঙ্কন গোরা।
বদন মনোহর বয়সে কিশোরা॥
তাহে ধরু নটবর বেশ।
প্রতি অঙ্গে তরঙ্গিত ভাব-আবেশ॥
নাচত নবদ্বীপচন্দ্র।
জগমন নিমগন প্রেম-আনন্দ॥
বিপুল পুলক অবলম্ব।
বিকশিত ভেল তহি ভাব কদম্ব॥
নয়ানে গলয়ে ঘন লোর।
খেণে হাসে খেণে কান্দে ভকতহি কোর॥
রসভরে গদগদ বোল।
চরণে পরশে মহী আনন্দহিল্লোল॥
পূরল জগজন আশ।
বঞ্চিম ভেল তহি গোবিন্দদাস॥

গান্ধার।

ভাবে ভরল হেন, তনু অনুপাম রে,
অহনিশি নিজ রসে ভোর।
নয়নযুগলে প্রেম, জলে ঝর ঝর রে,
ভুজ তুলি হরি হরি বোল॥
নাচত গৌর কিশোর মোর পহুঁ রে,
অভিনব নবদ্বীপচাঁদ॥ধ্রু॥

জিতল নীপ ফুল, পুলকমুকুল রে,
প্রতি অঙ্গে ভাব বিথারি।
রসভরে গর গর, চলই খলই রে,
গোবিন্দদাস বলিহারি॥

সুহই।

পুলকে পূরল তনু নিজ গুণ শুনি।
প্রেমে অঙ্গ গরগর লোটই ধরণী॥
খেণে নরহরি অঙ্গে অঙ্গ লোটাইয়া।
গদাধর-মুখ হেরি পড়ে মুরছিয়া॥
খেণে মালসাট মারে খেণে বলে হরি।
রাধা রাধা বলি কান্দে ফুকুরি ফুকুরি॥
ললিতা বিশাখা বলি ছাড়য়ে নিশ্বাস।
ধৈরয ধরিতে নারে গোবিন্দদাস॥

ধানশী।

সরুয়া কাঁকলি ভাঙ্গিয়া পড়ে।
তাহে তনু সুখ বসন পরে॥
কোঁচার শোভায় মদন ভুলে।
যুবতী জীবন ঘুরিয়া বুলে॥
শচীর দুলাল গৌরাঙ্গচাঁদে।
বান্ধল রঙ্গিণী ভুরুর ফাঁদে॥
আখির বিলোল মুচকি হাসি।
কুলবতীব্রত নাশিল বাসি॥
লবঙ্গ দুলাল চাঁপার ফুলে।
কি দিয়া বান্ধিল কুন্তলমূলে॥
চাঁচর কেশের লোটন দেখি।
কোন্ ধনি নিজ ধৈরয রাখি॥
কপালে চন্দনফোঁটার ছটা।
বসিয়া যুবতীকুলের কাঁটা॥
নিতম্বমণ্ডলে কাম রহি।
ইছিয়া নিচিয়া পরাণ দি॥
গোবিন্দদাসের মরমে জাগে।
তাহে কোন্ ছার যৌবন লাগে॥

ভাটিয়ারি।

রসিয়া রমণীরে।
মদনমোহন, গৌরাঙ্গবদন,
দেখিয়া কিসে জীয়ে॥ ধ্রু॥
যে ধনী রঙ্গিণী হয়।
ও ভাঙ ধনুয়া মদন বাণে,
তার কি পরাণ রয়॥
যে জন পিরীতে বেথা।
সেহ কি ধৈরয, ধরিতে পারে,
শুনিয়া ধৈরয কথা॥
বিলাসিনীর মনে দুখ।
আজানুলম্বিত, বাহু হেরি কান্দে
পরিসর গোরা বুক॥
কত কাদম্বিনী কামনা করে।
গুরুয়া নিতম্ব বিলাস বসন,
পরশ পাবার তরে॥
গোবিন্দদাসের চিতে।
গৌরাঙ্গচাঁদের চরণনখর,
তাহার মাধুরী পিতে॥

তুড়ি—মায়ূর।

বিনোদ ফুলের, বিনোদ মালা,
বিনোদ গলে দোলে।
কোন্ বিনোদিনী, গাঁথিল মালা,
বিনোদ বিনোদ ফুলে॥

বিহাগড়া।

লাখবাণ কাঁচা, কাঞ্চন আনিয়া,
মিলাইয়া বিনোদসমূহে।
বিহি অতি বিদগধ, অমিয়ার সাচে ভরি
নিরমল গৌরস্নদেহে॥
সজনি ইহ অপরূপ গোরারাজে।
রসময় জলনিধি, মাঝে নিতি মাজল,
সাজল লাবণী সাজে॥ধ্রু॥
কোটি কোটি কিয়ে, শরদসুধাকর,
নিরমঞ্ছল মুখচাঁদে।
জগমন মথন, সঘন রতিনায়ক,
নাগর হেরি হেরি কাঁদে॥
ঝলমল অঙ্গ, কিরণ মণি দেবগণ,
দীপ দীপিতি কর শোভা।
অভয়ে সে নিতিনিতি, গোবিন্দদাস মনে
লাগল লোচনশোভা॥

ধানশী।

গৌররূপ সদাই পড়িছে মোর মনে।
নিরবধি থুইয়া বুকে সে রসধাধস সুখে
অনিমিখে দেখিউ নয়ানে ॥ ধ্রু ॥
পরিয়া পাটের জোড়, বান্ধিয়া চিকুর ওর,
তাহে নানা ফুলের সাজনি।
পরিসর হিয়া ঘন, লেপিয়াছে চন্দন,
দেখিয়া জীউ করিনু নিছনি ॥
মৃগমদ চন্দন, কুঙ্কুম চতুঃসম,
সাজিয়া কে দিল ভালে ফোঁটা।
আছুক অন্যের কাজ, মদন মুগধ ভেল,
বহল যুবতীকুলের পোঁটা ॥
সরবস দেহ, অবশ সকল সেহ,
না পালটে মোর আঁখি পাপ।
হিয়ার গৌরাঙ্গরূপ, কেশর লেপিয়া গো
ঘুচাইমু যত মনের তাপ ॥
কামিনী হইয়া, কামনা করিয়া
কামসরোবরে মরি।
গোবিন্দদাসে কহয়ে তবে সে
দুখের সাগরে তরি ॥

তথা রাগ।

দেখ দেখ নাগর, গৌরসুধাকর,
জগত আহলাদনকারী।
নদীয়াপুরবর, রমণী মণ্ডল-
মণ্ডন গুণমণিধারী ॥
সহজেই রসময়, সহচর উড়ুগণ
মাঝে বিরাজিত নাগররাজ।
মদন পরাভব, বদনহাস দেখি,
বিনাশই রঙ্গিণীগণ ভয় লাজ ॥
ভকতবৃন্দচিত, কৈরব ফুল্লিত,
নিশিদিশি উদিত হিয়াক বিলাসে।
রসিয়া রমণীচিত, রোহিণী লাসক
অনুক্ষণ পূরল না রহে হ্রাসে ॥
ঐছে বিলাস প্রকাশ, বিনোদিনী বিলসই
উলসই ভাবিনীভাব।
পদপঙ্কজ পর, গোবিন্দদাস চিত,
ভ্রমরী কি পাওব মাধুরী লাভ ॥

ভূপালী।

ও তনু সুন্দর গৌর কিশোর।
হেরইতে নয়নে বহয়ে প্রেমলোর ॥
আজানুলম্বিত ভুজ তাহে বনমাল।
তহি অলি গুঞ্জই শবদ রসাল ॥
লোল বিলোকনে নয়নহি লোর।
রসবতীহৃদয়ে বান্ধল প্রেমডোর ॥
পুলক-পটল-বলয়িত শ্রীঅঙ্গ।
প্রেমবতী আলিঙ্গিতে লহরী-তরঙ্গ ॥
গোবিন্দদাস আশ করু তায়।
গৌরচরণনখকিরণ ঘটায় ॥

কল্যাণী।

শারদ কোটি, চাঁদ সঞে সুন্দর
সুখময় গৌর কিশোর বিরাজ।
হেরইতে যুবতী, পিরীতিরসে মাতল
ভাগল গুরুজন গৌরব লাজ ॥
সজনি কিয়ে আজু পেখলু গোরা।
মনমথমথন অরুণনয়নাঞ্চল
চাহনি ভৈ গেনু ভোরা ॥ ধ্রু ॥
মৃদু মৃদু মধুর মধুর স্মিতশোভিত
লোহিত অধর বিনোদ।
কত কুলকামিনী বাসর যামিনী
ভেল অনুরাগিণী পরশ আমোদ ॥
কেশরীশাবক জিনি, ভঙ্গুর মাজা খীনি
তাহে বিলসয়ে মনমোহন বাস।
হেরি কুলবতীগণ, নিধুবনগত মন
মুগধে মাতল কত করু অভিলাষ ॥
কুটিল সুকেশ, কুসুম লোটন
যোটন রসবতী রসপরিমাণ।
গোবিন্দদাস কহে, ঐছন বর রসিয়া
নাগর হেরি কহয়ে গুণ গান ॥

ধানশী।

যতখনে গোরারূপ আয়লু হেরি।
মাজল মুকুর আনলু তথি বেরি ॥
সখি হে সব সেই অনল অনুপ।
ইথে লাগি মুকুরে হেরলু নিজ মুখ ॥

তৈখনে হেরইতে ভেল হাম ধন্দ।
উয়ল দবপণে গোবা মুখচন্দ ॥
মঝু মুখ সো মুখ সব ভেল সঙ্গ।
হিয়ে কিয়ে বাঢ়ল প্রেমতরঙ্গ ॥
উপজল কম্প নয়নে বহে লোব।
পুলকিত চমকি চমকি ভেল ভোব ॥
কবইতে আলিঙ্গন বাহু পসারি।
অবশে আবশী করে খসল হামারি ॥
বহুত পবশ রস অদরস কেলি।
গোবিন্দদাস শুনি মুবছিত ভেলি ॥

তথা রাগ।

বিহিব কি রীতি, পিরীতি আরতি,
গোবারূপে উপজিল।
যাহাব এ পতি, সেই পুণ্যবতী
আনে সে ঝুবিয়া মৈল ॥
সজনি কাহারে কহিব কথা।
নিরবধি গোবা, বদন দেখিয়া,
ঘুচাউ মনের বেথা ॥ ধ্রু॥
সে গোবা গায়, ঘাম কিরণে,
নিন্দয়ে কতেক চাঁদে।
গলায় রঞ্জন, কলিকামালা,
নারীমন বান্ধা ফাঁদে ॥
বাহুব বলনি অঙ্গেব হেলনি
মন্থব চলনি ছান্দে।
আছুক আনের, কাজ মদন
বিনিয়া বিনিয়া কান্দে ॥
শ্রবণে সোনার মকরকুণ্ডল,
রঙ্গিণী পবাণ গিলে।
গোবিন্দদাস, কহয়ে নাগর,
হবাই হারাই তিলে ॥

বেলোয়ার---কন্দর্প তাল।

লাখবাণ কনক কষিল কলেবর
মোহন সুমেরু জিনিয়া সুঠাম।
গদগদ নীর, থির নাহি পায়ই
ভুবনমোহন কিয়ে ময়াস সন্ধান ॥

দেখ রে মাই সুন্দর শচীনন্দনা।
অজানুলম্বিত ভুজ বাহু সুবলনা ॥ধ্রু॥
মদমত্ত হাতী ভাতি গতি ললনা।
কিয়ে মালতী মালা গোরা অঙ্গে
দোলনা ॥
শবদিন্দু জিনি সুন্দর বয়না।
প্রেম-আনন্দে পবিপূবিত নয়না ॥
পদ দুই চারি চলত ডগমগিয়া।
থির নাহি বান্ধে পড়ত পহুঁ ঢলিয়া ॥
গোবিন্দদাস কহে গোরা রঙ্গিয়া।
বলিহারি যাউঁ মুঞি সঙ্গের অনুসঙ্গিয়া ॥

সুহই।

শুন শুন সই গৌরাঙ্গচাঁদের কথা।
না কহিলে মরি রহিলে থাকবি
এ বড় মরমে ব্যথা ॥ ধ্রু॥
সুরধুনীতীরে গৌরাঙ্গ সুন্দর,
সিনান করয়ে নীতি।
কুলবধূগণ নিগমন মন,
ডুবিল সতীর মতি ॥
ঢল ঢল কাঁচা সোণাব বরণ,
লাবণি জলেতে ভাসে।
যুবতী উমতি, আউদড় কেশে,
রহই পবশ আশে ॥
আধা কুণ্ডল লোটন পিঠে
সোনাব কুণ্ডল কানে।
মুখ মনোহর বুক পরিসর,
কেনা কৈল নিরমাণে ॥
সজল বসন নিতম্ব লম্বন,
আই কি হেরিনু যে।
কামের পটে রতির বিলাসঁ
কহি মুরছিল সে ॥
সিংহের শাবক জিনিয়া মাঝা
উলটি কদলী উরু।
গোবিন্দদাস কহই বিষম
কামের কামান ভুরু ॥

ভাটিয়ারী।

গৌরাঙ্গ পতিতপাবন অবতারী।
কলিভুজঙ্গম দেখি হরি নাম জীব রাখি
আপনি আইলা ধন্বন্তরি ॥ ধ্রু॥
কলিযুগে শ্রীচৈতন্য, অবনী করিলা ধন্য
পতিতপাবন যার নামা।
পুরবে রাধার ভাবে গৌরাঙ্গ হইলা এবে
নিজরূপ ধরি কাঁচা সোনা ॥
গদাধর আদি যত, মহামহাভাগবত,
তারা সব গোরা-গুণ গায়।
অখিল ভুবনপতি গোলোকে যাহার স্থিতি
হরি বলি অবনী লোটায় ॥
সোঙরি পুরব গুণ, মুরছয়ে পুন পুন,
নয়নে বরণী উনসিত।
চরণকমল কিবা নখর উজোর শোভা
গোবিন্দদাস বঞ্চিত ॥

বরাড়ি।

হের দেখ অপরূপ গোরাচাঁদের চরিত
কে তাহে উপমা দিবে।
প্রেমে ঢল ঢল নয়ান-যুগল
ভকতি যাচয়ে সবে ॥
সুমেরু জিনিয়া অঙ্গ গমন জিনি মাতঙ্গ
রূপ জিনি শত কোটি কাম।
না জানি কি ভবে আপাদ মস্তক
পুলক জপয়ে শ্যাম শ্যাম ॥
গৌর বরণ সুধাময় তনু,
কিরণ ঠামহি ঠাম।
ভকত হেরি হেরি সমান দয়া করি
যাচত মধুর হরিনাম ॥.
গোবিন্দ দাসক চিত উনমত
দেখিয়া ও মুখচাঁদে।
মায়ের স্তন ছাড়ি দুধের বালক
গোরা গোরা বলি কান্দে ॥

তথা রাগ।

পতিত হেরিয়া কান্দে থির নাহি বান্ধে
করুণ-নয়ানে চায়।
নিরুপম হেম জিনি উজোর গোরাতনু
অবনী ঘন গড়ি যায় ॥
গৌরাঙ্গের নিছনি লইয়া মরি।
ও রূপমাধুরী পিরীতি চাতুরী
তিল আধ পাসরিতে নারি ॥ধ্রু॥
বরণ আশ্রম কিঞ্চন অকিঞ্চন
কার কোন দোষ নাহি মানে।
কমলা শিব বিধি দুলভ প্রেমধন
দান করয়ে জগজনে ॥
ঐছন সদয় হৃদয় রসময়
গৌর ভেল পরকাশ।
প্রেম-ধনের ধনী কয়ল অবনী
বঞ্চিত গোবিন্দদাস ॥

তথা রাগ।

কুন্দন কনয়া কলেবর কাঁতি।
পুতি অঙ্গে অবিরল পুলকপাঁতি ॥
প্রেমভরে ঝর ঝর লোচন চায়।
কত২ মন্দাকিনী তহিঁ বহি যায় ॥
দেখ দেখ গোরা গুণমণি।
করুণায় কা বিহি মিলাইল আনি ॥
জপিয়া জপায় মধুর নিজ নাম।
গাইয়া গাওয়ায়ে আপন গুণগান ॥
নাচিয়া নাচাওয়ে বধির জড় অন্ধ।
কতিহুঁ না পেখলু ঐছন পরবন্ধ ॥
আপহি ভোরি ভুবন কর ভোর।
নিজ পর নাহি সবারে দেই কোর ॥
ভাসল প্রেমে অখিল নরনারী।
গোবিন্দদাস কহে যাউঁ বলি হারি ॥

সিন্ধুড়া।

কলিতিমিরাকুল, অখিল জীব হেরি,
বদনচাঁদ পরকাশ।
লোচনপ্রেম সুধারস বরিখণে,
জগজন তাপ বিনাশ ॥
গৌরাঙ্গ করুণাসিন্ধু অবতার।
নিজগুণে গাঁথিয়া, নামচিন্তামণি,
জগজনে পরায়লি হার ॥ধ্রু॥

ভকতকল্পতরু অন্তরে অন্তরু
রোপলি ঠাঁয়হি ঠাঁয়।
তছু পদতলে অবলম্বই পথিক
পূরল নিজ নিজ কাম॥
ভাব গজেন্দ্র চড়ায়ল অকিঞ্চনে
ঐছন পহুঁক বিলাস।
সংসারকালকূট বিষে তনু দগধল
একলি গোবিন্দদাস॥

গান্ধার।

জাম্বুনদতনু বদন-অম্বুজ
সঘনে হরি হরি বোল।
নয়ান অম্বুজে, বহই সুরধনী
কম্বুকন্ধরে দোল॥
দেখ দেখ গৌরবর দ্বিজরাজ।
সঙ্গে সহচর, সুঘড়শেখর,
উয়ল নবদ্বীপমাঝ॥ধ্রু॥
তরুণপ্রেমভরে দিনরাত নাচত
অরুণ চরণ অথির।
করুণ দিঠিজলে এ মহী ভাসল
নিলয় বরুণ গভীর॥
কবহু নাচত কবহু গাওত
কবহু গদগদ ভাষ।
অখিল জগজনে প্রেমে পূরল
বঞ্চিত গোবিন্দদাস॥

পঠমঞ্জরী।

গোলোক ছাড়িয়া পহু কেন না অবনী।
কালারূপ কেন হৈল গোরা বরণখানি॥
হাস বিলাস ছাড়ি কেন পহু কান্দে।
না জানি ঠেকিল গোরা কার প্রেমফান্দে॥
খেণে কৃষ্ণ কৃষ্ণ বলি কান্দে ঘনে ঘন।
খেণে সখি সখি বলি করয়ে রোদন॥
মথুরা মথুরা বলি করয়ে বিলাপ।
খেণে বা অক্রূর বলি করে অনুতাপ॥
খেণে বলে ছিয়ে ছিয়ে চাঁদ চন্দন।
ধূলায় লোটাঞা কান্দে যত নিজগণ॥
গদাধর কান্দে প্রাণনাথ করি কোলে।
রায় রামানন্দ কান্দে প্রবোধে বিকলে॥
স্বরূপ শ্রীরূপ কান্দে সোঙরি বিলাস।
না বুঝি না কান্দি মরু গোবিন্দদাস॥

মল্লার।

নাচে নিত্যানন্দ ভুবন আনন্দ
বৃন্দাবন গুণ শুনিয়া রে।
বাহুযুগ তুলি বলে হরি হরি
চলন মন্থর ভাতিয়া রে॥
কিবা সে মাধুরী বচন চাতুরী
গদাধর মুখ হেরিয়া রে।
মাধব গোবিন্দ শ্রীবাস মুকুন্দ
গাওত ও রস ভাবিয়া রে॥
নাচে নিত্যানন্দচাদ রে।
কহে গদগদ চলে পদ আধ
পাতিয়া প্রেমের ফাঁদ রে॥ধ্রু॥
ও চাঁদ-বদনে হাস-সঘনে
অরুণ লোচন ভাঙ্গিয়া রে।
কুসুম-হার হিয়ার উপর
সুঘড় রঙ্গিয়া সঙ্গিয়া রে॥
রাতুল চরণে রতননূপুর
রঙ্গের নাহিক ওর রে।
মনের আনন্দে শ্রীনিবাসসুত-গতি
গোবিন্দ-চিত ভোর রে॥

ধানশী।

জয় জয় শ্রীকৃষ্ণচৈতন্য নাম।
কলিমদমথন নিত্যানন্দ রাম॥
অপরূপ হেমকল্পতরু জোর।
প্রেমরতন ফল ধয়ল উজোর॥
অযাচিত বিতরই কাহে না উপেখি।
ঐছন সদয় হৃদয় নাহি দেখি॥
যে নাচিতে নাচয় বধির জড় অন্ধ।
কান্দিতে অখিল ভুবনজন কান্দ॥
তেঁয়ি অনুমানিয়ে দুহু পরবেশ।
পুতি দরপণে জনু ররিব আবেশ॥
এহ রসে যাহার নাহিক বিশোয়াস।
মলিন আধারে নাহি রর বিকাশ॥
গোবিন্দদাস কহে তাহা কি বিচার।
কোটি কলপে তার নাহিক নিস্তার॥

আশাবরী।

জয় জয় শ্রীল রাম রঘুনন্দন
জনকসুতারতিকান্ত।
সুর নর বানর খেচর নিশাচর
যছু গুণ গায় অনন্ত॥
দূর্ব্বাদলনব শ্যামল সুন্দর
কঞ্জনয়ন রণবীর।
বামে ধনুর্দ্ধর ডাহিনে নিশিত শর
জলধিকোটি গম্ভীর॥
শ্রীপদপাদুক ধর ভরতানুজ
চামর ছত্র নিচোড়ি।
শিব চতুরানন সনক সনাতন
শত মুখ বহু কর যোড়ি॥
ভকত আনন্দ মারুত নন্দন
চরণকমল করু সেবা।
গোবিন্দদাস হৃদয় অবধারণ
হরি নারায়ণ দেবা॥

সিন্ধুড়া।

গঞ্জন-খঞ্জন জগজন-রঞ্জন
জলদপুঞ্জ জিনি বরণা।
তরুণারুণথল কমল দলারুণ
মঞ্জীররঞ্জিত চরণা॥
দেখ সখি নাগররাজ বিরাজে।
সুরট সুবাসন হাস বিকাশিত
চাঁদ মলিন ভেল লাজে॥ধ্রু॥
ইন্দীবরবর গরববিমোচন
লোচনমনমথফান্দে।
ভাঙভুজগপাশে বান্ধল কুলবতী
কুলদেবতা মন কান্দে॥
ভ্রমরকরম্বিত জানু লম্বিত
কোকিল কদম্বমাল।
গোবিন্দদাস চিতে নিতি নিতি বিহরই
ঐছন মুরতি রসাল॥

মায়ুর।

কুন্দন কুসুম সুকোমলকাঁতি।
মাথে ময়ূরশিখণ্ডকপাঁতি॥
আকুল অলিকুল বকুলকি মাল।
চন্দন চাঁদ বিরাজিত ভাল॥
মদনমোহন মুরতি কান।
হেরি উনমতি যুবতীপরাণ॥
ভাঙবিভঙ্গিম লোচনে লোর।
কাঞ্চনকুণ্ডল গণ্ডহি লোল॥
মণিময় আভরণ অঙ্গে বিরাজ।
পীত নিচোল এহি পর সাজ॥
অরুণ চরণে মণিমঞ্জরী বাওয়ে।
গোবিন্দদাস চিতে আন নাহি ভাওয়ে॥

সারঙ্গ।

মরকতমঞ্জু মুকুরমুখমণ্ডল
মুখরিত মুরলী সুতান।
শুনি পশুপাখী শাখিকুল পুলকিত
কালিন্দী বহয়ে উজান॥
কুঞ্জে সুন্দর শ্যামরচন্দ।
কামিনীমনহি মুরতিময় মনসিজ
জগজন নয়ন আনন্দ॥ধ্রু॥
তনু অনুলেপন ঘনসার চন্দন
মৃগমদ কুঙ্কুম পঙ্ক।
অলিকুল-চুম্বিত অবনী বিলম্বিত
বনি বনমাল বিটঙ্ক॥
অতি সুকুমার চরণতল শীতল
জিতল শরদারবিন্দ।
দাস সন্তোষ মধুপ অনুসন্ধিত
নন্দিত দাস গোবিন্দ॥

নট-নারায়ণ।

নবনীরদতনু তড়িত লতা জনু
পীত পতনি বনি ভাল।
মালতীবকুল বলিত অতি আকুল
মৌলি মিলিত বনমালা॥
পেখলু কালিন্দীকূলবিলাসী।
হেরি কল্পতরু, তরুণীমোহন
বাওয়ে বিনোদিনী বাঁশী॥ধ্রু॥
মণিময় আভরণ নূপুর রণঝন
মদনমন্থর গতিভাতি।
গ্রীমবিভঙ্গিম নয়নতরঙ্গিম
কুলকুলবতীমতি মাতি॥

কমল নীত চরণকমল মধু
পাওয়ে সোই সুজান।
রাজা নরসিংহ রূপনারায়ণ
গোবিন্দদাস অনুমান॥

কামোদ।

নন্দনন্দন চন্দ্রচন্দন
গন্ধ নিন্দিত অঙ্গ।
জলদ সুন্দর কম্বুকন্ধর
নিন্দি সিন্ধুর ভঙ্গ॥
প্রেম আকুল গোপ গোকুল
কুলজা কামিনী কান্ত।
কুসুমরঞ্জন মঞ্জুবঞ্জুল
কুঞ্জমন্দিরে সন্ত॥
গণ্ডমণ্ডল বলিত কুণ্ডল
উড়ে চূড় শিখণ্ড।
কেলিতাণ্ডব তালপণ্ডিত
বাহুদণ্ডিতদণ্ড॥
কঞ্জলোচন কলুষমোচন
শ্রবণরোচন ভাষ।
অমল কোমল চরণ-কিশলয়
নিলয় গোবিন্দদাস॥

শ্রীরাগ।

তনু ঘনগঞ্জন জনু দলিতাঞ্জন।
কঞ্জনয়নী নয়ন ললিতাঞ্জন॥
নন্দ সুনন্দন ভুবন আনন্দন।
নাগরী নারী-হৃদয়ঘন চন্দন॥ ধ্রু॥
লোচন খঞ্জন জগত অনুরঞ্জন।
কুলবতী যুবতী বরত ভয়ভঞ্জন॥
গোবিন্দদাস ভণ রসিক রসায়ন।
রসময় ভূপতি রূপ নারায়ণ॥

সারঙ্গ।

কুসুমিত কুঞ্জ কল্পতরু কানন
মণিময় মন্দিরমাঝ।
রাসবিলাস কলা উতকণ্ঠিত
মনমোহন নটরাজ॥

গিরিবর-কন্দরে সুন্দর শ্যাম।
মোতিম-হার বিরাজিত কন্ধর
কুঞ্জর গতি অনুপাম॥ধ্রু॥
বহুবিধ বৈদগধি বিনোদ বিশারদ
বেণু রোলায়ত মন্দ।
কুঞ্জরগমনী রমণীগণ ধাওত
বিগলিত নীবি-নিবন্ধ॥
কামিনীকর কিশলয় বলয়াঙ্কিত
বাতুল পদ-অরবিন্দ।
রায় বসন্ত মধুপ অনুসঞ্চিত
নিন্দিত দাস গোবিন্দ॥

বেলোয়ার।

কুবলয় নীল রতন দলিতাঞ্জন
মেঘপুঞ্জ জিনি বরণ সুছান্দ।
কুঞ্চিত কেশ খচিত শিখিচন্দ্রক
অলকাবলিত ললিতাননচান্দ॥
আওত রে নব নাগর কান।
ভাবিনীভাব বিভাবিত অন্তর
দিন রজনী নাহি জানত আন॥ধ্রু॥
মধুরাধরহি ধর হাস অতি মনোহর
তহি অতি সুমধুর মুরলী বিরাজ।
ভাঙ বিভঙ্গিম কুটিল নেহারণি
কুলবতী উমতি দূরে রহু লাজ॥
গজপতি ভাতি গমন অতি মন্থর
মণিমঞ্জীর বাজত রণঝনিয়া।
হেরইতে কত মনমথ মুরছই
গোবিন্দদাস কহই ধনি ধনিয়া॥

তথা রাগ।

অরুণিত চরণে মণি-মঞ্জীর
আধ আধ পদ চলনি রসাল।
কাঞ্চন-রঞ্জন বসন মনোরম
অলিকুল মলত ললিত বনমাল॥
ভালে বনি আওয়ে মদনমোহনীয়া।
অঙ্গহি অঙ্গ অনঙ্গতরঙ্গিম
রঙ্গিম ভঙ্গিম নয়ন নাচিয়া॥ ধ্রু॥

মাঝহি ক্ষীণ পীন উর অম্বর
প্রাতর অরুণকিরণ মণিরাজ।
অধরসুধাঝর মুরলী তরঙ্গিণী
বিগলিত রঙ্গিণী হৃদয় দুকুল।
মাতল নয়ন ভ্রমর জনু ভ্রমি ভ্রমি
উড়ি পড়ত শ্রুতি উতপলফুল॥
গোরচনতিলক চুড়ে বনি চন্দ্রক
বেঢ়ল রমণীমন মধুকর মাল।
গোবিন্দদাস চিতে নিতি নিতি বিহরই
ইহ নাগরবর তরুণ তমাল॥

সিন্ধুড়া।

চাচর চিকুর চূড়োপরি চন্দ্রক
গুঞ্জা মঞ্জুল মাল।
পরিমল মিলিত ভ্রমরীকুল আকুল
সুন্দর বকুল গুলাল॥
নিকে বনি আওয়ে হো নন্দলাল।
মনমথমথন ভাঙযুগভঙ্গিম
কুবলয় নয়ন বিশাল॥ধ্রু॥
নিধুবন পরি মোহন-মুরলী
পঞ্চম রমই রসাল।
গোবিন্দদাস পহু নটবর শেখর
শ্যামর তরুণ তমাল॥

মায়ূর।

মুখরিত মুরলী মিলত মুখ মোদনে
মরকত মুকুল মৈলান।
মানিনীমান মথন মচুকায়নি
মুনিমানস মুরছান॥
মাই মোহনমূরত মুরারি।
মনমথে মরমে মনোরথ মাধুরী
মনমথমনমথ মারি॥ধ্রু॥
মুকুলিত মল্লী মধুর মধুমাধুরী
মালতী মঞ্জুল মাল।
মন্দমকরন্দ মুদিত মত্ত মধুকর
মণ্ডিত মৌলি মন্দার॥

মাথহি মোর মুকুট মদ মন্থর
মণিমিণ্ডন মন মানি।
মঞ্জুমঞ্জীর মহিমা মহিমাময়
গোবিন্দদাস গুণ গান॥

সারঙ্গ।

কুন্দনকনক কলিত কর-কঙ্কণ
কালিন্দীকূল-বিহারী।
কুঞ্চিতকচ কেশর কুসুমাকুল
কামিনী করধারী॥
জয় জয় জগজীবন সদুবীর।
জলধর জিতিয়া জ্যোতি যচ্ছু মোহিত
যুবতী-মুখ অধির॥ধ্রু॥
পদ্মিনী পাণি, পরশে পুলকায়িত
পরিজন প্রেম পসারি।
পহিরণ পীত পতনি পতিতাকুল
পদপঙ্কজ পরচারি॥
রমণী-রমণ, রতন রুচিরানন,
রঞ্জিত-রতি-রমণ বাস।
রসনা-রোচন রসিক রসায়ত
রচয়িতা গোবিন্দদাস॥

ধানশী।

মুদিত মরকত মধুর মুরতি
মুগধ মোহন চান্দ।
মল্লিকা মালতী মালে মধুকমত
মধুপ মনমথ ফান্দ॥
শ্যাম সুন্দর সুগড় শেখর
শরদশশধর হাস।
সঙ্গে সবয়স সুবেশ সমরস
সতত সুখময় ভাষ॥ধ্রু॥
চিকণ চাঁচর চিকুরচুম্বিত
চারুচন্দ্রক পাঁতি।
চপলচমকিত চকিত চাহনি
চিতচোরক ভাতি॥
গিরিক গৈরিক গোরজ গোরোচন
গন্ধগরভিত বাস।
গোপ গোপন গরিম গুণগুণ
গাওত গোবিন্দদাস॥

তুড়ি।

শ্যাম সুধাকর ভুবন-মনোহর।
রঙ্গিণীমোহন ভঙ্গী নটবর ॥
সজলজলদতনু ঘন রসময় জনু।
রূপে জিতল কত কোটি কুসুমধনু ॥
থলকমলদল অরুণ চরণতল।
নখমণিরঞ্জিত মঞ্জুমঞ্জীরকল॥
প্রেমভরে অন্তর গতি অতি মন্থর ॥
অধরে মুরলীধ্বনি মন্মথমন্তর।
অভিনব নাগর গুণমণি সাগর
গোবিন্দদাস চিতে নিতি নিতি জাগর ॥

তথা রাগ।

রাধারমণ রমণীমনোমোহন
বৃন্দাবন-বনদেব।
অভিনব রাস রসিকবর নাগর
নাগরীগণকৃতসেব ॥
ব্রজপতিদম্পতি হৃদয়ানন্দন
নন্দন নবঘন শ্যাম।
নন্দীশ্বর পুর পুরটপটাম্বর
রামানুজ গুণধাম ॥
গোবর্দ্ধনধর ধরণী সুধাকর
মুখরিত মোহন বংশ।
দাম সুদাম সুবল সখা সুন্দর
চন্দনক-চারুবতংস ॥
কালিয়-দমন গমন জিত কুঞ্জর
কুঞ্জরচিত রতি-রঙ্গ।
গোবিন্দদাস হৃদয়-মণি-মন্দির
অবিচল-মূরতি ত্রিভঙ্গ ॥

বরাড়ী।

কুটিল কুন্তল কুসুমকাঁচলি
কান্তি কুবলয়-ভাস।
কুঞ্চিতাধর কুমুদকৌমুদী
কুন্দকৈরব হাস ॥
কানু কালিন্দী- কূলকাননে
কুঞ্জে কুঞ্জরবাজ।
কামিনী কুচ কুঙ্কুমাঙ্কিত
কাম কোটি বিরাজ ॥
কনক-কিঙ্কিণী কঙ্কণাঙ্গদ
কুণ্ডলাঙ্কিত অংশ।
কেলি কোকিল কলিকুণ্ঠক
কাকলীকৃতবংশ ॥
কেশরীকটি কম্বুকন্ধর
কঞ্জকেশরদাম।
কলিকাল কালীয় কবল কম্পিত
দাস গোবিন্দদাস ॥

শ্রীরাগ।

সুরপতি-ধনু কি শিখণ্ডিক চূড়ে।
মালতী ঝুরি কি বলাকিনী উড়ে ॥
ভালে কি ঝাঁপল বিধু-অরিখণ্ড।
করিবর-কর কিয়ে ও ভুজদণ্ড ॥
ও কি শ্যাম নটরাজ।
জলদ কল্পতরু তরুণী সমাজ ॥ধ্রু॥
কর-কিশলয় কিয়ে অরুণ বিকাশ।
মুরলী মুরলী কিয়ে চাতকভাষ ॥
হাস কি ঝরয়ে অমিয়া মকরন্দ।
হার কি তারকাদ্যোতিক চন্দ ॥
পদতলে থলকমল কি ঘনরাগ।
তাহে কলহংস কি নূপুর জাগ ॥
গোবিন্দদাস কহয়ে মতিমন্ত।
ভুলল যাহে দ্বিজরাজ বসন্ত ॥

মায়ুর।

কুবলয়কন্দল কুসুম কলেবর
কালিমকান্তিকলোল।
কোমল কেলি কদম্ব করম্বিত
কুণ্ডলকান্তক পোল ॥
জয় জয় কৃষ্ণ কমলেশ।
কালিয়কেশি কংসকবিকর্ষণ
কেশব কুঞ্চিতকেশ ॥ধ্রু॥
কুলবনিতাকুচ কুঙ্কুমাঙ্কিত
কুসুমিত কুন্তলবন্ত।
কালিন্দীকমল কিলিতকরকিশলয়
কৌতুককন্দলকন্দ ॥

কমলাকেলি কল্পতরু কামদ
কামিনীকোটি কবীন্দ্র।
কৃপণ কৃপাকর কলিকলুষহর
কহ কবি দাস গোবিন্দ॥

কামোদ।

মুখমণ্ডল জিতি শরদসুধাকর
তনুরুচি তরুণ তমাল।
চূড়া চারু শিখণ্ডকমণ্ডিত
মালতীমধুকরমাল॥
ধনি ধনি বলি নব নাগর কান।
রহই ত্রিভঙ্গ ভুবনমনোহর
মধুর মুরলী করু গান॥ ধ্রু॥
টলমল অলক তিলক ঝলমলকই
ভাঙ কি ধনুয়া ধুনান।
কুলবতীবরত বিমোচন লোচন
বিষমকুসুমশরবাণ॥
বান্ধুলীবন্ধু অধরে মধু মাখল
মধুর মধুর মৃদু হাস।
যছু আমোদ মদনমদমন্থর
ভণতহিঁ গোবিন্দদাস॥

সিন্ধুড়া।

শরদ সুধাকর মণ্ডলমণ্ডন
খঞ্জন নয়ন বিকাশ।
অধরে মিলাওত শ্যাম মনোহর
চিত চোরায়লি হাস॥
আজু ধনি শ্যামবিনোদিনী রাই।
তনু তনু অতনু যূথশতসেবিত
লাবণী বরণি না যাই॥ধ্রু॥
কবরী বকুলফুল আকুল অলিকুল
মধু পিবি পিবি উতরোল।
সকল অলঙ্কৃত কনক ঝঙ্কৃত
কিঙ্কিণী রণরণি বোল॥
পদপঙ্কজ পরি মণিময় নূপুর
রণঝন খঞ্জন ভাষ।
মদনাঙ্কুর জনু নখমণিদরপণ
নিছনি গোবিন্দদাস॥

শ্রীরাগ।

মূরতি শিঙ্গারিণী রাসবিহারিণী
মণিময়ভূষণ-ভূষিত অঙ্গী।
মধুরিমহাসিনী রসময়ভাষিণী
দশনকিরণমণিমোতিমরঙ্গী॥
জয় জয় বৃষভানু কিশোরী।
গোরোচনরুচিরোচনধারী॥ধ্রু॥
চকিত খঞ্জন গতি জিনি লোচন
মনমথ মনমথ ভাতি।
নাচত ভঙ্গিনী ভাঙভুজঙ্গিণী
কালিয়দমন মদে মাতি॥
শ্যামমনোহর মনমথ কুঞ্জর
কুচকনকাচল বিহরত দেখি।
নীল নিচোলে ঝাঁপি তাহা রাখল
গোবিন্দদাস সুকৃতি নাহি পেখি॥

তথা রাগ।

নিরুপম কাঞ্চন রুচির কলেবর
লাবণী বরণি নাহি হোই।
নিরমল বদন হাসরসপরিমলে
মলিন সুধাকর অম্বরে রোই॥
আজু ধনী নব নব রঙ্গিণী রাই।
সঙ্গিণী সকল শিঙ্গারিণী সাই॥ধ্রু॥
লোল অলকা তিলকাবলি রঞ্জিত
সীঁথহি কাঞ্চনকমল উজোর।
লোচনমধুকরী চলত ফিরি ফিরি
শ্রুতি কুবলয়পরিমলে কিয়ে ভোর॥
শ্যামর চিত- চোর কুচকোরক
নীলনিচোল কোরে করু বাস।
যাবকরঞ্জিত অরুণ চরণতলে
জিউ নিরমঞ্ছর গোবিন্দদাস॥

মালশ্রী।

জয়তি জয় বৃষ- ভানুনন্দিনী
শ্যামমোহিনী রাধিকে।

কনয়াশতবাণ কান্তিকলেবর
কিরণজিতকমলাধিকে ॥
সহজেই ভঙ্গী বিজুরী কত জিনি
কাম শত শত মোহিতে।
জিনিয়া ফণী বনি বেণী লম্বিত
কবরী মালতী সহিতে॥
খঞ্জন গঞ্জন নয়ন অঞ্জন
বদন কত ইন্দু নিন্দিতে।
মন্দ আধ হাসি কুন্দ পরকাশি
বিজুরী কত শত ঝলকিতে॥
রতনমন্দির মাঝে সুন্দরী
বসনে আধ মুখ ঝাঁপিয়া।
দাস গোবিন্দ প্রেমসাগরে
সোই চরণ সমাধিয়া॥

তুড়ি।

ধনি কানাড়াছান্দে বান্ধে কবরী।
নবমালতীমাল তাহে উপরি॥
দলিতাঞ্জন গঞ্জ কলা কবরী।
খেনে উঠত বৈঠে তাহে ভ্রমরী॥
ধনি সিন্দুরবিন্দু ললাট বনি।
অলকা ঝলকে তহিঁ নীলমণি॥
তাহে শ্রীখণ্ড কুণ্ডল ভাঙপাতা।
ভুরুভঙ্গিম চাপ ভুজঙ্গলতা॥
নয়নাঞ্চল চঞ্চল খঞ্জরীটা।
তাহে কাজর শোভিত নীলছটা॥
তিলপুষ্প সমান নাসা ললিতা।
কনকাতি ভাতি ঝলকে মুকুতা॥
ধনি সুন্দর শারদ-ইন্দুমুখী।
মধুরাধরপল্লব বিম্ব লখি॥
গলে মোতিমহার সুরঙ্গ মালা।
কুচকাঞ্চন শ্রীফল তাহে খেলা॥
নব যৌবনভার-ভরে গুরুয়া।
যঁহি অঙ্গে সুলেপন গন্ধ চুয়া॥
ক্ষীণ উদর পাশে শোভে আলতা।
মণিমঞ্জরী তোড়ল মল্ল পাতা॥
নখচন্দ্রছটা ঝলকে অনুপাম।
হেরি গোবিন্দদাস তঁহি পরণাম॥

সারঙ্গ।

কবিপতি বিদ্যাপতি মতিমানে।
যাক গীতে জগ- চিত চোরায়ল
গোবিন্দগৌরী সরসরসগানে॥
ভুবনে আছয়ে যত ভারতী বাণী।
তাকর সার- সার পদ সঞ্চই
বান্ধল গীত কতহুঁ পরিমাণি॥
যো সুখসম্পদ শঙ্কর ধনিয়া।
সো সুখ সার- সরস রসিকই
কণ্ঠহি কণ্ঠ পরায়ল বনিয়া॥
আনন্দে নারদ না ধরয়ে থেহা।
সো আনন্দরস জগ ভরি বরিখল
সুখময় বিদ্যাপতিরসমেহা॥
যত যত রসপদ কয়লহি বান্ধে।
কোটিহি কোটি শ্রবণ পর পাইয়ে
শুনইতে আনন্দে লাগল ধন্দে॥
সো রস শুনি নাগর বরনারী।
কিয়ে কিয়ে করি চিত চমকায়ে
ঐছন রসময় চম্পু বিথারি॥
গোবিন্দদাস মতি মন্দে।
এত সুখসম্পদ বহইতে আনমন
যৈছন বামন ধরবহি চন্দে॥

বিভাষ।

নিশি অবশেষে জাগি সব সখিগণ
বৃন্দাদেবী মুখ চাই।
রতিরস আলসে শুতি রহল দুহুঁ
তুরিতহি দেহ জাগাই॥
তুরতহি করহ পয়াণ।
রাই জাগাই লেহ নিজ মন্দিরে
যব নাহি হোত বিহান॥ধ্রু॥
শারী শুক পিক সকল পক্ষিগণ
সুস্বরে দেহ জাগাই।
জটিলা গমন সবহু মেলি ভাখই
শুনইতে চমকই রাই॥
বৃন্দা-বচনে সকল পক্ষিগণ
মধুর মধুর করু ভাষ।
মন্দির নিকটে ঝারি লই ঠারই
হের গোবিন্দদাস॥

রামকেলি।

হিমকর মলিন নলিনীগণ হাসই
অরুণকিরণ হেরি খোর।
কোকিল বোল ভ্রমর আকুলকুল
তেজল কুমুদিনী কোর॥
কৈছে ঘুমায়ত যুগল কিশোর।
চৌঁকি কহত শুক শারীক মোর॥ধ্রু॥
কিশলয় শয়নে নিচল তনু শ্যামর
মরকত কাঞ্চনগোরী।
কিয়ে কুসুমশর তুণ শূণ ভেল
কিয়ে দুহু রতিরসে ভোরি॥
সহচরী ছোড়ি মন্দির যাওত
চপত-সুন্দরী রাধে।
গোবিন্দদাস পহুঁ শুনইতে কাতর
বোল বরল রসবাধে॥

ললিত।

গগনহি মগন সগণ রজনী কর
চলু চরমাচর ওর।
পদুমিনী বদন মধুপ ঘন চুম্বই
তেজই কুমুদিনী কোর॥
জাগহুঁ রে বৃষভানু-কুমারী।
শ্যামর কোরে গোরি কিয়ে ভোরলি
পুন বোলত শুক শারী॥ধ্রু॥
যামিনী তিমির থির নাহি হেরিয়ে
পরশি অরুণ রুচি অঞ্চ।
জনু নাগরী নীল পটাঞ্চলে লাগল
দিন বিরহানল রঞ্চ॥
চৌরিরভসরস এতহু রস ধাধস
দুরজন বহু পথে যোই।
গোবিন্দদাস কহ জানি চলয়ে সখী
পিকু বোলত ওহি ওই॥

তথা রাগ।

সময় জানি সখী মিলল আই।
আনন্দে মগন ভেল দুহু মুখ চাই॥
দুহু জন সেবন সখীগণ কেল।
চৌদিক চান্দ হেরি রহি গেল॥
নীলগিরি বেঢ়ি কিয়ে কনকের মাল।
গৌরীমুখ সুন্দর ঝলকে রসাল॥
বানরী রব দেই করুখটি, বাদ।
গোবিন্দদাস কহ শুনি পরমাদ॥

বিভাষ।

গুরুজন জাগল ভৈ গেল বিহান।
গৃহী নিজ কাজ সমাপনে যান॥
কোই সখী দধিমন্থন করু তাহি।
ঘন ঘন ঘরজন উপমা নাহি॥
কোই সখী গুরুজন সেবন কেল।
কনককুম্ভ লই কোই চলি গেল॥
কুসুম তোড়ি কোই গাঁথই হার।
কোই ঘর বাহির করত নিহার॥
নীতি নীতি ঐছন করতহি নীত।
গোবিন্দদাস কহ অনুপ চরিত॥

রামকেলি।

রামক নীল বসন কাঁহে পিন্ধ।
উদিত অরুণ নাহি ভাঙ্গল নিন্দ॥
ব্রজকুলচান্দ নিছনি যাউ তোর।
অঙ্গ বিভঙ্গ কত যে তনু মোড়॥
ফাগু অরুণ কিয়ে গোচন ওর।
কাঁহা লাগল হিয়ে কণ্টক আঁচোড়॥
ঝামর ভেল নীল-উতপল দেহ।
না জানি পাপদিঠি দেয়ল কেহ॥
মঙ্গলগান করাব নিজ গেহ।
তবহু ভুঞ্জাব দধিওদন এহ॥
এতহু কহিল যব যশোমতী ভাষ।
আচর ঝাঁপি নিরাবই হাস॥
গোবিন্দদাস কহহু ব্রজ অবিদেবি।
উনহি নিরাপদ গৌরীক সেবি॥

বেলোয়ার।

আওত রে মধুমঙ্গল ডালি।
হেরি সখীগণ দেই করতালি॥
চলইতে চরণ পড়য়ে তিন বঙ্ক।
ভাওয়ে কবি লাঞ্ছিত কালিন্দীপঙ্ক॥

কহই বদনে করত কত ভঙ্গ।
নাচত সঘনে বাজাওত অঙ্গ॥
ভোজন-সুরবস অনুবন্ধ।
অবিরত প্রাতে লাগাওত দ্বন্দ্ব॥
মধু-গুড়-লোভিত বাউলচিত।
বন্ধক দেওই যজ্ঞোপবীত॥
কতিহু না পেখিয়ে ঐছন চালি।
কবইতে প্রীত দেই দেশ গালি॥
গোবিন্দদাস শুনি অছু গুণগাম।
দ্বিজ-পায়ে করল লাখ পরণাম॥

ধানশী।

গোঠকি মাঝহি করল পয়াণ।
গোধন দোহন করিতহিঁ কান॥
ঘন হাম্বারব বৎসক রাব।
হু হু গরজি ধেনুগণ ধাব॥
সুন্দর অপরূপ শ্যামরচন্দ।
দোহত ধেনু করত কত বন্দ॥
গোধন দোহন গরজে গভীর।
ঘন ঘন দোহন করু যদুবীর॥
গোরস-ধার চুয়ায়ত অঙ্গ।
তমালে বিথারল মোতিম রঙ্গ॥
মটুকি মটুকি ভার রাখত চারি।
গোবিন্দদাস কহে যাউ বলিহারি॥

ভাটিয়ারি।

সুন্দরী সখী সঙ্গে করল পয়াণ।
বঙ্গ পটাম্বরে ঝাঁপল সব তনু
কাজরে উজোর নয়ান॥ধ্রু॥
দশনক জ্যোতি মোহি নহ সমতুল
হসইতে খসে মণি জানি।
কাঞ্চন কিরণ বরণ নহ সমতুল
বচন কহয়ে পিকবাণী॥
করপদতল থল কমল দলাঞ্চল
মঞ্জীর রুণু ঝুণু বাজে।
গোবিন্দদাস কহ রমণী-শিরোমণি
জিতল মনমথরাজে॥

মায়ূর।

রাধা-বদন- চাঁদ হেরি ভুলল
শ্যামক নয়ন-চকোর।
ছন্দ বন্ধ বিনু ধবলী ধাওত
বাছুরী কোরে অগোর॥
শূন্যহি দোহত যুগধ যুবারি।
ঝুটহি অঙ্গুলী করত গতাগতি
হেরি হসত ব্রজনারী॥ ধ্রু॥
লাজহিঁ লাজ হাসি দিঠি কুঞ্চিত
পুন লেই ছান্দন ডোর।
ধবলীক ভরমে ধবল পায়ে ছান্দল
গোবিন্দদাস পহু হেরি ভোর॥

তথা রাগ।

হেরইতে বিনোদিনী ভুলল রে।
গোধন দোহন তেজল রে॥
চাঁদ চকোর জনু পাগলু রে।
রাই প্রেমভরে ভাসল রে॥
মুরছি অবনীতলে পড়লহি রে।
অকণিত লোচন ঢর ঢর রে॥
করে পহু কোরে আগোরল রে।
অঙ্গে পুলক অতি পূরল রে॥
দুহু মুখ সুন্দর শোহন রে।
গোবিন্দদাস মনোমোহন রে॥

সারঙ্গ।

আন ছল করি সুবল করে ধরি
গমন করল বন মাহি।
তরু তরু হেরি কুসুম তহি তোড়ই
যতনহি হার বনাহি॥
মাধব বৈঠল কুণ্ডক তীর।
সুন্দরী সঙ্গে করি ভাবই পথ হেরি
আকুল মন নহে থির॥ধ্রু॥
নব নব পল্লবে শেজ বিছায়ল
নব কিশলয় তহিঁ রাখি।
কুঙ্কুম ঘোরি চিত ভেল আকুল
হেরইতে থির থির আঁখি॥

তৈখনে মদন দ্বিগুণ তনু দগধল
জয় জয় শ্যামল চন্দ।
গোবিন্দদাস পহু সুবল করে ধরি
ঢল ঢল নয়ন-তরঙ্গ॥

ভূপালী।

কানুক দরশন ভেল।
সহচরী তুরিতহিঁ গেল॥
কানুক বচন শুনি ভোরি।
বেশ বনায়লি গোরী॥
প্রিয় সহচরী করি সঙ্গ।
বসন ভূষণ পরি অঙ্গ॥
নব নব নাগরী বালা।
যৈছন চান্দরি মালা॥
যাওত কত রত তানে।
রস রস রব তহি গানে॥
রসিক রমণী রসভাষ।
সঙ্গে চলু গোবিন্দদাস॥

সারঙ্গ।

বন মাহা কুসুম তোড়ি সব সখীগণ
সারস সমর করু তাহিঁ।
মারত বদন নেহারি কুসুমশর
শোহত সমরক মাহি॥
বো কত সমরক কেলি।
নওল কিশোর নবীন নব নাগরী
ললিতা বিশাখা সখী মেলি॥ধ্রু॥
মণিময় ভূষণ তনু তনু শোহন
রুণুঝুনু নূপুর বাজে।
গোবিন্দদাস কহ রমণী-শিরোমণি
জিতলি বিদগধরাজে॥

সারঙ্গ।

কাঞ্চন-বরন- কান্তি কলেবর
বিহরই সুরধনী-তীর।
তরুণ তরুণ তরু তরু হেরি তোড়ই
কুন্দ কুসুম করবীর॥
সমরয় সকল সখীগণ সঙ্গহি
সরস রভস রসে ভোর।
গজবরগমন গঞ্জি গতি মন্থর
গোপত গদাধর কোর॥
অপরূপ গোরাঙ্গ-রঙ্গ।
পূরব প্রেম পরমানন্দে পূরিত
পুলকপটলময় অঙ্গ॥ধ্রু॥
নিরুপম নদীয়া নগর পুর নিতিনিতি
নব নব করত বিলাস।
দীনে দয়া করু দুরিত দুঃখ হরু
কহতহি গোবিন্দদাস॥

গান্ধার।

সখীগণে কানু পুছত কতবার।
কোন চোরায়ল মুরলী হামার॥
মধুর মধুর কহে বিনোদিনী রাই।
কাঁহা পুন ছোড়ল কাঁহা পুন চাই॥
অব তুহু কৈছন করহ উপায়।
সবরসধন তুয়া কোন চোরায়॥
কাতর-নয়ানে নেহারই কান।
সখীগণ মোরে মুরলী দেহ দান॥
কর গহি মুরলী কুঞ্জগৃহ-মাঝ।
গোবিন্দদাস কহ যুবতী-সমাজ॥

বরাড়ী।

সব সখীগণ মেলি করল পয়াণ।
কৌতুকে কেলিকুণ্ড অবগান॥
জল মাহা পৈঠল সখীগণ মেলি।
দুহু জন সমর করত জলকেলি॥
বিজারল কুন্তল জরজর অঙ্গ।
গহন সমর দেই নাগর ভঙ্গ॥
সখিগণ বেঢ়ল শ্যামর চন্দ।
গোবিন্দদাস হেরি রহু ধন্ধ॥

তথা রাগ।

নাহি উঠল তীরে সবহু সখীগণ
নাগরী নাগর রায়।
বসন নিচোড়ি মোছই সব তনু
নব নব বেশ বানায়॥
বিনোদিনী বেশ করত বরকান।
চিকুর নিঙড়ি কবরী পুন বান্ধল
অলক তিলক নিরমাণ॥ধ্রু॥

সীঁথ বনাইয়া উরূপর লেখই
মৃগমদচিত্র নিশান।
রতিজয়রেখ চরণযুগ লেখই
আর কত বেশ বনান॥
কতহু যতন করি বসন পরায়ল
নূপুর দেয়ল রঙ্গে।
গোবিন্দদাস কহ ও রূপ হেরইতে
মূরছায় কতহুঁ অনঙ্গে॥

তথা রাগ।

রতন-থালী ভরি চিনি কদলী সব
আনলি রসবতী রাই।
শীতল কুঞ্জতল সুগন্ধ সুপরিমল
বৈঠল নাগর যাই॥
ভোজন করু ব্রজরায়।
বাসিতবারি সুকর্পূরতাম্বুল
সখীগণ দেওত বাড়ায়॥ধ্রু॥
অগোর চন্দন শ্যাম-অঙ্গে লেপন
বীজই কুসুমক বায়।
সখীগণ সঙ্গে বিহার করত দুহুঁ
গোবিন্দদাস বলি যায়॥

কামোদ-মল্লার।

ভানু-নন্দিনী নন্দ-নন্দন
রতন-মন্দির-মাহ রে।
কেলি-কুণ্ডক তীর শোভিত
কল্পতরু-দ্রুম-ছাহ রে॥
নীপতরুবর পলব ফুলভরে
পরশি বহু সব নীর রে।
ফুল্ল মালতী কমল-মাধুরী
বহই মন্দ সমীর রে॥
গায়ত অলিকুল সারী শুক পিক
সতত নাচত মোর রে।
রাই কানু দুহু দ্যূত খেলত
হার রাখত হোর রে॥ধ্রু॥
চৌদিগে বেঢ়ল সবহু সখীগণ
বসন ভূষণ সাজ রে।
যৈছে জলধরে উদিত সুধাকর
শোভিত উডুগণ মাঝ রে॥

রাই যব ধরি জিতল নাগর
পঞ্চদশ ডাকে দান রে।
কতহু রতিপতি উদিত ভৈ গেল
হেরি আকুল কান রে॥
শ্যাম চঞ্চল চুম্ব করইতে
করহি বারত গোরী রে।
রোখে লোচন- কমল কানু-মন-
ভৃঙ্গ কয়লহি চোরি রে॥
রাই জিতল হঠহি মাধব
ধরল রাইক হার রে।
রোখে ধনী পুন হার ধরইতে
টুটল দুহু করমাল রে॥
মদন-কলহে দুহুক ভঙ্গিম
হেরি সখীগণ হাস রে।
পুনহি খেলহ মান ধরি রহ
গাওত গোবিন্দদাস রে॥

কামোদ।

রাই কানু পাশা খেলে নিজ চিত্ত কুতূহলে
পণ কৈল সুরঙ্গ-রঙ্গিণী।
পহিলে গোবিন্দ জিনে বটু আনন্দিত মনে
বান্ধল সে রঙ্গিণী হরিণী॥
যুবদ্বন্দ্ব খেলে পুন মূরলী শারিকা পণ
দ্বিতীয়ে জিনিলা সুবদনী।
আনন্দে ললিতা ধাঞা কৃষ্ণকর হৈতে লৈয়া
লুকাইয়া রাখয়ে বংশী আনি॥
কৃষ্ণ রাধা পুনর্ব্বার খেলে পুন দুহুঁ হার
হেনকালে বটু মিথ্যা করি।
কৃষ্ণে উপদেশ দান জিনিবার অনুষ্ঠান
কহে কৃষ্ণ মার এই শারী॥
কলোক্তি শারিকা শুনি ভয়ে কহে দৈন্যবাণী
বৃক্ষশাখা আগে উড়ি যায়।
রাই কানু তাহা দেখি হৈয়া সকৌতুক সুখী
হাসে দুহুঁ আনন্দ হিয়ায়॥
চতুর্থে করিলা পণ নিজ সহচরগণ
রাধিকার জয় অনুমানি।
বটু সশঙ্কিত হৈয়া চালে পাশা ভয় পাঞা
গোবিন্দের হীন দান জানি॥

জিনিল জিনিল বলি এক পাশা কৈল চুরি
দেখি ক্রোধ করি সখীগণে।
বটুকে বন্ধন কাজে সব সখীগণ সাজে
অত্যন্ত কলহ তার সনে ॥

গৌরী।

সাঁঝসময়ে গৃহে আওত ব্রজসুত
যশোমতী আনন্দ চিত।
দীপ জ্বালি থালি পর করলহি আরতি
কতহিঁ গাওত গীত ॥
ঝলকত ও মুখচন্দ।
ব্রজরমণীগণ চৌদিকে বেড়ল
হেরইতে রতিপতি পড়লহি ধন্দ ॥ধ্রু॥
ঘণ্টা ঝাঁঝরী তাল মৃদঙ্গ বাজাওত
সখীগণ জয় জয়কার।
কুসুম বরিষত রমণীগণ হরষিত
আনন্দে জগজন নগর বাজার ॥
শ্যামর অঙ্গ মনোহর মুরতি
বনি বনমাল বিরাজ।
গোবিন্দদাস কহ ও রূপ হেরইতে
সংশয় জীবন যৌবনে পড়ু বাজ ॥

সিন্ধুড়া।

মন্দির বাহির স্থল অতি সুন্দর
তহি সাজায়ে অনুপাম।
বিচিত্র সিংহাসন রঙ্গ পটাম্বর
লম্বিত মুকুতা-দাম ॥
শোভা বনি অপরূপ।
গোপ গোয়াল সভাজন দ্বিজগণ
বৈঠল ব্রজক ভূপ ॥ধ্রু॥
কোই কোই গায়ত কোই বাজাওত
নাচত ধরতহি তাল।
কোই চামর লই বাজন করতহিঁ
উজোর দীপ রসাল ॥
কনক-সম্পুট পর কর্পূর তাম্বুল
চন্দ্র চন্দ্রাতপ সাজ।
গোবিন্দদাস ভণ অপরূপ শোহন
তাহি উপনীত রসরাজ ॥

সুহই।

অপরূপ মোহন শ্যাম।
কিশোর বয়স অনুপাম ॥ধ্রু॥
সভাজন মাঝে বৈঠল দোন ভাই।
সকল সভাজন চিত চোরাই ॥
হেরইতে অধিক অধিক পরকাশ।
চাঁদ-বদনে কত মধুরিম হাস ॥
নয়নযুগল নীলকমল সমান।
হেরইতে যুবতীর অথির পরাণ ॥
তিলক বিরাজিত ভাঙ বিভঙ্গ।
ফুলধনু করে লই মুরছে অনঙ্গ ॥
নিতি নিতি ঐছন করত বিলাস।
এক মুখে কি কহব গোবিন্দদাস ॥

নায়িকা।

শ্যামর অঙ্গ অনঙ্গ তরঙ্গিক
ললিতত্রিভঙ্গিমধারী।
ভাঙ বিভঙ্গিম বঙ্গিম চাহনি
বঙ্কিম নয়ন নেহারি ॥
রসবতী সঙ্গে রসিকবর রায়।
অপরূপ রাস- বিলাসে কলা-রসে
কত মনমথ মুরছায় ॥ধ্রু॥
কুসুমিত কেলি কদম্ব-কদম্বক
সুশোভিত শীতল ছায়।
বান্ধুলী বন্ধু মধুর অধরে ধরি
মোহন মুরলী বাজায় ॥
কামিনী কোটি নয়ন-নীল-উতপল
পরিপূরিত মুখচন্দ।
গোবিন্দদাস কহ ও পুনি রূপ নহ
জগ-মানস শশফন্দ ॥

কল্যাণী।

নীরদ নীল নয়ন নিন্দী নীরজ
নীকে নেহারণি ছন্দ।
নিরখিতে নিয়ড়ে নিতম্বিনী নিচোল
বিকসিত নীবিনিবন্ধ ॥
নাচত নন্দ-নন্দন নটরাজ।
নাগরী নারী নগরী বর নাগর
নিরুপম নটিনী সমাজ ॥ধ্রু॥

নলিনী-নাহ নন্দিনী নদী নিক
নিপ নিকুঞ্জনিবাসী।
নিতি নব যৌবনী নিধুবনালঙ্কৃত
নিভৃত নিবাদন বাঁশী॥
নামহি নাবী নিকেতনে না বহু
নৌতুন লেহ বিলাসে।
নিন্দহি নিজ নিজ নাহ না হেবয়ে
নিবমিত গোবিন্দদাসে॥

কেদার।

বহুল বাবিদ- বরণ বন্ধুব
বিজুরী বিলসিত বাস।
বিকচা বান্ধুলী বলিত বাবিজ
বদন বিম্ব পবকাশ॥
বিহবতি বৃন্দাবনে বনমালী।
বেঢ়ল বজবধূ- বৃন্দ বিমোহিত
বোলত বলি বলি হাবি॥ধ্রু।
বকুল বঞ্জুল বল্লীবলয়িত
বিলোলবর্হাবতংস।
বিমল ভূষণ বেশবাসিত
বেকত বাওত বংশ॥
বিশদ বাবণ বাহুবৈভব
বলয় বন্ধ নিবন্ধ।
বিবিধ বৈদগধী বচন বিবচন
বিবশ দাস গোবিন্দ॥

ললিত।

আনন্দ-নীর যতনে হরি বাবত
অলকা তিলক নিরমাই।
কুঞ্চিত লোচনে হরিমুখ হেরইতে
থবহবি কাঁপয়ে বাই॥
দেখ দেখি সখি বাধামাধব লেহ।
নাগবী-বেশ বনাওত নাগব
ভাবে অবশ দুহুঁ দেহ॥ধ্রু॥
কোবহি বাঁতি পুনহি হরি সাজত
পীন পয়োধব জোব।
শ্যামল কব পঙ্কজ-জলে ধোয়ল
মৃগমদ চিত উজোর॥
মবমক বোল কহত দুহুঁ আকুল
বোধল গদগদ ভাষ।
অধর বিলোকনে ইঙ্গিতে কি কহল
না বুঝল গোবিন্দদাস॥

সুহই।

আকুল কুটিল অলকাকুল সম্ববি।
সিঁথি বনাই বান্ধহ পুন কববী॥
তহি পুন দেহ সিন্দুবক বিন্দু।
কুঙ্কুমে মাজি সাজ মুখ-ইন্দু॥
এ হবি বতিবস অবসন সাব।
বিঘটিত বেশ বনাহ পুনবাব॥
কাজবে উজবোহ লোচন-ভ্রমরী।
শ্রুতি অবতংস কিশলয় চমবী॥
পীন পয়োধবে থিব কব চাপি।
মৃগমদে বঞ্জহ নখ পদ ঢাপি॥
বিগলিত কম্বু বলয়গণ মোব।
চবণে পিঁধায়হ নূপুব জোব॥
মেটল যাবক পদে পুন লেখ।
গোবিন্দদাস দেখউ পবতেক॥

ভূপালী।

এ ধনি এ ধনি কব অবধান।
কহ পুন কি কবব অনুচব কান॥
পহিলহি তোহাবি বচন পবমাণে।
কিশলয় সাজনু মদন শয়ানে॥
চন্দ্রক পবন সঘন অনু দেল।
যতিক্ষণে শ্রমজল সব দূবে গেল॥
বিগলিত চিকুব যতনে পুন সম্ববি।
বকুলমাল সঙ্গে বান্ধলু কববী॥
অঞ্জনে বঞ্জনু এ দুই নয়ান।
তাম্বুলে পূবল পঙ্কজ বয়ান॥
মৃগমদে লিখইতে উচ কুচ জোব।
কাঁপে চপল করপল্লব মোব॥
ইথে যদি রাখবি কাঞ্চন গোরি।
গোবিন্দদাস গুণ গাওবি তোরি॥

কামোদ।

ধনি ধনি রমণী-শিরোমণি রাই।

লোচন ওত করত নাহি মাধব
নিশি দিশি রস অবগাই ॥ধ্রু॥

করতলে কুঙ্কুমে ও মুখ মাজই
অলক তিলক লিখি ভোর।

সজল বিলোকনে ঘন ঘন হেরই
আকুল গদগদ বোল॥

লোচন খঞ্জন অঞ্জনে রঞ্জই
নব কুবলয় শ্রুতিমূল।

অতসী কুসুম সরি ললিত হৃদয়ে ধরি
কৃপণ হেম সমতুল॥

যাবক চিত চরণপর লেখই
মদন-পরাজয় পাত।

গোবিন্দদাস কহই ভালে কানুক
ভেলহু তার কত হাত॥

তথা রাগ।

রতিরস-অবশ অলস অতি ঘূর্ণিত
শুতলি নিভৃত-নিকুঞ্জে।

মধুলোভে ভ্রমর ভ্রমরীগণ ঝঙ্কর
বিকসিত ফল-ফুল পুঞ্জে॥

বিনোদিনী মাধব কোর।

তমালে বেঢ়ল জনু কনক-লতাবলী
দুহু রূপ অতি উজোর ॥ধ্রু॥

ভুজে ভুজে ছন্দ কন্ধ করি সুন্দরী
শ্যামর কোরে ঘুমায়।

রতি রস-আলসে দুহু তনু ঢর ঢর
প্রিয়সখী চামর ঢুলায়॥

সুবাসিত বারি ঝারি ভরি রাখত
মন্দিরে দুহুজন পাশ।

মন্দির নিকটে পদতলে শুতলি
সহচরী গোবিন্দদাস॥

বিভাষ।

নিশি অবশেষে কোকিল ঘন কুহরত
জাগল রসবতী রাই।

বানরানাদে চমকি উঠি বৈঠল
তুরিতঁহি শ্যাম জাগাই॥

শুন শুন রসনাগর কান।

তুরিতহি বেশ বনাও যতন করি
যামিনী ভেল অবসান ॥ধ্রু॥

সারী শুক পিক কপোত কুহরত
ময়ুর ময়ুরী করু নাদ।

নগরক লোক জাগি যব বৈঠব
তবহি পড়ব পরমাদ॥

গুরুজন পরিজন ননদিনী দুরজন
তুহু কি জানহ রীত।

গোবিন্দদাস কহ উঠি চল সুন্দরি
বিঘটন কানুক পিরীত॥

বিভাষ।

হরি নিজ আঁচরে রাইমুখ মোছই
কুঙ্কুমে তনু পুন মাজি।

অলকা তিলক দেই সাথি বনায়ই
চিকুরে কবরী পুন সাজি॥

সিন্দুর দেয়ল সীঁথে।

কতহু যতন করি উরপর লেখই
মৃগমদচিত্রক পাঁতে ॥ধ্রু॥

মণিমঞ্জীর চরণে পরায়লি
উপর পর দেওয়ল হার।

কপূর তাম্বুল. বদন ভরি দেওলি
নিছনি তনু আপনার॥

নয়নক অঞ্জন করলক সুরঞ্জন
চিবুকহি মৃগমদবিন্দ।

চরণকমলতলে যাবক লেখই
কি কহব দাস গোবিন্দ॥

ললিত।

চললহি মন্দিরে নওল কিশোরী।

হেরইতে হরিমুখ অলস বিলোকনে
চেতনরতন চোরায়লি গোরী॥

ঝামর বদন কানু ঘন চুম্বনে
পাতর ধূসর শশধর-কাঁতি।

চম্পকমালে ললিতকরে বারই
পরিমলে লুবধল মধুকর পাঁতি।

বিগলিত কেশ বেশ সব খণ্ডিত
নবপদ-মণ্ডিত হৃদয় নেহারি।
পীতবসন লই চমকি তনু কাঁপই
রস-আবেশে চলু চলই না পারি॥
লহু লহু হাস সম্ভাষই সহচরী
সচকিত নয়নহি দশ দিশ চাই।
গোবিন্দদাস কহ জনি জানয়ে
গুরুজন চলহ তুরিতে ঘরে যাই॥

তথা রাগ।

নিজ গৃহে শয়ন করিল যবে কান।
জননী জাগায়ত ভেল বিহান॥
আলস তেজি উঠহ যদুরায়।
আগত ভানু রজনী চলি যায়॥
প্রাতহি দোহ করত যদুচাঁদ।
তুরিতহি লেওল দোহন ছাঁদ॥
শয়ন উপেখি চলল বরকান।
নূপুরপাদে জাগাই পাঁচবাণ॥
নিকট গোঠ যব মিলল আয়।
গোবিন্দদাস মটকী লই ধায়॥

বিভাষ।

রজনী প্রভাতে চলল বররঙ্গিণী
নদী অবগাহন রঙ্গে।
বাসিত তৈল হলদি লই ধাইল,
প্রিয় সহচরী করি সঙ্গে॥
গজবর গতি জিনি, গমন গতি মন্থর
চাঁদ জিনিয়া মুখজ্যোতি।
কবরী বিরাজিত মণিময় সুরঞ্জিত
সীঁথে উজোরল মতি॥
নীলবসন মণি বলিয়া বিরাজিত
উচ কুচ কঞ্চুক ভার।
শ্রবণক টাট মণিময় হাটক
কণ্ঠে বিরাজিত হার॥
চরণ কমল-নখ রাতুল অতুল
ঝুন ঝুন নূপুর বাজ।
গোবিন্দদাস কহ ও রূপ হেরইতে
ভুলল বিদগধরাজ॥

ভাটিয়ারি।

বিপিনহি কেলি করল দুহু মেলি।
জল মাহা পৈঠি করল জলকেলি॥
নাহি উঠল দুহু মোছল অঙ্গ।
দুহু রূপ হেরইতে মুরছে অনঙ্গ॥
অঙ্গে করল দুহু নব নব বেশ।
কবরী বনায়ল বান্ধল কেশ॥
নিজ নিজ মন্দিরে করল পয়াণ।
গোবিন্দদাস দুহুকগুণ গান॥

তথা রাগ।

যশোমতী যতনে, সখী সঞে কহতহি
তুরিতে গমন কর তাই।
হামারি সন্দেশ কহবি তব গুরুজনে
আনবি রসবতী রাই॥
রতন থারী ভরিপূর।
বিবিধ মিঠাই ক্ষীর দধি শাকর
বহু উপহার মধুর॥ধ্রু॥
কর্পূর তাম্বুল হরি মনোহর
বাসিত চন্দন কোরি।
সহচরী থারী চীর দেই ঝাঁপল
গোবিন্দদাস মন ভোর॥

ধানশী।

শির পরি থারী যতন করি ধরলহি
রাইক মন্দিরে গেল।
যশোমতী বচন কহল সব গুরুজন
সো সব অনুমতি দেল॥
সুন্দরী সখীসঞে করল পয়াণ।
বসনপটাম্বরে ঝাঁপল সব তনু
কাজোরে উজোর নয়ান॥ধ্রু॥
দশনক জ্যোতি মোতি নহ সমতুল
হসইতে খসে মণি রসনি।
কাঞ্চন কিরণ বরণ নহ সমতুল
বচন জিনিয়া পিকবাণী॥
করপদতল থল- কমল-দলারুণ
মঞ্জীর রুণু ঝুনু বাজ।
গোবিন্দদাস কহ রমণী-শিরোমণি
জিতল মনমথরাজ॥

সুহই।

নিজ মন্দির তেজি চলল বররঙ্গিণী
নন্দমহল গৃহ মাহি।
ঝলকত অঙ্গ মণিময় ভূষণ
বদনক উপমা নাহি॥
যশোমতী নিরখি আনন্দ।
কত কত চাঁদ চরণে পড়ি কান্দয়ে
মনমথ লাগল ধন্দ॥ধ্রু॥
সুবাসিত অন্ন ব্যঞ্জন অতি সুমধুর
পাক করয়ে তহি গোই।
নিতি নিতি ঐছন করত গতাগতি
লখই না পার কোই॥
চন্দন ঘোরি কুঙ্কুম তহি রাখল
কর্পূর তাম্বুল মুখবাস।
সুবাসিত বারি ঝারি ভরি রাখল
কহতহিঁ গোবিন্দদাস॥

ভূপালী।

বিবিধ মিঠাই আঁচর ভরি দেল।
অলখিতে আওল অলখিতে গেল॥
নগরক লোক কোই লখই না পারি।
ঐছন গতাগতি করত সুকুমারী॥
বেশ বনাই কানু বলবীর।
গোধন লই চলু যমুনা-তীর॥
গোপ গোয়লা সঙ্গে করত ধার।
বেণু বিষাণ ঘোর ঘন রাব॥
সুবল সখা সঙ্গে করত বিলাস।
একমুখে কি কহব গোবিন্দদাস॥

সিন্ধুড়া।

ব্রজনিজগণ সঙ্গে কত কত ধাওত
আর কত কুলবতী নারী।
জয় জয়কার করত নববুজবধূ
কনককুম্ভ ভরি বারি॥
আনন্দ কো কর ওর।
রসবতী ঠাড়ে অট্টালিকা উপরে
দুহু দিঠি লুবধ চকোর॥ধ্রু॥
নয়নে নয়নে দুহু কত রস উপজল
দুহু মন ভৈ গেল ভোর।
প্রেম-রতন ধর দুহু দোঁহা পরাণ
দুহু-চিত দুহু করু চোর॥
চলইতে চরণে অথির নন্দ-নন্দন
শিথিল ভেল পীতবাস।
নিজ নিজ মন্দিরে সবহু পাওল
কহতহিঁ গোবিন্দদাস॥

শ্রীরাগ।

কানুক গোঠ গমনে বিরহাতুর
ধৈরয ধরই না পারি।
জগত যত জন সঙ্গহি ধাওল
আর যত কুলবতী নারী॥
সজনি দেখ দেখ ব্রজ-জন লেহা।
নয়নে নয়নে জল অঙ্গ পুলকাকুল
ভাবে অবশ ভেল দেহা॥ধ্রু॥
তিল এক বিরহ কলপ করি মানই
চিত্রপুত্তলী সম হেরি।
ব্রজ-কুল-নন্দন, কহত যতনে পুন
ঘরহি পাঠাওল ফেরি॥
কাতর অন্তরে নিজ নিজ মন্দির
সবজন করল পয়াণ।
সহচরী রাই লেই চলু মন্দিরে
গোবিন্দদাস পিছে যান॥

গান্ধার।

যতনহি রাই লেই চলু মন্দিরে
সখীগণ ধৈরয নাই।
রস-পরপার কহই করি চাতুরী
কানুক হৃদয় জানাই॥
সুন্দরী তিরোহিতে রহি শুন বাত।
অদভুত উনহিক প্রেম রস-মাধুরী
কতিহু কহই না যাত॥ ধ্রু॥
রাইক বিরহ অধিক করি মানই
উনহিক সুখ নিজ মান।
কেবল দেহ ভেদ পুন বুঝিয়ে
নহে পুন এক পরাণ॥
আনন্দ-বাত উঠায়ত পুন পুন
পুছত রজনী-বিলাস।
গহন-মদন-দুখ সবহু মিটায়ল
অনু গেও গোবিন্দদাস॥

সুহই।

নিজ মন্দিরে ধনী বৈঠল বিরহিণী
প্রিয়-সহচরী চাহি।
যাঁহা যদুনন্দন করত গো-চারণ
তুরিতে গমন করু তাহি ॥
সজনি ক্ষণেক বিলম্ব কর জানি।
সহচরী হাত মাথে ধরি সুন্দরী
বোলত মধুরিম বাণী ॥ধ্রু॥
বংশী-বট-তট কদম্ব-নিকটে
খোঁজবি ধীর সমীর।
সঙ্কেত-কেলি নিকুঞ্জ কুসুমবন
সুশীতল কুণ্ডক তীর ॥
কালিন্দী-পুলিন বৃন্দাবন ঘন
নিধুবনে কেলি-বিলাস।
কুঞ্জ নিকুঞ্জ-বন গোবর্দ্ধন কানন
সঙ্গে চলু গোবিন্দদাস ॥

বরাড়ী।

সখীগণ সঙ্গে চলল বর-রঙ্গিণী
ভানু আরাধন লাগি।
বহু উপহার যতন করি লেওল
গুরুজনে অনুমতি মাগি ॥
সুগন্ধি চন্দন নেল।
চিনি কদলী উপ- হার মনোহর
সখীগণ হাতহি দেল ॥
জয় জয়কার হুলাহুলি ঘন ঘন
শঙ্খ-শবদ ঘন ঘোর।
কেলি করত কত কোকিল কুহরত
নৃত্যত ময়ূরক জোর ॥
কুণ্ডক তীরে মিলল বরনাগরী
দুহু মুখ হেরি দুহু হাস।
গোবিন্দদাস পহু রসময় নাগর
নয়ন ইঙ্গিতে কত রস পরকাশ ॥
আন ছলে আন পথে গমন করল দুহু
সখীগণ বৈঠল কুঞ্জে।
সরস বসাল নবীন নব-মঞ্জরী
বিকসিত ফুলফলপুঞ্জে ॥
দুহু জন মিলন ভেল।
রসময় রসিক রমণী রসশেখর
বহুবিধ কৌতুক বোল ॥ধ্রু॥
মদন মহোদধি মদন দুহুক মন
ভুজে ভুজে বন্ধন ছন্দ।
তরুণ তমালে কিয়ে কনকলতাবলী
নব জলধরে জনু ঝাঁপল চন্দ ॥
দৃঢ় পরিরম্ভণে মগন দুহু জনে
ঘামবিন্দু মুখে সুন্দর জ্যোতি।
গোবিন্দদাস পহু রতিরণপণ্ডিত,
জলধরে যৈছে বিথারল মোতি ॥

গান্ধার।

শ্রমজলে ভিগল দুহুক শরীর।
তনু তনু লাগল পাতল চীর ॥
পূরল মনোরথ বৈঠল তাই।
বসন চুলায়ত রসবতী রাই ॥
রসময় নাগর রসবতী গোরী।
দুহু মুখ দরশনে দুহু ভেল ভোরি ॥
শুতল বিদগধ নাগর-রায়।
রতিরসে মগন ভোরি নিদ যায় ॥
সব সখীগণ মিলি বিনোদিনী রাই।
কর সনে মুরলী যতনে চোরাই ॥
পল এক জাগি বৈঠল পীতবাস।
জল-সেবন করু গোবিন্দদাস ॥

গৌরী।

বদন নিছই মোছি মুখমণ্ডল
বোলত সুমধুর বাণী।
বেলি অবসানে তুরিতে নাহি আওলি
তুয়া লাগি বিকল পরাণী ॥
নন্দন করে ধরি রাণী।
কতহু যতন করি যশোমতী সুন্দরী
মন্দিরে বৈসায়ল আনি ॥ধ্রু॥
সুবাসিত তৈল সুশীতল জল দেই
মাজল যতনহি অঙ্গ।
কুন্তল মাজি সাজি পুন বান্ধল
চূড় শিখণ্ডক রঙ্গ ॥
মৃগমদ চন্দন অঙ্গে বিলেপন
যতনে পিন্ধায়ল বাস।
বাসিত কুসুম হার উরে লম্বিত
কি কহব গোবিন্দদাস ॥

তথা রাগ।

কতহু যতন করি বাই সুনাগরী
কয়লহি বহু উপহার।
কনক থারী ভরি চিনি কদলী সব
চন্দন মনোহর মার॥
প্রিয় সহচরী হাতে দেল।
তুরিতেহি নন্দ- মহল মাহা মিলল
যশোমতী আগে লই গেল॥ধ্রু॥
বিবিধ মিঠাই যতন করি লেয়ল
চিনি কদলী উপহার।
ক্ষীর সর নবনীত দধি ক্ষীর শাকর
বহুবিধ রস পরকার॥
ভোজন করায়ল বহু সুখ পাওল
কর্পূর তাম্বুল দেল।
যো কিছু অবশেষ রহল থারী পর
গোবিন্দদাস লই গেল॥

ভূপালী।

নিজ গৃহে শয়ন করিল যদুরায়।
সব জন নিজ নিজ গৃহে চলি যায়॥
নন্দরাজ তব ভোজন কেল।
নিজ নিজ মন্দিরে সবে চলি গেল॥
নগরক লোক সব নিশবদ ভেল।
সচরাচর সব যো যাহাঁ গেল॥
ময়ূর ময়ূরীগণ ঘন দেই নাদ।
গোবিন্দদাস কহ শুনি উনমাদ॥

তথা রাগ।

কানন-কুঞ্জে কুসুম পরকাশ।
শারী-শুক-পিক-মধুরিম-ভাষ॥
গুঞ্জত ভ্রমর ভ্রমরী উতরোল।
মধুলোভে মাতল আনন্দে ভোল॥
তহি গমন করু বিদগধরাজ।
রণঝন কিঙ্কিণী নূপুর বাজ॥
ধ্বনি ধ্বনি বৈঠল নিভৃত-নিকুঞ্জে।
শেজ বিছায়ল কিশলয়পুঞ্জে॥
পথ হেরি আকুল বিকল পরাণ।
অবহু না সুন্দরী করল পয়াণ॥
অন্তরে মদন করল পরকাশ।
চৌদিকে হেরত গোবিন্দদাস॥

কেদার।

গুরুজন পরিজন ঘুমাওল জান।
সময় জানি ধনী করিয়া পয়াণ॥
নিভৃত-নিকুঞ্জে মিলল বরকান।
দারুণ মদন পাওল সমাধান॥
দুহু অধরামৃত দুহু করু পান।
চাঁদে চকোর জনু মিলল নয়ান॥
তনু তনু মিলল পরাণে পরাণ।
গোবিন্দদাস নিগূঢ় রস গান॥

কেদার।

সখিগণ মেলি করত কত রঙ্গ।
কত রস গাওত নয়নক ভঙ্গ॥
কেহ কেহ নাচত কেহ ধরে তাল।
কোই বাজাওত যন্ত্র রসাল॥
নাগর নাগরী দুহু ভেল ভোর।
হরখি হরখি সখিগণ করু কোর॥
বাঢ়ল প্রেম সব সখী জানি।
কুসুম শেজ বিছায়ল আনি॥
নাগর নাগরী বৈঠল তায়।
সখীগণ আন ছলে আন থলে যায়॥
নিতি নিতি ঐছন রস পরকাশ।
চরণ সেবন করু গোবিন্দদাস॥

গান্ধার।

রাধা মাধব দুহু তনু মিলল
উপজল আনন্দকন্দ।
কনকলতায় তমাল জনু বেঢ়ল
রাহু গরাসল চন্দ॥
যৈছনে কমলে ভ্রমরা বহু মাতি।
জলদে বেঢ়ল জনু তড়িত লতাবলি
রতি-পতি বিদরয়ে ছাতি॥
নীলমণি রতন কাঞ্চনে জনু বেঢ়ল
ঝামর ভেল মুখ জ্যোতি॥
শ্রমভরে স্বেদ বিন্দু বিন্দু চোয়ত
যৈছন জলদে বিথারল মোতি॥

নারী পুরুষ দুহু লখই না পারিয়ে
অপরূপ দুহু জন রঙ্গ।
গোবিন্দদাস কহ নিতি নিতি ঐছন
উপজয়ে রস-পরসঙ্গ॥

তথা রাগ।

নিরমল রতি বৈঠল দুহু জন
মোচই দুহুঁ মুখচন্দ।
দুহুঁ জন বদনে তাম্বুল দুহু দেয়ল
বসন ঢুলায়ত মন্দ॥
দুহু মুখ দুহু রহি চাই।
আহা মরি বলিয়া বদন ঘন চুম্বই
দুহু দুহু তনু বিলুঠাই॥ধ্রু॥
নীলপীত বসনে শোভিত ভেল দুহু তনু
মণিময় আভরণ সাজ।
যৈছন রসিক রমণী রস-নাগরী
তৈছন বিদগধ-রাজ॥
কহহুঁ যতন করি বিহি নিরমায়ল
দুহুঁ তনু একই পরাণ।
বিকসিত কুসুম শোভিত নবপল্লব
গোবিন্দদাস পরমাণ॥

বিভাষ।

বেশ বনাই বদন পুন হেরই
পদে পড় বারহি বার।
ঢর ঢর লোর চরকি পড়ু লোচনে
নিজ তনু নহে আপনার॥
সুন্দরী কোরে আগোরোল কান।
দেহ বিদায় মন্দিরে হাম যাওব
দিনকর করত পয়াণ॥ধ্রু॥
কানুক চিত থির করি সুন্দরী
কুঞ্জকি বাহির ভেল।
বসনহিঁ ঝাঁপি অঙ্গ মণি-মঞ্জীর
নিজ মন্দিরে চলি গেল॥
রতন-পালঙ্ক পর বৈঠল রসবতী
সখিগণ ফুকরই চাই।
রজনী পোহায়ল গুরুজন জাগল
গোবিন্দদাস বলি যাই॥

ভাটিয়ারী।

কীরক মুখে শুনি জরতী-আগমন
বলু সবে রবিক মন্দিরে।
গন্ধমাল্য বর ষোড়শ উপচার
আর কত কত উপহারে॥
দেখ বিপ্র-বেশ ধর শ্যাম।
জরতীক আগে যাই কহই শুন
বিশ্বকর্ম্ম মঝু নাম॥ধ্রু॥
সো শ্যাম বচন মূরতি হেরি তৈখন
পরণাম করি কহে সোই।
ধৈরয প্রকৃতি দেখি চিতে লাগল
অতয়ে বরণ কৈনু তোয়॥
নিতি নিতি আসি পূজাসবি সুরদেব
দেয়বি শুভ-বর যোই।
গোধন রতন পূরণ মঝু সুতক
মধুক সতিগণ হোই॥
শ্যাম কহত তব ঐছন হোয়ব
পূজবি পশুপতি সুর।
রজনী দিন মাহা নিতি পূজায়ত
তবহি মনোরথ পূর॥
পুনহি কহত উহ ঐছন হোয়ব
তেজীয়ান তুহু ব্রহ্মচারী।
শুনি এত বচন চাহে পুন আনন
মনহি হাসই ব্রজনারী॥
নানাবিধ বরণ পূজন করি কতক্ষণ
আর কত কত বর রঙ্গ।
যোই করত সোই প্রেমক সঙ্গীত
অতয়ে নহত তছু ভঙ্গ॥
বেলি অবসান হেরি সবে আকুল
গমন-করল নিজ গেহ।
গোবিন্দদাস কহ আপন বশ নহ
বিরহে অবশ সব দেহ॥

তথা রাগ।

তহি সুপমন করল রস-রঙ্গিণী
সখিগণ সঙ্গহি মেলি।
তহি জয়-শঙ্খ হুলাহুলি ঘন ঘন
ভানু-আরাধন কেলি॥

দ্বিজবর বিদগধরাজ।
সুবাসিত কুঙ্কুম সুগন্ধি চন্দন
কর্পূর পূর করু সাজ ॥ধ্রু॥
বহু উপভোগ তাম্বুল আদি দেওল
চিনি কদলক ফুল হার।
সুবাসিত বারি ক্ষীর দধি শাকর
সেবন বহু পরকার॥
কুসুম অঞ্জলি দেওল সখী মেলি
আনন্দে কো করু ওর।
গিরিবর কনক- লতাবলী বেঢ়ল
গোবিন্দদাস মন ভোর॥

তথা রাগ।

সখিগণ মেলি বরল জয়কার।
শ্যামর অঙ্গে দেয়ল ফুলহার॥
নিজ মন্দিরে ধনী করল শয়ান।
রস নাহা গমন করল বর-কান॥
সখিগণ সঙ্গে রঙ্গে চলু গোরী।
মণিময় ভূষণ অঙ্গে উজোরি॥
শঙ্খ-শব্দ ঘন জয় জয়কার।
সুন্দর বদন কবরী কুচভার॥
হেরি মদন কত পরাভব পান।
গোবিন্দদাস দুহুঁক রস গান॥

পূরবী।

নিজ মন্দিরে যাই বৈঠল রসবতী
গুরুজন নিরখি আনন্দ।
শিরীষ কুসুম জিনি তনু অতি সুকোমল
ঢল ঢল ও মুখচন্দ॥
নিতি নিতি ঐছন রীত।
রসবতী রসিক মনোহর নাগরী
অপরূপ দুহুঁক চরিত ॥ধ্রু॥
বিবিধ মিঠাই থারী ভরি পূরিত
ভোজন করতহিঁ গোরী।
কর্পূর তাম্বুল বদন পরিপূরিত
কুঙ্কুম চন্দন বোরি॥
নিজ-গৃহ-কাজ সমাপল সখিগণ
গুরুজন সেবন কেল।
গোবিন্দদাস দীপ তহিঁ সাজাওল
রেনি অবসান ভৈ গেল॥

ধানশী।

আজু লো শিঙ্গারে ধনী বৈ চলু বালা।
যুবজন-হৃদয়ে কুসুম-শর জ্বালা॥
হাসি দেখাওয়ে মুখ দশনক জোতি।
পঙারক মাঝে গাঁথল গজমোতি॥
চাঁচর চিকুর উলটি উরে পড়ই।
জনু কনয়াগিরি চামরে ঢরই॥
চঞ্চল কুটিল দিঠে হেরই বাট।
বিকচ কমলে জনু খঞ্জন-নাট॥
যৌবন-মদে গতি মন্থর ভাতি।
জনু মত্ত কুঞ্জরগতি মদে মাতি॥
মিলল কুঞ্জে ধনী নাগর-পাশ।
হেরত আনন্দে গোবিন্দদাস॥

কেদার।

অপরূপ গোরা নটরাজ।
প্রকট প্রেম বিনোদ নব নাগর
বিহরই নবদ্বীপমাঝ ॥ধ্রু॥
কুটিল কুন্তল গন্ধ পরিমল
চন্দন তিলক ললাটে।
হেরি কুলবতী লাজ মন্দির
দুয়ারে দেওল কপাটে॥
অধর-বান্ধুলী বন্ধু বন্ধুর
মধুর বচন রসাল।
কুন্দ হাস প্রকাশ সুন্দর
ইন্দু-মুখ উজিয়ার॥
করিবর জিনি বাহু সুবলনি
দোসরি গজমতি-হার।
সুমেরু শিখর উপরে যৈছন
বহই সুরধুনীধার॥
রাতুল চরণ যুগল পেখলু
নখর বিধুমণি জোর।
সৌরভে আকুল মত্ত অলিকুল
গোবিন্দদাস মন ভোর।

প্রার্থনা

শ্রীকৃষ্ণচৈতন্য বলরাম নিত্যানন্দ
পারিষদ সঙ্গে অবতার।
গোলোকের প্রেম ধন সবারে যাচিয়া দিল
না লইনু মুঞি দুরাচার ॥
আরে পামর মন বড় শেল রহিল মরমে।
হেন সঙ্কীর্ত্তন-রসে ত্রিভুবন মাতল
বঞ্চিত মো হেন অধমে ॥ধ্রু॥
শ্রীগুরু-বৈষ্ণব-পদ কল্পতরু-ছায়া পাঞা
সব জীব তাপ পাসরিল।
মুঞি অভাগিয়া বিষ বিষয়ে মাতিয়া রৈনু
হেন যুগে নিস্তার না হৈল ॥
আগুনে পুড়িয়া মরোঁ জলে পরবেশ করো
বিষ খাঞা মর মো পাপীয়া।
এইমত করি যদি মরণ না করে বিধি
প্রাণ রহে কি সুখ লাগিয়া ॥
এ হেন গৌরাঙ্গগুণ না করিলাম শ্রবণ
হায় হায় করিয়ে হুতাশ।
হরে কৃষ্ণ মহামন্ত্র মুখ ভরি না লইলাম
জীবন্মৃত গোবিন্দদাস ॥

পাহিড়া।

হরি হরি বড় দুঃখ রহল মরমে।
গোরাকীর্ত্তন-রসে জগজন মাতল
বঞ্চিত মো হেন অধমে ॥ধ্রু॥
ব্রজেন্দ্র-নন্দন যেই শচী-সুত হৈল সেই
বলরাম হইল নিতাই।
দীন হীন যত ছিল হরিনামে উদ্ধারিল
তার সাক্ষী জগাই মাধাই ॥
হেন প্রভুর শ্রীচরণে রতি না জন্মিল কেনে
না ভজিলাম হেন অবতার।
দারুণ বিষম-বিষে সতত মজিয়া কৈছে
মুখে দিনু জলন্ত অঙ্গার ॥
এমন দয়াল দাতা আর না পাইব কোথা
পাইয়া হেলায় হারাইনু।
গোবিন্দদাস কয় অনলে পড়িনু নয়
সহজেই আত্মঘাত হৈনু ॥

ধানশী।

ভজহুঁ রে মন নন্দনন্দন
অভয় চরণারবিন্দ রে।
দুলহ মানুষ জনম সৎসঙ্গে
তরহ এ ভবসিন্ধু রে ॥
শীত আতপ বাত বরিখ
এ দিন যামিনী জাগি রে।
বিফল সেবিনু কৃপণ দুর্জ্জন
চপহ সুখলব লাগি রে ॥
এ ধন যৌবন পুত্র পরিজন
ইথে কি আছে পরতীত রে।
কমল-দল-জল জীবন টলমল
ভজহুঁ হরিপদ নিত রে ॥
শ্রবণ কীর্ত্তন স্মরণ বন্দন
পাদ-সেবন-দাসী।
পূজন সখীজন আত্ম-নিবেদন
গোবিন্দদাস অভিলাষী ॥

সম্পূর্ণ

MAHARAJA BIR BIKRAM COLLEGE
LIBRARY.
Agartala.